




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৬৯ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com







JAGARAN ■ 22 April, 2023 ■ আগরতলা ২২ এপ্রিল, ২০২৩ ইং ■ ৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## দাবদাহে দগ্ধ জীবনে শীলা বৃষ্টির পরশ

# কালবৈশাখীর ঝড়ে বহু গাছ ভূপাতিত রাজ্যে বিদ্যুৎ বিপর্যয়, ফসলের ব্যাপক ক্ষতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা/ কল্যাণপুর/ তেলিয়ামুড়া, ২১ এপ্রিল।।** প্রচন্ড গরমে মানুষের নাভিশ্বাস উঠে যাওয়ার পর আজ মিলিয়ে প্রাক বর্ষা আজ ত্রিপুরার আবহাওয়াকে মনোরম করে তুলেছে। তবে, কালবৈশাখীর ঝড়ে কিছু ক্ষয়ক্ষতিও হয়েছে। মুষলধারে বৃষ্টিপাতে জনজীবনে কিছুটা ছন্দপতন ঘটেছে ঠিকই। তবে, মানুষ এই পরিস্থিতিকে অনেকটাই



তেলিয়ামুড়ায় ভেঙ্গে পড়ল শত বর্ষ পুরনো বটগাছ। ছবি নিজস্ব।

বৃষ্টিতে অনেকটাই স্বস্তি পেয়েছেন ত্রিপুরাবাসী। সারা রাজ্যে বৃষ্টিপাতের সাথে বজ্রপাতও হয়েছে। সাথে ছিল শিলাবৃষ্টি। সব

আজ শুক্রবার সকাল থেকেই আকাশ আংশিক মেঘাচ্ছন্ন ছিল। দুপুরের পর বৃষ্টি শুরু হয়েছে। ত্রিপুরার আট জেলাতেই বৃষ্টিপাত উপভোগ করেছেন। কারণ, গত কয়েকদিনে প্রচন্ড গরমে মানুষের নাভিশ্বাস উঠে গিয়েছিল।

আবহাওয়া দফতর জানিয়েছে, আগামীকালও ত্রিপুরায় হাল্কা ও মাঝারি বৃষ্টিপাত হবে। ফলে, ঈদের আনন্দে ভ্যাপসা গরমের ছাপ পরবে না বলেই মনে করা হচ্ছে।

আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৬.৭ ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৫.৩ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল সর্বোচ্চ ৩৪ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা হবে বলে আবহাওয়া পূর্বাভাসে জানানো হয়েছে।

এদিকে, শুক্রবার এর দুপুরের কালবৈশাখীতে লন্ডভন্ড খোয়াই জেলার অন্যান্য স্থানের মতো কল্যাণপুরও। বিশেষ প্রভাব পড়েছে বিদ্যুৎ পরিষেবায়। দুপুর থেকে সংবাদ লেখা অব্দি বিদ্যুৎ হীন কল্যাণপুরের তিনটি ফিডার। নিগমের ডেপুটি জেনারেল ম্যানেজার দীপক মন্ডল জানালেন দুপুর ☞ ৬ এর পাতায় দেখুন

# পেঁচারথল, ধর্মনগর ও কৈলাসহর রেল সংযোগ দ্রুত স্থাপনের নির্দেশ রেলমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** পেঁচারথল, ধর্মনগর ও কৈলাসহর রেল সংযোগ স্থাপনে দ্রুত পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। শুক্রবার সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে এমনটাই জানালেন ত্রিপুরার পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী। তারঁ দাবি, এই রেলপথ নির্মাণ প্রকল্পে কেন্দ্র ১৮৫৫ কোটি টাকা রেলওয়ে বোর্ডের কাছে পাঠিয়েছে। সাথে তিনি যোগ করেন, আগরতলা রেলওয়ে স্টেশনকে আন্তর্জাতিকমানে রূপান্তরে ভিত্তি প্রস্থর স্থাপনে আসছেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব।

এদিন সুশান্ত চৌধুরী আশা প্রকাশ করে বলেন, আগরতলা রেলওয়ে স্টেশনকে আন্তর্জাতিক মানের রূপান্তর করার জন্য জুলাই মাসে কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব রাজ্য সফর করবেন। ওই সফরে তিনি আগরতলা রেলওয়ে স্টেশনের আন্তর্জাতিকমানে রূপান্তরের ভিত্তি প্রস্থর স্থাপন করবেন।

পরিবহণ মন্ত্রী বলেন, বাধারঘাটে আগরতলা রেলওয়ে স্টেশনে এসকেলেটর সহ অত্যাধুনিক সুবিধা যুক্ত করে আন্তর্জাতিক মানে রূপান্তরের জন্য কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে একটি প্রস্তাব পাঠানো হয়েছে। এ—সংক্রান্ত বিস্তারিত রিপোর্ট কনসালটেন্সি ফার্ম এবং নর্থইস্ট ফ্রন্টিয়ার রেলওয়ে(এনএফআর) তত্ত্বাবধানে ২৪ লক্ষ টাকা ব্যয়ে তৈরি করা হয়েছে। সাথে তিনি যোগ করেন, বিলোনিয়া থেকে ফেনী পর্যন্ত রেললাইন নির্মাণের বিষয়েও রেল মন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে।

এদিন পরিবহণ মন্ত্রী দাবি করেন, আগরতলা-আখাউড়া নতুন রেল সংযোগ প্রকল্পের নির্মাণ কাজ আগামী সেপ্টেম্বরের মধ্যে সমাপ্ত হবে এবং বাংলাদেশের মাধ্যমে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর সাথে ব্যবসা-বাণিজ্যের দ্বার খুলবে। এদিন তিনি কটাক্ষ করে বলেন, সিপিএমের নেতৃত্বাধীন বামফ্রন্ট সরকারের শাসনব্যবস্থায় সাধারণ মানুষকে সর্বদা বোকা বানানো হয়েছিল। ☞ ৬ এর পাতায় দেখুন

## স্বস্তির বর্ষণ



তীব্র দাবদাহের পর শুক্রবার দুপুরের স্বস্তির বৃষ্টি। আগরতলায় তোলা নিজস্ব ছবি।

## জলে ডুবে শিশুর মর্মান্তিক মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** জলে ডুবে চার বছরের শিশু কন্যার মর্মান্তিক মৃত্যু হয়েছে। শুক্রবার দুপুর ১টা নাগাদ সাব্রুম থানাধীন বেতাগা এলাকায় সুবল পাড়ায় ওই ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে।

জানা গেছে, বাড়ির মানুষের অনুপস্থিতিতে জয় মোহন ত্রিপুরার বছর চারেকের কন্যা আরোশি ত্রিপুরার জলের ট্যাংকে পরে মৃত্যু হয়েছে। তাঁর মা বাড়ি ফিরে মেয়েকে জলের ট্যাংকে ভেসে থাকতে দেখেন। সঙ্গে সঙ্গে তাঁকে সাব্রুম মহকুমা হাসপাতালে নেওয়া হলেও কর্তব্যরত চিকিৎসক আরোশিকে মৃত বলে ঘোষণা দেন। ফুটফুটে শিশুটির মর্মান্তিক মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

## পঞ্চায়েত সচিব নিয়মিত আসেন না, রাগে অফিসে তালা দিলেন জনগণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** পশ্চিম সাতনালা পঞ্চায়েত সচিবের উপর অভিযোগ তুলে গ্রামবাসীরা তালা দিলেন পঞ্চায়েত সচিবের অফিস কক্ষে।।দীর্ঘ কয়েক মাস ধরে পশ্চিম সাতনালা পঞ্চায়ে অফিসের পঞ্চায়েত সচিব তার কর্মস্থলের আসেননি। বাড়িতে বসেই সরকারি বেতন নিচ্ছেন গুনে গুনে।

গ্রামবাসীরা হয়রানীর শিকার। সঠিক পরিষেবা পাচ্ছেন না পঞ্চায়েত সচিবের কাছে থেকে। দীর্ঘ আট মাস আগে গ্রামের মানুষেরা জন্ম মৃত্যুর প্রমাণপত্র সংগ্রহ করতে পঞ্চায়েত সচিবের নিকট লিখিত আবেদন জমা করলে এখন পর্যন্ত জন্ম মৃত্যুর প্রমাণপত্র সংগ্রহ করতে পারেননি। এমন কি জানা গিয়েছে যে গ্রামবাসীদের দেওয়া আবেদনপত্র পর্যন্ত হারিয়ে ফেলেছেন পঞ্চায়েত সচিব। বৃহস্পতিবার গ্রামবাসীরা অতিষ্ঠ হয়ে তালা দিলেন পঞ্চায়েত সচিবের অফিসকক্ষে।এই ঘটনার খবর পেয়ে তড়িঘড়ি করে দশদা আরডি ব্লকের কর্তৃপক্ষরা আসেন পঞ্চায়েত অফিসে। গ্রামবাসীদের লিখিত দিয়ে জানান এক সপ্তাহের মধ্যে প্রত্যেকের প্রয়োজনীয় নথিপত্র তৈরি করে দেওয়া হবে। এই আশ্বাস পেয়ে তালা খুলে দিয়ে অবরোধ প্রত্যাহার করে নেন গ্রামবাসীরা।

## বিভিন্ন স্থানে প্রচুর ব্রাউন সুগার উদ্ধার মহিলা সহ ধৃত সাত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা/ তেলিয়ামুড়া/ চড়িলাম, ২১ এপ্রিল।।** গোপন সংবাদের ভিত্তিতে নেশা বিরোধী অভিযান চালিয়ে সাফল্য পেল এনসিসি থানার পুলিশ। ব্রাউন সুগার সহ আটক এক মহিলা ও দুই যুবক।

এন.সি.সি থানার ওসি জানান গোপন সংবাদের ভিত্তিতে ওনারা জানতে পারেন গোয়ালা বস্তি এলাকার বাসিন্দা কালা দেবীর বাড়িতে ব্রাউন সুগার আদান প্রদান হচ্ছে। সেই মোতাবেক কালা দেবির বাড়িতে অভিযান চালানো হয়। এই অভিযানে বেশকিছু ব্রাউন সুগার, ব্রাউন সুগারের খালি কৌটা এবং নগদ ১৭৪০ টাকা উদ্ধার হয়। আটক করা হয় বাড়ির মালিক কালা দেবি সহ আরও দুই যুবককে। ধৃত অপর ☞ ৬ এর পাতায় দেখুন

## নাশকতার আগুনে পুড়ে ছাঁই পোলট্রি ফার্ম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** নাশকতামূলক অগ্নিকাণ্ডে পুড়ে ছাই একটি পোল্ট্রি ফার্ম। আগুনে পুড়লো বহু মোরগ। ক্ষতির পরিমান প্রায় দুই লক্ষ টাকা। এই নাশকতামূলক অগ্নিকাণ্ডে সর্বহারা হলো একটি পরিবার। ঘটনাটি ঘটে বৃহস্পতিবার। গন্ডাছড়া মহকুমার উত্তর গন্ডাছড়া এ ডি সি ভিলেজের অন্তর্গত হরিপুর গ্রামের ব্লকটিলার বাসিন্দা সুভাষ রায়। সুভাষ রায় একজন দিন মুজুর।

দিন মুজুরির পাশাপাশি নিজ বাড়ীর পাশেই একটি ফার্ম তৈরী করে পোল্ট্রি মোরগ পালন করতেন সুভাষ রায়। এতেই কোন রকমে সংসার চলতো তার। বৃহস্পতিবার সন্ধ্যার কিছুক্ষন আগে হঠাৎই পোল্ট্রি ফার্মে আগুন দেখতে পায় বাড়ীর লোকজন। আগুন আগুন চিৎকারে প্রতিবেশীরা ছুটে এসে আগুন নেভানোর কাজে হাত লাগায়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে দমকল কর্মীরা।

বেশ কিছুক্ষন পর আগুন আয়ত্বে আসে। আগুনে ফার্মে থাকা তিনশোটি মোরগ পুড়ে ছাই হয়ে যায়। ক্ষতির পরিমান প্রায় দুই লক্ষ টাকা। প্রসঙ্গত কয়েক সপ্তাহ পূর্বে ঘরের চাল থেকে পড়ে সুভাষ রায়ের ডান পা ভেঙে যায়। তিনি এখন ঘর বন্দী প্রায়। এই নাশকতামূলক অগ্নিকাণ্ডে প্রায় সর্বহারা সুভাষ রায়ের পরিবার।

# ক্ষমতা দখলের লোভে বিধানসভা নির্বাচনে শত্রু কংগ্রেসের সাথে হাত মিলিয়েছে সিপিএম ঃ বিজেপি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** ত্রিপুরায় ক্ষমতা দখলের লোভে বিধানসভা নির্বাচনে শত্রু কংগ্রেসের সাথে হাত মিলিয়েছে সিপিএম। কংগ্রেসের কালো শাসনই টানা ২৫ বছর রাজত্ব করার হাতিয়ার ছিল বামেদের। ওই কংগ্রেসের বিরুদ্ধে আওয়াজ তুলে শাসন করে গেছে সিপিএম। আজ সাংবাদিক সম্মেলনে এভাবেই সিপিএমের বিরুদ্ধে সুর চড়ালেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য্য।

এদিন তিনি বিগত ২৫ বছরে সিপিএমের শাসনকালে নির্বাচনোত্তর সন্ত্রাস নিয়েও তোপ দাগেন। তাছাড়া, সিপিআইএম রাজ্য সম্পাদক জীতেন্দ্র চৌধুরী ত্রিপুরায় নির্বাচনোত্তর সন্ত্রাস জারি রয়েছে বলে যে অভিযোগ তুলেছিলেন তার তীব্র প্রতিবাদ জানিয়েছেন।

তাঁর দাবি, গত নির্বাচনের পর বিজেপি সমস্ত কর্মী সর্মথকদের ভোটের ফলাফল ঘোষণা পর সন্ত্রাস সংঘটিত না করতে নির্দেশ দিয়েছিল। তারপরও বিরোধী দলের কর্মীরা বিজেপির কর্মী সর্মথকদের উপর হামলা চালিয়েছে, বাড়ি ঘর ভাঙচুর করেছে।

তারঁ কটাক্ষ, কমিউনিস্টরা জনজাতি অংশের মানুষদের কখনো বিকাশ চায়নি। বাম আমলে মহারাজা বীর বিক্রম মানিক্যকে ভুলে গিয়েছিল সিপিএম। অথচ বিজেপি সরকারের শাসনকালে আগরতলা বিমানবন্দর মহারাজার নামে উৎসর্গ করা হয়েছে। তাঁর কথায়, সিপিএম জনজাতিদের নিয়ে রাজনীতি করছে। কিন্তু বিজেপি সরকার তা করেনি। বিজেপি সরকার টিটিএএডিসি-র আসন সংখ্যা বৃদ্ধি করার জন্য সংসদের অনুমোদনের জন্য পাঠিয়েছে।

সাথে তিনি যোগ করেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনজাতিদের বিকাশে ১৮টি একলব্য বিদ্যালয় উপহার দিয়েছেন, যার মধ্যে ১০টি বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। তাই জনজাতি অংশের মানুষ ২০২৩ বিধানসভা নির্বাচনে বিজেপিকে বেছে নিয়েছে।

## কাঞ্চনপুরে নিখোঁজ গৃহবধূ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** নগদ অর্থ নিয়ে নিখোঁজ গৃহবধু, সন্ধানে স্বামী। ঘটনা কাঞ্চনপুরের রাধামাধবপুর এলাকায়। তিন সন্তান ও স্বামীকে ফেলে রেখে নগদ ২৫ হাজার টাকা নিয়ে বড়হলদি রাধামাধবপুর এলাকার গোলাপি দাস নামের এক গৃহবধূ নিখোঁজ।

স্বামী বাদল দাস গৃহবধূর বাপের বাড়ি সহ আত্মীয় পরিজনদের বাড়িতে খোঁজ খবর নিয়ে পায়নি স্ত্রীকে। এই নিখোঁজের ঘটনাটি আনুমানিক আড়াই মাস আগে ঘটেছে। স্বামী বাদল দাস স্ত্রীকে না পেয়ে বুধবার সন্ধ্যারাতে কাঞ্চনপুর থানায় নিখোঁজ ডায়েরি করেন। অভিযোগ পেয়ে পুলিশ গৃহবধুর তদন্তে। তবে গৃহবধূ গোলাপি দাস এর আগেও নিখোঁজ হয়েছেন ☞ ৬ এর পাতায় দেখুন

# রাজ্যে আরও তিনজন করোনা আক্রান্ত, সক্রিয় রোগী বেড়ে ১৮

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** সারা দেশের পাল্লা দিয়ে ত্রিপুরাতেও করোনার সংক্রমণ বেড়েই চলেছে। স্বাভাবিকভাবেই, এই পরিস্থিতি সকলকে চিন্তায় রেখেছে। নতুন করে ত্রিপুরায় আরও তিনজনের দেহে করোনার সংক্রমণ মিলেছে। তাতে, করোনা আক্রান্ত সক্রিয় রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৮। দৈনিক সংক্রমণের হার বর্তমানে হয়েছে ০.৩৫ শতাংশ। তবে, স্বস্তির বিষয় হল মৃত্যুর কোন খবর নেই। কিন্তু, সম্প্রতি একজন রোগীও সুস্থ হয়ে উঠেননি।

স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিন অনুসারে, নতুন করে আরটি-পিসিআরে ১২ জন এবং রেপিড অ্যান্টিজেনের মাধ্যমে ৮৪৭ জন মোট ৮৫৯ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। তাতে, রেপিড অ্যান্টিজেনের মাধ্যমে ৩ জনের দেহে করোনার সংক্রমণ মিলেছে। ফলে, দৈনিক সংক্রমণের হার বর্তমানে হয়েছে ০.৩৫ শতাংশ। বর্তমানে ত্রিপুরায় করোনায় আক্রান্ত সক্রিয় রোগী রয়েছেন ১৮ জন।

প্রসঙ্গত, ত্রিপুরায় এখন পর্যন্ত ১০৮০৫২ জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাঁদের মধ্যে ১০৭০২৮ জন সংক্রমণ থেকে মুক্তি পেয়ে সুস্থ হয়েছেন। রাজ্যে বর্তমানে করোনা-আক্রান্তের হার হয়েছে ৪.০৬ শতাংশ। তেমনি, সুস্থতার হার হয়েছে ৯৯.০৫ শতাংশ। এদিকে, ০.৮৭ শতাংশ হয়েছে মৃত্যুর হার। এছাড়া ত্রিপুরায় এখন পর্যন্ত ৯৩৭ জন করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন।

স্বাস্থ্য দফতরের মিডিয়া বুলেটিনে আরও জানা গিয়েছে, নতুন করে পশ্চিম জেলায় ২ জন এবং উত্তর ত্রিপুরা জেলায় ১ জন করোনায় আক্রান্ত হয়েছেন। বাকি ছয় জেলায় নতুন করে কেউ করোনা আক্রান্ত হননি।

# রেল লাইনের পাশে যুবকের মৃতদেহ উদ্ধার, খুনের অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** রেল লাইনের পাশে এক যুবকের মৃতদেহ উদ্ধার হয়েছে। গোমতী জেলায় উদয়পুর জামজুরি রেল ব্রিজ এলাকায় ওই ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয় মানুষের কাছ থেকে খবর পেয়ে রেল পুলিশ ঘটনাস্থলে গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য গোমতী জেলা হাসপাতালে পাঠিয়েছে। ওই ঘটনা আত্মহত্যা নাকি খুন তা নিয়ে ধোঁয়াশা সৃষ্টি হয়েছে। আপাতত অস্বাভাবিক মৃত্যুর মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, আজ সকালে উদয়পুর থেকে কাকড়াবন যাওয়ার পথে জামজুড়ি বৈষ্ণবীচর রেল লাইনের পাশে মান্না হোসেন(২৪)---কে রক্তাক্ত

**উদয়পুর**

অবস্থায় পড়ে থাকতে দেখেন স্থানীয় মানুষ। তাঁরাই উদয়পুর রেল পুলিশকে খবর পাঠিয়েছিলেন। রেল পুলিশ ঘটনাস্থলে গিয়ে নিশ্চিত হন তাঁর মৃত্যু হয়েছে। তিনি জানান, ওই যুবক খিলপাড়া রাজধরনগর এলাকার বাসিন্দা ছিলেন। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য গোমতী জেলা হাসপাতালে নিয়ে গেছে। ওই ঘটনা আত্মহত্যা নাকি খুন তা এখনও নিশ্চিত হওয়া যায়নি। আপাতত অস্বাভাবিক মৃত্যুর মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করছে পুলিশ।

এদিকে মৃতের মা জানিয়েছেন, শুক্রবার সকালে জিমে যাবে বলে বাড়ি থেকে বের হয়েছিল মান্না। পরবর্তী সময়ে বাড়িতে খবর আসে উদয়পুর জামজুরি রেল ব্রিজ এলাকায় তাঁর মৃতদেহ উদ্ধার হয়েছে। মান্নার মৃত্যু নিয়ে তাঁর মা সন্দেহ প্রকাশ করেছেন। পুলিশের কাছে সঠিক তদন্তের দাবি জানিয়েছেন।

# রাজ্যের বাজার দখল নিল দক্ষিণ ভারতের আম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** ফলের রাজা বলতে ছোট বড় সবাই এক বাক্যে বলে দেবে আম। স্বাদে গন্ধে যার জুরি মেলা ভার। একবার দেখলেই জিভে জল চলে আসে। বিভিন্ন রং আকৃতি সবই রয়েছে এই ফলের মধ্যে। যা অন্য ফুলের মধ্যে এই ধরনের ভ্যারাইটি দেখা যায় না। তাইতো আমকে ফলের রাজা হিসেবে স্বীকৃতি পেয়েছে বহুকাল আগে। উৎপাদনের পাশাপাশি বাজারে তার চাহিদা অন্য ফলের তুলনায় অনেক বেশি। তাই একে অর্থকারী ফল হিসাবে ও লোকে বলে থাকে।



কৃষকরা এই ফল চাষের উপর অনেক বেশি গুরুত্ব দিয়ে থাকেন। কারণ তার থেকে ভালো আয় হয়। তবে রাজ্যে আমের ভ্যারাইটি তেমন দেখা যায় না। যা বহি রাজ্যে রয়েছে। রাজ্যে শুধুমাত্র আম্রপলি অরনিকা বারোমাস্যা হিমসাগর এবং দেশি এই ধরনের আমচাষ বেশি হয়। বলা যেতে পারে এক মাত্র আমের জন্যেই একটি রাজ্যের জেলা বিখ্যাত। পশ্চিমবঙ্গের মালদা। ফজলি আমের জন্যই মালদার নাম সকলের কাছে পরিচিত। আম দেখলেই লোকে বলে এটি মালদার আম। আমের আকৃতি ও বিশাল হয়। তবে এই আম বাজারে আসতে সময় লেগে যায়। এপ্রিলের শেষে বা মে মাসে এই প্রথম আম বাজারে আসে।

তবে তার আগে হিমসাগর চুষা লক্ষণ ও মোহনভোগ বেগুন ফুলি ল্যাংড়া বাজার দখল করে নেয়। চৈত্র মাসের শেষ দিকে বাজারে আসতে শুরু করে দক্ষিণ ভারতের আম। এখন ক্রেতাদের দক্ষিণ ভারতের আমের উপরেই নির্ভর করতে হচ্ছে। এমনটা জানালেন লেক চৌমহনী বাজারের ফল বিক্রেতা রামু পাল। তিনি বলেন লালমনি, মল্লিক, বেগুন ফুলি এখন বেশি মাত্রায় আসছে। এগুলি সব মাদ্রাজের আম। বিক্রি করতে হচ্ছে ১৫০ থেকে ১৭০ টাকা কিলো। আর কয়েক দিনের মধ্যেই ব্যাঙ্গালোর ইউপি এবং শিলিগুড়ির আম ঢুকে যাবে। তখন আমের ভ্যারাইটিও থাকবে প্রচুর দাম তুলনামূলক কমবে। হিমসাগর গোলাপ ঘাঁস ল্যাংড়া চুষা লক্ষণভোগ আম্রপলি সহ আরো ভ্যারাইটিজ আম পাওয়া যাবে বলে তিনি জানান। তবে এই সময়ে লালমনির দাম অনুযায়ী স্বাদ তেমনটা হয় না। বেশিরভাগ আমই টক থাকে। তবে বাজারে এখন কাঁচা মিঠা এবং দেশি কাঁচা পাওয়া যায়। মাঝেমধ্যে ☞ ৬ এর পাতায় দেখুন

# টমটমের ধাক্কায় রাস্তায় ছিটকে পড়া টিএসআর জওয়ানকে পিষে দিল গাড়ি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** টমটমের ধাক্কায় রাস্তায় ছিটকে পরা টিএসআর জওয়ানকে পিষে দিয়ে পালিয়ে গেছে একটি গাড়ি। পর্বতী সময়ে টমটমের চালক আহত জওয়ান পরিমল দেব (৫৫)কে উদ্ধার করে জি বি হাসপাতালে নিয়ে যান। পুলিশ ওই ঘটনায় টমটম চালককে আটক করেছে।

ওই জওয়ানের পরিবারের জনৈক সদস্য জানিয়েছেন, শুক্রবার দুপুরে দূর্গা চৌমুহনী এলাকায় টমটমের ধাক্কায় রাস্তায় পড়ে যান টিএসআর জওয়ান পরিমল দেব। তখন উল্টো দিক থেকে আসা একটি গাড়ি তাঁকে চাপা দিয়ে পালিয়ে গেছে। তাতে গুরুতর আহত হয়েছেন তিনি। পর্বতী সময়ে ওই টমটম চালক তাঁকে জিবি হাসপাতালে নিয়ে আসেন। বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীনে আছেন তিনি। তাঁর অবস্থা আশঙ্কাজনক। এদিকে, খবর পেয়ে হাসপাতালে ছুটে গেছে পুলিশ। ওই ঘটনায় পুলিশ টমটম চালককে আটক করে থানায় নিয়ে গেছে।

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ১৮৯ ▫ ২২ এপ্রিল ২০২৩ইং ▫ ৮ বৈশাখ ▫ শনিবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

# দূষণ ও উষ্ণায়নের কবলে পানীয় জল

পানীয় জল মানব জীবনে অপরিহার্য। জল ছাড়া জীবজগতের অস্তিত্ব কল্পনা করা যায় না। জল মানেই পানীয় বলা যায় না। পরিশ্রুত জলই একমাত্র পান করিবার উপযোগী। কিন্তু ক্রমাগত পরিবেশ দূষণ ও উষ্ণায়নের কবলে পরিয়া পানীয় জল নিয়া সংকটের মুখোমুখি হওয়ার সম্ভাবনা দেখা দিয়াছে। এই সংকট দূর করিবার জন্য যেসব পদক্ষেপ গ্রহণ করার কথা সেইসব পদক্ষেপ কিন্তু গৃহীত হইতেছে না। জনসচেতনতাই একমাত্র সংকট মোকাবেলার উপায়। আগামী কয়েক দশকের মধ্যেই সারা দেশে পানীয় জলের সংকট দেখা দেওয়ার যথেষ্ট আশঙ্কা রহিয়াছে। বিভিন্ন রিপোর্টেও তাহার প্রমান মিলেতেছে। পানীয় জলের সংকট মোকাবিলায় আগাম সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ না করিলে ভবিষ্যৎ প্রজন্ম বড় ধরনের সংকটের সম্মুখীন হইবে। বিশেষ করিয়া পানীয় জলের অপব্যয় বন্ধ করিবার জন্য জনসচেতনতা বাড়াইতে হইবে। সরকার উদ্যোগই এর জন্য যথেষ্ট নয়। জনগণকে এই বিষয়ে যথেষ্ট সচেতন হইতে হইবে। অন্যতায় নিজেদের পাপের বোঝা ভবিষ্যৎ প্রজন্মকে বহন করিতে হইবে। এক ফোঁটা জলের জন্য হাহাকার করিতে হইবে। আগামী কয়েক বছরের মধ্যে ভারতেই সবচেয়ে বেশি জলসংকট দেখা দিবে, এমনটাই আশঙ্কা করিল রাষ্ট্রসংঘ। একটি আন্তর্জাতিক রিপোর্টে দাবি করা হইয়াছে, বিশ্বের প্রায় ২০০ কোটি মানুষ এখনই বিশুদ্ধ পানীয় জল পান না। আগামী কয়েক বছরের মধ্যে এই সংখ্যাটা লাগাইয়া বাড়িবে বলিয়াই আশঙ্কা রাষ্ট্রসংঘের। তাহাদের পেশ করা রিপোর্টে দাবি করা হইয়াছে, ২০৫০ সালের মধ্যে ভারতেই সবচেয়ে বেশি পানীয় জলের অভাব দেখা যাইবে। তাহার কারণ, বিশুদ্ধ জলের ব্যাপক অপচয় ঘটে এইদেশে।

ঠিক কী পরিসংখ্যান উঠিয়া আসিয়াছে রাষ্ট্রসংঘের রিপোর্টে? সেখানে বলা হইয়াছে, এশিয়ার ৮০ শতাংশ মানুষই বিশুদ্ধ জলের সমস্যায় পড়েন। মূলত চিন, পাকিস্তান ও ভারতেই পানীয় জলের অভাব দেখা যায়। সেই কারণেই ধীরে ধীরে পানীয় জলের ভাণ্ডার শেষ হইয়া যাইবে। ২০৫০ সালের মধ্যেই পানীয় জল নিয়া বিশ্বের সবচেয়ে সমস্যাগ্রস্ত দেশ হইবে ভারত।

কেন এমন সমস্যা দেখা দিবে ভারতে? রাষ্ট্রসংঘের রিপোর্টে দাবি, "প্রয়োজনের তুলনায় অনেক বেশি জলের ব্যবহার হয় ভারত-সহ এশিয়ার একাধিক দেশগুলিতে। ব্যবহারের পাশাপাশি প্রচুর পরিমাণে জলের অপচয়ও ঘটে। এছাড়াও দূষণ, গ্লোবাল ওয়ার্মিংয়ের মতো একাধিক কারণে জলের ভাণ্ডার দ্রুত শেষ হইয়া যাইতেছে।" জলের সমস্যার ব্যাপক প্রভাব পড়িবে আন্তর্জাতিক কূটনীতিতেও। সেচ ও বন্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে নেপালের সঙ্গে ভারতের চুক্তি হইয়াছে। কিন্তু আগামী দিনে সীমান্ত সংলগ্ন নদীর জল ব্যবহার ঘিরিয়া নানা দেশের দ্বিপাক্ষিক সম্পর্কে টানাপোড়েন দেখা দিতে পারে বলিয়াও আশঙ্কা প্রকাশ করা হইয়াছে।

## ধীরে ধীরে বৃষ্টি কমবে জম্মু ও কাশ্মীরে, শিলাবৃষ্টিতে বারামুল্লায় আপেল ও আখরোট বাগানের সর্বনাশ

শ্রীনগর, ২১ এপ্রিল (হি.স.): ধীরে ধীরে বৃষ্টি কমবে জম্মু ও কাশ্মীরে, তবে আগামী ২৪ ঘন্টায় হালকা বৃষ্টিতে ভিজতে পারে জম্মু থেকে কাশ্মীর উপত্যকা। এদিকে, শিলাবৃষ্টিতে বারামুল্লার জেলার উরিতে আপেল, আখরোট, নাশপাতি বাগানের সর্বনাশ করেছে। মাথায় হাত চাষিদের, লোকসানের আশঙ্কা করছেন চাষিদের একটা বিরাট অংশ।

জম্মু ও কাশ্মীরের আবহাওয়া দফতর জানিয়েছে, কাশ্মীরে ধীরে ধীরে হ্রাস পাবে বৃষ্টি, তবে শুক্রবার সামান্য কমল কাশ্মীরের তাপমাত্রা। আগামী ২৪ ঘন্টায় কাশ্মীরের কোথাও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। বৃষ্টি হলেও, তা হবে হালকা। বৃষ্টির সৌজন্যে তাপমাত্রার পারদ নেমেছে কাশ্মীর থেকে লাদাখ সর্বত্রই। শ্রীনগরে এদিন সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৬.২ ডিগ্রি সেলসিয়াস, পহেলগামে ৩.৫ ডিগ্রি সেলসিয়াস, গুলমার্গে মাইনাস ১.০ ডিগ্রি সেলসিয়াস। লাদাখের লেহ-তে এদিন সর্বনিম্ন তাপমাত্রা ছিল মাইনাস ২.৬ ডিগ্রি সেলসিয়াস এবং কার্গিলে মাইনাস ২.২ ডিগ্রি সেলসিয়াস।

## শাহরুখ খান, অমিতাভ থেকে বিরাট কোহলি, মাস্কের নয়া নিয়মে টুইটারে নীল টিক হারালেন সেলেবরা

নয়াদিল্লি, ২১ এপ্রিল (হি.স.): মাইক্রোব্লগিং সাইট টুইটারে ব্লু টিক অর্থাৎ নীল টিক থাকা মানে সেটা আসল অ্যাকাউন্ট। ফেসবুকের মতোই অনেকেই সেলেবদের নামে টুইটারে ভুয়ো অ্যাকাউন্ট করে থাকেন। আসল নাকি ভুয়ো অ্যাকাউন্ট ধরতে টুইটারে ব্লু টিক খুব সাহায্য করে। কিন্তু টুইটার কেনার পর মার্কিন শিল্পপতি ইলন মাস্ক এই ব্লু টিক নিয়ে নয়া নীতি চালু করেছেন। এবার থেকে টুইটারে ব্লু টিক রাখতে হলে ভারতীয় মুদ্রায় খরচ করতে হবে বছরে ৯ হাজার ৪০০ টাকা। যারা এই টাকা দেবে, তারা ব্লু টিক পাবেন। সাবস্ক্রিপশনের পিছনে অর্থ খরচ না করলে, যত বড় সেলেব্রিটি বা রাজনৈতিক বা প্রশাসনিক পদস্থ ব্যক্তি হোক না কেন, তাদের অ্যাকাউন্টে ব্লু টিক থাকবে না। একেবারে ফেলো কড়ি, লহ নীল চিহ্নের মত ব্যাপার।

মাস্কের এই নিয়মে, শুক্রবার টুইটারে ব্লু টিক হারালেন অমিতাভ বচ্চন, শাহরুখ খান, বিরাট কোহলির মত অত্যন্ত জনপ্রিয় সেলেবদের অফিসিয়াল অ্যাকাউন্টও। আলিয়া ভাট-সহ বলিউডের বিভিন্ন সেলেবদেরও টুইটারে নীল সঙ্কেত মুছে ফেলা হয়েছে। কংগ্রেস নেতা রাহুল গান্ধী, উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের টুইটার অ্যাকাউন্টেও নেই ব্লু টিক। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের টুইটার অ্যাকাউন্টেও নীল টিক চিহ্ন দেখা যাচ্ছে না। বিরাট কোহলির পাশাপাশি ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক রোহিত শর্মার টুইটার অ্যাকাউন্টেও ব্লু টিক নেই। ফলে কিছুতেই বোঝার উপায় থাকছে না তাদের অ্যাকাউন্টগুলি টুইটারে ভ্যারিফায়েড বা যাচাই করা হয়েছে কি না।

## প্রাক্তন যুব তৃণমূল নেতা শান্তনুর ঘনিষ্ঠদের জেরা করবে ইডি

কলকাতা ২১ এপ্রিল (হি. স.) : নিয়োগ দুর্নীতিকাণ্ডে এবার হুগলির প্রাক্তন যুব তৃণমূল নেতা শান্তনু বন্দ্যোপাধ্যায়ের কিছু ঘনিষ্ঠকে তলব করতে চলেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। সূত্রের খবর, আগামী সপ্তাহে ডাকা হবে তাঁর স্ত্রী প্রিয়াঙ্কা বন্দ্যোপাধ্যায়কে। শান্তনুর ছায়াসঙ্গী রাকেশ মণ্ডল এবং আরও কয়েক জন ঘনিষ্ঠ ব্যক্তিকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করা হবে।

ইডি সূত্রের খবর, নামে-বেনামে একাধিক সম্পত্তির মালিক শান্তনু ছায়াসঙ্গীদের নামেও একাধিক সম্পত্তি কিনেছিলেন। সেই পদ্ধতিতেই একটি দামি গাড়ি কেনা হয়েছিল। ইডির নজরদারির আওতায় রয়েছেন শান্তনুর ঘনিষ্ঠ কয়েক জন এজেন্টও। চাকরিপ্রার্থীদের অবৈধ উপায়ে চাকরি দেওয়ার কথা বলে এই এজেন্টদের মাধ্যমেই বাজার থেকে টাকা তোলা হত বলে ইডি সূত্রে খবর।

তা ছাড়া শান্তনুর সংস্থা 'ইভান কনট্রেডে'র ডিরেক্টর পদেও ছিলেন প্রিয়াঙ্কা। এই সংস্থাটি ছাড়াও নির্মাণ সংস্থা এবং অন্যান্য সংস্থার সঙ্গেও যুক্ত ছিলেন শান্তনু। ইডি সূত্রের খবর, এই সংস্থার মাধ্যমে একাধিক সম্পত্তি কেনা হয়েছিল। এই সংস্থার মাধ্যমে কালো টাকা সাদা করা হয়েছিল কি না, তা-ও খতিয়ে দেখছেন তদন্তকারীরা।


# মডার্ন গ্লোবাল ইনস্যারেন্স পলিসি : জীবকুলের রক্ষাকবচ

অনুভব বেরা

মনে করুন পৃথিবীতে হঠাৎই ঘটল মহাপ্রলয়। সেই মহাপ্রলয়ে অধিকাংশ জীবকুল মারা পড়ল। ঝাড়েবংশে নির্বংশ হল বেশ কিছু জীব প্রজাতি। কমল মানুষের সংখ্যা, কমল পৃথিবীর জীবভর। এমন ধ্বস্ত বিপর্যস্ত পৃথিবী জুড়ে তখন ধ্বংস আর হাহাকারের ছবি। এই পরিস্থিতিতে মানুষ সহ যারা করলেন বটে, তবে সময় যত এগোতে লাগল তাদের বেঁচে থাকাটাই আরও বেশি চ্যালেঞ্জের হয়ে দাঁড়াল। অধিকাংশ জীবকুল খুইয়ে তখন ধ্বস্ত পৃথিবীর বাস্তুতান্ত্রিক ভারসাম্য টালমাটাল। কী করে নতুন করে গড়ে তুলবে আগেকার সেই ভারসাম্য। আসলে এই পৃথিবীর প্রত্যেকটি জীব একে অপরের জড় উপাদানের সঙ্গে থাকে নাড়ির যোগ। কোনো একটির অভাবে বা অনুপস্থিতি অপরের অস্তিত্বের উপর প্রভাব ফেলে। সেই প্রভাব কেউই অগ্রাহ্য করতে পারে না। সুতরাং বেঁচে থাকার চ্যালেঞ্জ একটা থাকবে।

মহাপ্রলয়ের পর সেই চ্যালেঞ্জ কাটিয়ে উঠতে বেশ কিছুটা সময় লাগবে হয়ত, তবে এর মধ্যে একটা বিরাট ব্যাপার ঘটে যাবে যা হয়ত অনেকেরই খেয়াল থাকবে না। পৃথিবীর বুকে কোটি কোটি বছর ধরে বিবর্তনের মাধ্যমে যে সকল জীবের উৎপত্তি হয়েছিল তারা অনেকেই চিরকালের জন্য পৃথিবী থেকে ধ্বংস হয়ে যাবে। তাদের আমরা আর কোনোদিন ফিরে পাব না। যেমনটা হয়েছে ডাইনোসরদের ক্ষেত্রে, ডাইনোসররা আজ ইতিহাসের পাতায়, সিনেমার পর্দায়।

এখন আরও একটা প্রশ্ন উঠে এসেছে, বর্তমানে এই অতি আধুনিক বিজ্ঞান নির্ভর যুগে পৃথিবীর সামগ্রিক জীবকুল কি ধ্বংস হয়ে যাওয়ার কোনো সম্ভাবনা আছে? হ্যা আছে। অন্তত ইতিহাস সেই কথা বলছে। পৃথিবীর অতীত ভূতাত্বিক ইতিহাসে দলবদ্ধ বিলুপ্তির পাঁচটি ঘটনার কথা জানা যায়। যেগুলো ঘটেছিল কন্টিনেন্টাল ড্রিফট, তুষার যুগ, অতিরিক্ত তাপমাত্রা বৃদ্ধি মতো প্রাকৃতিক ঘটনার জন্য। শেষবার এইরকম দলবদ্ধ বিলুপ্তির ঘটনা ঘটে প্রায় ৬ কোটি বছর আগে। একটি উল্কাপিণ্ড পৃথিবীর বুকে সজোরে আছড়ে পড়ে। সেই আঘাতে পৃথিবীর অভ্যন্তরের লাভা বেরিয়ে আসে। উত্তপ্ত সেই লাভাস্রোত প্লাবিত বলে পৃথিবীর বেশিরভাগ অঞ্চল। আর তাতেই ধ্বংস হয় ৯০ শতাংশ জীবকুল। সম্ভবত এইভাবে পতন হয় ডাইনোসরদের সাম্রাজ্য। এবার ষষ্ঠবার ধ্বংসের প্রহর গুণছি আমরা। এই ব্যাপারে বহুদিন আগে থেকেই সতর্কবার্তা শুনিয়েছেন বিজ্ঞানীরা। তাদের ধ্বংসের কারণ।



এখন কী হবে? এ থেকে রক্ষা পেতে চলমান সভ্যতা, সংস্কৃতি, বিবর্তনকে বাঁচাতে আমাদের কি কিছুই করণীয় নেই!

এরকম বিপদের হাত থেকে কিম্বা প্রহাণুর আছড়ে পড়ার মতো বিপদ থেকে জীবকুলের অস্তিত্বকে বাঁচিয়ে রাখতে সম্প্রতি এক অভিনব প্রকল্পের কথা বলেছেন অ্যারিজোনা কলেজ অব ইঞ্জিনিয়ারি-এর এরোস্পেস এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের অধ্যাপক জেকন থাঙ্গা ও সহকর্মীরা। মডার্ন প্লোবাল ইনস্যুরেন্স পলিসি নামের এই প্রকল্প Institute of Electrical and Electronic Engineerinf (IEEE)-এর একটি কনফারেন্সে কিছুদিন আগে তারা পেশ করেছেন। বিজ্ঞানের বিভিন্ন শাখার মধ্যে মেলবন্ধন ঘটিয়ে আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে এই অভাবনীয় প্রকল্পটি বিজ্ঞানী মহলে রীতিমতো আগ্রহ সৃষ্টি করেছে। কী আছে এই প্রকল্পে ঃ এখানে বলা হয়েছে, আগত বিপদ থেকে রক্ষা পেতে জীবকুলের সুরক্ষায় টাদের মাটির তলায় সুড়ঙ্গে সংরক্ষণ করা হবে ৬.৭ মিলিয়ন জীব প্রজাতির হিমায়িত বীজ, রেণু, কলা, ডিম্বাণু, শুক্রাণু তথা জেনেটিক বস্তু ডিএনএ। এখন প্রশ্ন উঠতে পারে চাদে কেন করা হচ্ছে এমন একটা প্রকল্প । যুক্তি গিয়ে বলা হয়েছে, দীর্ঘদিন ধরেই চাঁদ নিয়ে পৃথিবীর মানুষ বিভিন্ন গবেষমা চালিয়ে এসেছে। সেইসব গবেষণা থেকে পাঁচ সম্পর্কে একটা ধারণা তৈরি করা গছে যা অন্যান্য গ্রহ বা উপগ্রহের ক্ষেত্রে সম্ভভ হয়নি। আগামী দিনে চাঁদ হবে মহাকাশ ভ্রমণের হল্ট স্টেশন। চাঁদ পৃথিবীর নিবকটবর্তী বলে যাতায়াতে কম সময় লাগবে যা এই প্রকল্প রূপায়ণে সাহায্য করবে। তবে টাদের মাটিতে জীব প্রজাতির কলা কোষ জেনেটিক বস্তু সংরক্ষণের জোরালো যুক্তি লুকিয়ে আছে চাঁদের মাটির নীচে থাকা সুড়ঙ্গের বিশেষ বৈশিষ্ট্যে। গবেষকরা বিভিন্ন অনুসন্ধান চালিয়ে ২০১৩ সাল নাগাদ টাদের ঠিক মাটির তলায় ২০০টির মতো সুড়ঙ্গের নেটওয়ার্ক খুঁজে পান। প্রায় ১০০ মিটার ব্যাসের এই তৈরি হয়েছিল কয়েক কোটি বছর আগে। সেই সময় টাদের বুক চিরে লাভা বেরিয়ে ব্যব তৈরি হয় এই সব আগ্নেয় সুড়ঙ্গ। বিজ্ঞানীরা মনে সংরকরেন এইরকম সুড়ঙ্গ আমাদের পৃথিবীতে থাকতে প্রযুপারে। তবে সেগুলো এখন ভূমিকম্প, ভূতাত্বিক প্লেটের সরণে বা অন্যান্য প্রাকৃতিক ক্রিয়ায় বুজে গেছে। বিজ্ঞানীরা দাবি করেছেন চাঁদের মাটির মাই নীচের এসব সুড়ঙ্গগুলো তিন-চার বিলিয়ন বছর সেল ধরে অক্ষত ও অপরিবর্তিত রয়েছে। তাদের কথায় ডিগি এই সুড়ঙ্গগুলো প্রবল সৌর বিকিরণ, চন্দ্রপৃষ্ঠের তাপামাত্রায় পরিবর্তন এমনকী গ্রহাণুক আছড়ে পড়ার প্রবলআঘাত সহ্য করে সুড়ঙ্গে রাখা বস্তুকে সুরক্ষিত রাখতে পারে। তাদের এই ধারণাকে যাচাই করতে চাঁদের সুড়ঙ্গে বিশেষভাবে ডিজাইন করা রোবট পাঠাচ্ছেন। এই রোবট একেবারে গঠন, অবস্থান, তাপমাত্রা এছাড়া অন্যান্য ভূতাত্বিক প্যারামিটারগুলো ভালোবাবে পরীক্ষানিরীক্ষা করে গ্রাউন্ড স্টেশন অর্থাৎ পৃথিবীতে পাঠাবে তথ্য। তথ্য যাচাই করে নিশ্চিত হলে এগোবে পরবর্তী ধাপের কাজকর্ম। এই প্রকল্পের প্রধান জেকন থাঙ্গী প্রতিটি জীব প্রজাতির ৫০টি নমুনা ওখানে রাখা হবে। পৃথিবী থেকে চাঁদে এই সকল সুড়ঙ্গে নমুনা পৌঁছনোর জন্য ব্যবহার করা হবে রকেট এবং আন্তর্জাতিক স্পেস স্টেশন । চমক এখানে শেষ হয়ে যায়নি। চাঁদের মাটিতে জিন বস্তু সংরক্ষণে সাহায্য নেওয়া হবে ক্রায়োজেনিকস ও কোয়ান্টাম লেভিটেশনের মতো দুটি অত্যাধুকি প্রযুক্তির।

বর্তমানে বিপ্ন ও বিরল জীব প্রজাতি দুভাবে সংরক্ষণ করা হয় ১) স্বস্থানে in site, ২) অন্যস্থানে (in site, সংরক্ষণ। জীব প্রজাতির অন্যস্থানে সংরক্ষণের একটি উপায় হল বাযো ব্যাঙ্ক বা জিন ব্যাঙ্ক গঠন। বায়ো ব্যাঙ্ক অতি নিম্ন তাপমাত্রায় )-১৯০ ডিগ্রি সেন্টিগ্রেড ) তরণ নাইট্রোজেন কলা, কোষ ভ্রূণ ডিএনএ প্রভৃতি ববুদিন সংরক্ষিত বলা হয় ক্রায়োসংরক্ষণ। যা ক্রায়োজনিক প্রযুক্তিরই ফসল। চাঁদে ডিএনএ, ডিম্বাণু, শুক্রাণু সংরক্ষণে এই ক্রায়োপ্রিজারভেশন পদ্ধতিরই সাহায্য নেওয়া হবে। এক্ষেত্রে বীজ সংরক্ষণ করা হবে মাইনাস ১৮০ ডিগ্রি সেন্টিগ্রেজ তাপমাত্রায়, স্টেম সেল প্রভৃতিগুলো সংরক্ষণ করা হবে মাইনাস ১৯৬ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রা। সুড়ঙ্গপথে এই ব্যবস্থা গড়ে তুলতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ উ'পাদন দরকার। এর জন্য চাঁদে বসবে, সোলার প্যানেল। এরাই বিদ্যুৎ জোগাবে সবসময়। এখানে থাকবে বিশেষ প্রযুক্তিতে তৈরি এলিভেটর, ধাতব ভাসমান সেলফ ইত্যাদি ইত্যাদি। এখানে একটি সমস্যার কথা বাবতে পারেন। অনেক, অতি নিম্ন তাপমাত্রায় ধাতবপাত্র আর সংরক্ষিত বস্তু একসঙ্গে জমে যাবে না তো? পৃথিবীর তাপমাত্রা যখন মাইনাস ৪৫ থেকে মাইনাস ৫০ ডিগ্রি হয় তখন বিমান চলাচল বন্ধ করে দেওয়া হয় কারণ এই তাপস্তারায় বিমানের ধাতব অংশ মূল কাঠামোর সঙ্গে জমে বিপদ ঘটাতে পারে। এই সমস্যা থেকে মুক্তির উপায় হিসাবে একটি প্রযুক্তি ব্যবহার করার কথা বলা হয়েছে। ধাতব যন্ত্রাংশের সুরক্ষার জন্য ডিএনএ বাণ্ডারটি রাখা হবে শূন্যে ভাসমান অবস্থায়। এতেই ব্যবহৃত হবে। কোয়ান্টাম লেভিটেশন নামক অত্যাধুনিক পদ্ধতি। এই পদ্ধতিতে কোনো অতি শীতল সুপার কন্ডাক্টর বা কোনো অতি শীতল বস্তু তাপ না হারিয়ে শক্তির স্থানান্তর ঘটনায়। এই শীতল ধাতব জিনবস্তু সহ ভাণ্ডার নির্দিষ্ট দূরত্বে রাখা শক্তিশালী চুম্বকের কেরামতিতে ভেসে থাকবে। চুম্বকের সরণের সঙ্গে ধাতব বস্তুরও সরণ ঘটে। ফলে জিনবস্তু বাণ্ডারের স্থানান্তর ঘটাবে মানুষ ছাড়া রোবট ছাড়া একপ্রতার অবরিবর্তিত তাপমাত্রা।

বিষয়টি ম্যাজিকের মতো লাগলেও এর ভিত্তি হল পদার্থবিদ্যার বেশ কতগুলো নীতি। এই নীতিগুলোর উপর নির্ভর করে দিনের পর দিন পরিশ্রম করে তৈরি হচ্ছে বিভিন্ন যন্ত্রপাতি। যেগুলোকে প্রয়োগ করে প্রকল্প সফল করার চেষ্টাচালানো হবে।জেকন থাঙ্গা ও তারসহযোগীরা এই প্রকল্পটি২০২১ সালের মার্চ মাসে আইইইই-র এবোস্পেসকনফাবেন্সে উপস্থাপনকরেন। তীদের আশা, এইমিশন জীব প্রজাতির রক্ষাকবচ হয়ে দীড়াবে। তবেসমস্ত কাজ গুছিয়ে আনতে সময় লাগবে। সে পর্যন্তআমাদের অপেক্ষা করতেই হবে।

(সৌজন্যে- দৈঃ স্টেটসম্যান)

# ইন্টারনেটে স্বাস্থ্য পরিষেবা

ডা. সমীর বিওয়ালে

উপরে বর্ণিত দৃশ্যকল্প ইতিমধ্যে ভারত-সহ বিশ্বের কিছু অংশে বাস্তবসম্মত ঘটনা।

ইন্টারনেট সংযোগ এবং টেকনোলজি'র দ্রুত উন্নয়ন স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে নাটকীয় পরিবর্তন এনে দিয়েছে। এই ব্যবস্থা এখন ধারাবাহিকভাবে চলতেই থাকবে। সুদূর ভবিষ্যতে এমন কিছু ঘটনা ঘটতে চলেছে যেটা আজকের দিনে আমরা কল্পনায়ও আনতে পারব না। ওষুধ ও টেকনোলজি'র অগ্রগতি বহু অতীত কাল থেকে ঘটে চলেছে। যাই হোক, স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে টেকনোলজি'র বৃহত্তম প্রভাব দেখা গিয়েছে গত একশ বছর কিংবা তারও আগে। অ্যান্টিবায়োটিকের আবিষ্কার ও নিরাপদে তার ব্যাপক মাত্রায় উৎপাদনের ঘটনা হল এর প্রধান উদাহরণ। বহু জীবনঘাতি সংক্রামক রোগের ক্ষেত্রে ভ্যাকসিন প্রয়োগ ও তার ইতিবাচক প্রভাব হল আরও একটি উদাহরণ। এক্স-রে থেকে আলট্রাসাউন্ড স্ক্যান, এমআরআই এবং পেট স্ক্যান চিকিৎসার ক্ষেত্রে দারুণ পরিবর্তন ঘটিয়ে দিয়েছে। কারণ, এর মাধ্যমে একজন চিকিৎসক মানবদেহের ভিতরে কী রয়েছে, সেটা ভালোভাবে দেখে ও বুঝে নিতে পারেন। হার্ট ও লাং মেশিনের অগ্রগতি ছাড়া ওপেন হার্ট সার্জারি একেবারে অসম্ভব বিষয় ছিল। এই ধরনের উদাহরণের তালিকা বলে শেষ করা যাবে না।

নতুন সহস্রাব্দে আমরা স্বাস্থ্য পরিষেবায় টেকনোলজি'র ব্যবহারের ক্ষেত্রে আরও একটি ঘটনার সাক্ষী। এখন স্বাস্থ্য পরিষেবার বিষয়ে ইলেকট্রনিক মাধ্যমকে ব্যবহার করা হচ্ছে।

রোগীদের সমস্ত রকমের স্বাস্থ্য সম্পর্কিত তথ্য এখন সংরক্ষিত করার ক্ষেত্রে ব্যবহার করা হচ্ছে ইলেকট্রিক হেলথ রেকর্ড (ইএইচআর)। এই ব্যবস্থা প্রয়োগ করার মাধ্যমে এখন যেমন চিকিৎসকদের ক্ষেত্রে রোগীদের চিকিৎসা করাটা সহজ হচ্ছে, তেমনই সুবিধা হচ্ছে রোগীদেরও। এর মাধ্যমে রোগীদের আগের রোগের বিবরণ ও তার চিকিৎসার বিষয়গুলি স্থানীয় সাভারে অথাৎ বিভিন্ন হেলথকেয়ার প্রোভাইডারের ক্লাউড-এ সংরক্ষিত করে রাখার সুবিধা রয়েছে।


রোগীদের সমস্ত রকমের স্বাস্থ্য সম্পর্কিত তথ্য এখন সংরক্ষিত করার ক্ষেত্রে ব্যবহার করা হচ্ছে ইলেকট্রিক হেলথ রেকর্ড (ইএইচআর)। এই ব্যবস্থা প্রয়োগ করার মাধ্যমে এখন যেমন চিকিৎসকদের ক্ষেত্রে রোগীদের চিকিৎসা করাটা সহজ হচ্ছে, তেমনই সুবিধা হচ্ছে রোগীদেরও। এর মাধ্যমে রোগীদের আগের রোগের বিবরণও তারচিকিৎসার বিষয়গুলি সুরক্ষিত থাকছে। এই তথ্যগুলি স্থানীয় সার্ভারে অথবা বিভিন্ন হেলথকোয়ার প্রোভাইডারের ক্লাউও-এ সংরক্ষতি করে রাখার সুবিধা রয়েছে। চিকিৎসক কিংবা রোগীদের আর হাতে লেখা কাগজের নথি'র ওপর নির্ভণ করতে হবে না। এই ধরনের নথি রাখার ব্যবস্থা এখন অসম্পূর্ণ এবং ভাল যেতে পারে সবচেয়ে খারাপ পদ্ধতি।

অনেকগুলি কম খরচের ডায়াগোন্যাস্টিক কিট ও হাতে ব্যবহার করা স্ক্যানিং ডিভাইস এখন সংক্রমণ রোগ ও কিছু ক্যান্সারের চিকিৎসার ক্ষেত্রে ব্যাপক মাত্রায় ব্যবহার করার জন্য উন্নত করা হয়েছে। ওই ডিভাইস থেকে যে তথ্য পাওয়া যায়, সেগুলি ইলেরট্রনিক পদ্ধতিতে রিমোট ব্যবস্থার মাধ্যমে বিশেষজ্ঞ চিকিৎসকেরা সহজেই দেখে নিতে পারেন। তারা রোগীর সম্পর্কে পাওয়া রোগের ওই তথ্য বিশ্লেষণ করে সময় নষ্ট না করে চিকিৎসার বিষয়ে পরামর্শ দিতে পারেন। এখন প্রশিক্ষিত ও কমিউনিটি ভিত্তিক হেলথকেয়ার টেকনিশিয়াল ও নার্সরা দূরবর্তী স্থানের হেলথ ক্যাম্প পরিচালনা করতে পারেন। প্রাথমিকভাবে স্ক্রিনিং ক্যাম্পে এখন বিশেষজ্ঞ চিকিৎসকদের উপস্থিত থাকাটা আর অপরিহার্য নয়।

টেলিমেডিসিন বা ইন্টারনেটের মাধ্যমে এখন একজন চিকিৎসক রোগীদের পরামর্শ দিচ্ছেন, এই বিষয়টি এখন ক্রমশ বাড়ছে। যাঁদের কাজের প্রচুর চাপ, তারা সময় বাঁচাতে এই ব্যবস্থা অবলম্বন করছেন। এই ধরনের টেকনোলজির সুবিধা গ্রহণ করতে পারছেন দূরবর্তী অবস্থানের রোগীরা, যদি তাঁরা সর্বত্রচারী সেলফোন নেটওয়ার্কের সংযোগের মধ্যে থাকেন। তাঁরা খুব সহজেই বিশেষজ্ঞ চিকিৎসকের কাছ থেকে চিকিৎসা বিষয়ে পরামর্শ গ্রহণ করতে পারেবেন। এই ব্যবস্থার সামলিয়ে চিকিৎসকের কাছে না দেলেও চলবে।

স্বাস্থ্য পরিষবার ক্ষেত্রে আরও একটি বন রকমের পরিবর্তন হল এই বিষয়ে বিভিন্ন অ্যাপ্লিকেশন (অ্যাপস)-এর উন্নতি, যা যে কোনও স্মার্টফোনে সহজেই ডাউনলোড করে নেওয়া যায়। বর্তমানে হাইপারেটেশন অথবা ডায়াবেটিসের মত ক্রনিক রোগের দীর্ঘমেয়াদি চিকিৎসার বিষয়ে হাজার হাজার এই ধরনের অ্যাপ এসেছে। মেডিকেশন ম্যানেজমেন্ট অ্যাপ আপনাকে সময়মত ওষুধ গ্রহণের কথা স্মরণ করিয়ে দেয়। সহজ রেফারেন্সের জন্য আপনার ব্যক্তিগত হেলথ রেকর্ডের সংরক্ষণের ক্ষেত্রেও অ্যাপ রয়েছে। এছাড়া ফিটনেস, ওয়েট লস ইত্যাদি বিষয়েও অ্যাপ ডাউনলোড করে নিচ্ছে বহু মানুষ। যাইহোক, এই অ্যাপ্লিকেশনগুলি (বিশেষ করে ফিটনেস/ওয়েট লস) হেলথকেয়ারের ক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলে কি-না নাকি এগুলি স্মার্টভোনের স্ক্রিনে নিছকই আবর্জনা হিসেবে অবস্থান করছে সেই বিষয়ে পর্যালোচনা করা ক্রেডিট কার্ড-এর তথ্যের চেয়েও কয়েক গুণ বেশি। স্থানীয় সার্ভার বা ক্লাউডের সঙ্গে সংযোগ ছিন্ন হওয়ার ঘটনা সমগ্র হাসপাতালের কাজকে থামিয়ে দিতে পারে। আধুনিক হাসপাতালের বহু রোগীর কাছ থেকে পাওয়া একটি সাধারণ প্রতিক্রিয়া হল—পরামর্শের সময় একজন চিকিৎসক তাঁদের চেয়ে কম্পিউটারের স্ক্রিনের প্রতি বেশি মনোযোগী।

সযত্নে ব্যবহার করার পরিবর্তে ডায়গোন্যাস্টিক কিট বা ডিভাইসগুলি যদি ভুলভাবে ব্যবহার করা হয় তাহলে রোগ নির্ণয়ের ক্ষেত্রে ভুল ফল দিতে পারে। এর ফলে রোগী ও সংশ্লিষ্ট অন্যরা অকারণে উদ্বিগ্ন হয়ে পড়তে পারে। রোগ নির্ণয়ের ক্ষেত্রে তাই সঠিক ফল পেতে হলে নতুন টেকনোলজি'র পাশাপাশি দক্ষ ও নির্ভরযোগ্য অপারেটরেরও প্রয়োজন রয়েছে।



টেবিমেডিসিনের মাধ্যমে পরামর্শের ক্ষেত্রে এর নিজস্ব একটা দুর্বলতা রয়েছে। ইন্টারন্টের সংযোগ হয়ত অনেক শক্তিশালী হতে পারে। কিন্তু এক্ষেত্রে রোগী ও চিকিৎসকের মধ্যে মানসিক সযোগ প্রতিষ্ঠিত করা অনেক কঠিন কাজ। রোগী ও চিকিৎসকের মধ্যে সহানুভূতির সম্পর্ক তৈরি করাটা বড় চ্যালেঞ্জ। একজন চিটিৎসককে রোগীর চিকিৎসা করার জন্য রোগীর মানসিক অবস্থা, তার কষ্ট ইত্যাদি বিষয়গুলি নিয়ে প্রাথমিকভাবে অবহিত হতে হবে। ব্যক্তিগতভাবে রোগীর সঙ্গে দেখা করতে হবে। তার কাছ থেকে রোগের দীর্ঘ ইতিহাস জানতে হবে। রোগের লক্ষণগুলি পরীক্ষা করতে হবে এবং এরপরে প্রয়োজনয় পরীক্ষাগুলি করার নির্দেশ দিতে হবে। এরপরে প্রয়োজনীয় ওষুধ গ্রহণের পরামর্শ দেবেন চিকিৎসক। সামগ্রিকভাবে আমি বলব যে স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে উন্নত প্রযুক্তির ব্যবস্থার কোনও নতুন ঘটনা নয়। যদিও এক্ষেত্রে প্রাথমিকভাবে খরচ অনেক বেশি বলে মনে হতে পারে কিন্তু বাস্তবে দীর্ঘমেয়াদি চিকিৎসার ক্ষেত্রে খরচ কমে যায়। স্বাস্থ্যকর জনতা অনেক সুখি এবং তাদের মধ্যে উৎপাদশীলতাও অনেক বেশি। তাই আমাদের এগিয়ে যেতে হবে। সাশ্রয়ী চিকিৎসা ব্যবস্থার মধ্যে দিয় সুবিধাজনও নিরাপদে বিশেষ করে আরও সহানুভূতিপূর্ণ ব্যবস্থা মাধ্যমে আমাদের স্বাস্থ্য পরিষবার কাজকে এগিয়ে নিয়ে যেতে হবে। কখনও ভুলে যাবেন না, মানব স্পর্শ যেকোনও স্ক্রিনের চেয়েও অনেক বেশি অনুভূতি বহন করে। এর মাধ্যমে তাৎপর্যপূর্ণভাবে রোগ নিরাময়ের অভিজ্ঞতাও বৃদ্ধি পায়।

(সৌজন্যে দৈ: স্টেটসম্যান)

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# ডিজিটাল পেমেন্টে ভারত এক নম্বরে, বদলে যাচ্ছে গ্রামীণ অর্থনীতি : প্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ২১ এপ্রিল (হি.স.): ডিজিটাল পেমেন্টে ভারত এক নম্বরে। ভারত এমনই একটি দেশ যেখানে মোবাইল ডেটা সবচেয়ে সস্তা। বর্তমানে দেশের গ্রামীণ অর্থনীতি পরিবর্তিত হচ্ছে। শুক্রবার সিভিল সার্ভিস দিবসে সিভিল সার্ভেন্টদের উদ্দেশ্যে এই বার্তা দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। নতুন দিল্লির বিজ্ঞান ভবনে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেছেন, এবারের """"সিভিল সার্ভিস ডে"""" খুবই গুরুত্বপূর্ণ। এমন একটি সময় সিভিল সার্ভিস ডে উদযাপন হচ্ছে, যখন দেশ স্বাধীনতার ৭৫ বছর পূর্ণ করেছে, এমন একটি সময় উদযাপন হচ্ছে যখন দেশ আগামী ২৫ বছরের বিশাল লক্ষ্য অর্জনের জন্য দ্রুত পদক্ষেপ নিতে শুরু করেছে।

প্রধানমন্ত্রী আরও বলেছেন, বিগত ৯ বছরে দেশের দরিদ্র থেকে দরিদ্রতম মানুষও যদি সুশাসনের আস্থা পেয়ে থাকেন, তবে তাতে আপনাদের কঠোর পরিশ্রমও রয়েছে। গত ৯ বছরে ভারতের উন্নয়ন যদি নতুন গতি পায়, তাও আপনাদের অংশগ্রহণ ছাড়া সম্ভব ছিল না। করোনা সংকট সত্ত্বেও, বর্তমানে ভারত বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতি। মোদীর কথায়, আমাদের হাতে সময় কম, কিন্তু ক্ষমতা অপরিসীম। আমাদের কঠিন লক্ষ্য আছে, কিন্তু সাহসও রয়েছে। আমাদের লক্ষ্য আছে পাহাড়ে ওঠার, আকাশ পেরিয়ে যেতে হবে!

## দিল্লির সাকেত আদালত চত্বরে চলল ৪ রাউন্ড গুলি

নয়াদিল্লি, ২১ এপ্রিল (হি.স.): দিল্লির সাকেত আদালতে গুলি চালানোর ঘটনায় চাঞ্চল্য ছড়াল। শুক্রবার সকালে আচমকা গুলি চলতে শুরু করে দিল্লির সাকেত কোর্ট চত্বরে। ৪ রাউন্ড গুলি চলে বলে জানা গিয়েছে পুলিশ সূত্রে। খবর পেতেই পুলিশ পৌঁছে যায় ঘটনাস্থলে। কী কারণে গুলি চালানোর ঘটনা ঘটে, সে বিষয় এখনও পর্যন্ত কিছু জানা যায়নি। তবে, গুলি চালানোর জেরে এক মহিলা আহত হয়েছেন। মোট ৪ রাউন্ড গুলি চালানো হয় সাকেত কোর্ট চত্বরে। আদালত চত্বরে ওই মহিলাকে আর্তনাদ করতে শোনা যায়। পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে।

## ইদ উপলক্ষে সুদানে ৭২ ঘণ্টার যুদ্ধবিরতি ঘোষণা

খার্তুম, ২১ এপ্রিল (হি. স.) : সুদানে আর ৭২ ঘণ্টার যুদ্ধবিরতি পালন করবে সেনাবাহিনীর সঙ্গে লড়াইরত আধা সামরিক বাহিনী র‍্যাপিড সাপোর্ট ফোর্স (আরএসএফ)। আসন্ন ইদ উপলক্ষ্যে অস্ত্রবিরতিতে যাওয়ার ঘোষণা দিয়েছে আরএসএফ।

এক বিবৃতি বলা হয়, ইদের জন্য আরএসএফ ৭২ ঘণ্টার যুদ্ধবিরতি পালন করবে। এটি স্থানীয় সময় শুক্রবার সকাল ৬টায় কার্যকর হবে। বিবৃতিতে আরও বলা হয়েছে, পবিত্র ইদুল ফিতরে নাগরিকদের সরিয়ে নেওয়ার জন্য এবং তাদের পরিবারকে শুভেচ্ছা জানানোর সুযোগ দেওয়ার জন্য মানবিক করিডোর উন্মুক্ত করা হয়েছে।

সুদানে সেনাবাহিনীর সঙ্গে আধা সামরিক বাহিনী র‍্যাপিড সাপোর্ট ফোর্সের লড়াইয়ে এখন পর্যন্ত ৩৫০-এরও বেশি মানুষ নিহত হয়েছে। আহত হয়েছে তিন হাজারেরও বেশি। রাজধানী খার্তুম ছেড়ে পালাচ্ছে হাজার হাজার বাসিন্দা। একইসঙ্গে অনেক দেশ সুদান থেকে তাদের নাগরিকদের সরিয়ে নেওয়ার প্রস্তুতি শুরু করেছে।

গেল শনিবার সকাল থেকে সুদানের রাজধানীতে দুই পক্ষের মধ্যে সংঘাত শুরু হয়। চলমান এই সংঘাতের কারণে জনজীবনে সংকট নেমে এসেছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডাব্লিউএইচও) জানিয়েছে, সরবরাহ সংকটের কারণে সারা দেশের সাতটিরও বেশি অঙ্গরাজ্যে সমস্যা তৈরি হয়েছে।

সুদানে ডব্লিউএইচওর প্রতিনিধি ডা. নিমা সায়েদ আবিদ বলেন, 'এখন বেশির ভাগ হাসপাতাল থেকে ওষুধের সরবরাহ, রক্ত, অক্সিজেন ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্বাস্থ্য সরঞ্জামের সংকটের খবর পাওয়া যাচ্ছে।'

# এনএইচএম-এর আওতায় চিকিৎসকদের অবসরের বয়স বাড়ানো হল

কলকাতা ২১ এপ্রিল (হি. স.) : রাজ্যের বিভিন্ন প্রান্তে বিশেষত প্রত্যন্ত এলাকার স্বাস্থ্যকেন্দ্রগুলিতে অনেক সময় চিকিৎসকের অভাবে যথাযথ চিকিৎসা পরিষেবা মেলে না বলে অভিযোগ ওঠে। তা নিয়ে নবান্নে অভিযোগও জমা পড়েছে। মুখ্যমন্ত্রী নিজে এ বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। এমনকী কলকাতার সরকারি হাসপাতালগুলির ডাক্তারদের নিয়মিত গ্রামাঞ্চলে গিয়ে চিকিৎসা পরিষেবা দেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। এবার রাজ্যে চিকিৎসা পরিষেবা আরও মসৃণ করতে এবং চিকিৎসক সংকট কাটাতে বড়সড় উদ্যোগী হল স্বাস্থ্য দফতর। জাতীয় স্বাস্থ্য মিশনের (এনএইচএম) আওতায় এবার চিকিৎসকদের অবসরের বয়স বাড়ানো হল।

রাজ্য সরকারের তরফে বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়েছে, এনএইচএম-এর অধীন চুক্তিভিত্তিক চিকিৎসকদের আগে নিয়োগের বয়সসীমা ৬২ বয়স ছিল, এখন তা বাড়িয়ে করা হল ৬৭ বছর।


আর মেডিক্যাল অফিসারদের আগে অবসরের বয়স ছিল ৬৫, এখন তা বেড়ে দাঁড়াল ৭০ বছর। মনে করা হচ্ছে, চিকিৎসকদের কার্যকালের মেয়াদ বৃদ্ধিতে চিকিৎসক সংকট কমবে।

শুক্রবার বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়েছে, সরকারি চিকিৎসকদের অবসরের বয়স বাড়ানো হল।বাড়ল চুক্তিভিত্তিক চিকিৎসকদেরও কার্যকালের মেয়াদ বাড়ল। এর আওতায় কারা পড়বেন? জানা যাচ্ছে, গ্রামীণ ও জেলা হাসপাতালগুলিতে যাঁরা এমবিবিএস বা এমডি (জেনারেল মেডিসিন), মূলত তাঁদেরই অবসরের বয়স বাড়ল।

রাজ্যে এই চিকিৎসকদের সংখ্যা প্রায় ৪৫০০। সকলেই এবার থেকে ৬৫-এর বদলে ৭০ বছর পর্যন্ত কাজ চালিয়ে যেতে পারবেন। এছাড়া চুক্তিভিত্তিক চিকিৎসকদেরও অবসরের বয়স বাড়ল ৫ বছর। তাঁরা ৬২ থেকে বেড়ে তা দাঁড়াল ৬৭ বছর। চলতি বছরের ১ এপ্রিল থেকে নয়া নিয়ম কার্যকর হচ্ছে।

# শুভেন্দুকে আইনি নোটিস তৃণমূল সাংসদ অপরূপার, থানায় দায়ের অভিযোগও

হুগলি, ২১ এপ্রিল (হি. স.) : নিয়োগ দুর্নীতিতে নাম জড়িয়ে তাঁকে কালিমালিপ্ত করার অভিযোগে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং বিজেপি নেতা তথা আইনজীবী তরুণজ্যোতি তিওয়ারিকে মানহানির নোটিস পাঠালেন হুগলির আরামবাগের তৃণমূল সাংসদ অপরূপা পোদ্দার।



ওই দু'জনের বিরুদ্ধে শ্রীরামপুর থানায় একটি অভিযোগও করেছেন ওই তৃণমূল সাংসদ। অপরূপার এই পদক্ষেপের কড়া নিন্দা করেছে বিজেপি। অপরূপা বলেন, "শুভেন্দু'দা এবং তরুণজ্যোতি তিওয়ারি'দা কে সম্মান দিয়েই বলছি, আপনাদের বিরুদ্ধে কেস করলাম। শ্রীরামপুর থানাতেও অভিযোগ করলাম। এ বার আসল তথ্য সামনে আনুন। আদালতে দেখা হবে।"

এ নিয়ে চন্দননগর কমিশনারেটের ডিসি (শ্রীরামপুর) অরবিন্দ আনন্দ জানিয়েছেন যে, বিষয়টি নিয়ে একটি জেনারেল ডায়েরি করেছেন সাংসদ।

অপরূপার আইনজীবী জয়দীপ মুখোপাধ্যায় জানিয়েছেন যে, আরামবাগের সাংসদের নামে ভুয়ো চিঠি সমাজমাধ্যমে ছড়িয়ে তাঁকে কালিমালিপ্ত করার চেষ্টা করেছেন রাজ্যের বিরোধী দলনেতা এবং বিজেপির ওই আইনজীবী নেতা।

জয়দীপবাবুর কথায়, "অপরূপার নাম করে একটি ভুয়ো চিঠি সমাজমাধ্যমে ছড়িয়ে তাঁকে কালিমালিপ্ত করার চেষ্টা করেছেন ওই দু'জন।

তাতে বলা হয়েছে, তিনি না কি নিয়োগ দুর্নীতিতে যুক্ত। আমার মক্কেল অপরূপা এই চিঠির সত্যতা সম্পর্কে সন্দিহান। আমরা এটাকে চ্যালেঞ্জ করেছি। আমরা দু'জনকেই মানহানির নোটিস পাঠিয়েছি।" ওই দু'জন অবিলম্বে ক্ষমা না চাইলে আদালতে ২০ লক্ষ টাকা ক্ষতিপূরণ চেয়ে মামলা করা হবে বলে জানিয়েছেন অপরূপার আইনজীবী।

## ধূপগুড়িতে লাইনচ্যুত মালগাড়ির ইঞ্জিন

ধূপগুড়ি, ২১ এপ্রিল (হি.স.): বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা। বৃহস্পতিবার রাতে জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি স্টেশন থেকে ৫০০ মিটার দূরে একটি মালগাড়ির ইঞ্জিন লাইনচ্যুত হয়ে যায়। সেই ঘটনাকে কেন্দ্র করে স্থানীয়দের মধ্যে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়। ধূপগুড়ি জিআরপি ক্যাম্পের ইনচার্জ উত্তম কুমার রায় জানিয়েছেন, মালগাড়িটি অনেকদিন আগেই ধূপগুড়ি স্টেশনে এসেছিল। সেটাতে সিমেন্ট বোঝাই ছিল। সিমেন্ট নামানো হয়ে যাওয়ার কারণে গতকাল রাতে সেই মালগাড়ির খালি বগি গুলির সঙ্গে ইঞ্জিনের সংযোগ করার কাজ চলছিল। সেই সময় চার নম্বর লাইন থেকে ওই মালগাড়ির ইঞ্জিনটিকে ৫ নম্বরে নিয়ে যাওয়া হচ্ছিল। কোনও কারণে সেই ইঞ্জিনটি লাইনচ্যুত হয়ে যায়। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে রেল।

## যোগীর সাথে সৌজন্য সাক্ষাৎ করলেন সুনীল গাভাস্কার

লখনউ, ২১ এপ্রিল (হি. স.) : লিটল মাস্টার নামে খ্যাত প্রাক্তন ক্রিকেটার সুনীল গাভাস্কার শুক্রবার মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাই ট্রাস্ট মুম্বইয়ের পদাধিকারী শ্রীনিবাসের সঙ্গে সকালে মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে পৌঁছেছিলেন লিটল মাস্টার। মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এবং সুনীল গাভাস্কার উত্তর প্রদেশে খেলাধুলার সম্ভাবনা এবং প্রচার নিয়ে আলোচনা করেছেন। মুখ্যমন্ত্রী যোগী লিটল মাস্কারকে ওডিওপি পণ্য উপহার দেন।

## নবান্নে ডিএ বৈঠক

কলকাতা, ২১ এপ্রিল (হি. স.) : বকেয়া ডিএ নিয়ে শুক্রবার বিকেলে রাজ্য সরকারের সঙ্গে বৈঠকে বসতে চলেছে যৌথ সংগ্রামী মঞ্চ। তবে, এই বৈঠক নিয়ে সংশয় রয়েছে অনেকের মনে। এদিন বিকেলে নবান্নে এই বৈঠক ডাকা হয়েছে। এ নিয়ে একটি নোটিসও জারি করেছে নবান্ন। জানা গিয়েছে, রাজ্য সরকারের সঙ্গে আলোচনায় অনেক কর্মী সংগঠনই অংশ নিতে চাইছে। অন্যান্য সংগঠনের সদস্যরা আলোচনায় অংশ নিতে পারবেন, কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে জানাল রাজ্য। এদিন বৈঠকে ছ'জন ছাড়াও অন্যান্য সংগঠনের সদস্যরা উপস্থিত থাকতে পারবেন। আদালতের নির্দেশে সরকারি কর্মচারীদের তরফে ৫ জন থাকার নির্দেশ দেওয়া হয়। কিন্তু গতকাল সেই সংখ্যা বাড়িয়ে ৬ জন করে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। রাজ্যের অ্যাডভোকেট জেনারেল জানিয়েছেন, আরও বেশ কয়েকটি সংগঠন আলোচনায় অংশগ্রহণ করতে চেয়ে আবেদন জানিয়েছেন। যাঁরা আসতে চান সবাইকে স্বাগত।

# হিমাচলের বিজেপি সভাপতি সুরেশের, নাড্ডার কাছে জমা দিলেন ইস্তফাপত্র



শিমলা, ২১ এপ্রিল (হি.স.): শিমলা পৌর কর্পোরেশন নির্বাচনের ঠিক আগে, হিমাচল প্রদেশের বিজেপি সভাপতি সুরেশ পদত্যাগ করেছেন। বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডার কাছে ইস্তফাপত্র হস্তান্তর করেছেন তিনি, শুক্রবার দলীয় সূত্রে এমনটাই জানা গিয়েছে। বিজেপি সূত্রে খবর, কাশ্যপ বিজেপি সভাপতি পদ থেকে ইস্তফা দেওয়ার জন্য 'ব্যক্তিগত কারণ' উল্লেখ করেছেন।

রাজীব বিন্দালের পদত্যাগের পরে, ২০২০ সালের ২২ জুলাই হিমাচল প্রদেশ বিজেপির সভাপতি নিযুক্ত হয়েছিলেন সুরেশ কাশ্যপ, তার কার্যকাল একটি দুর্বল ছিল। দল ২০২১ সালের নভেম্বরে মান্ডি লোকসভা আসনের উপনির্বাচনে এবং আরকি, ফতেহপুর এবং জুব্বাল-কোটখাই বিধানসভা কেন্দ্রগুলিতে পরাজয়ের সম্মুখীন হয়েছিল। ২০২২ সালের ডিসেম্বরে অনুষ্ঠিত বিধানসভা নির্বাচনেও হেরেছিল বিজেপি।

# জীবিত শিশুকে মৃত বলে ঘোষণা করার অভিযোগে ভালুকা গ্রামীণ হাসপাতালে বিক্ষোভ




মালদা, ২১ এপ্রিল (হি. স.) : জীবিত শিশুকে মৃত বলে ঘোষণা করার অভিযোগ উঠল মালদার ভালুকা হাসপাতালের বিরুদ্ধে। শুক্রবার ভালুকা গ্রামীণ হাসপাতালে বিক্ষোভও দেখান গ্রামবাসীরা। ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। তাঁদের অভিযোগ, ভালুকা এলাকার গোবরা গ্রামের বাসিন্দা তপন মহালদারের পাঁচ দিনের বাচ্চা বৃহস্পতিবার রাতে হঠাৎই অসুস্থ হয়ে পড়ে। বাড়ির লোকজন তাকে স্থানীয় ভালুকা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যায়। পরিবারের দাবি, সেখানে কর্তব্যরত মেডিক্যাল অফিসার আইফারানা ইয়াসমিন শিশুটিকে মৃত বলে ঘোষণা করেন। বাচ্চাটিকে বাড়িতেও ফিরিয়ে নিয়ে যাওয়ার কথা বলেন তিনি।

এদিকে, বাড়ির লোকজনের দাবি, শিশুটিকে বাড়িতে নিয়ে গেলে দেখেন চোখ মেলে তাকিয়েছে সে। নিঃশ্বাসও নিচ্ছে। আবারও ওই শিশুকে নিয়ে ভালুকা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ছোটে পরিবার। তখন কর্তব্যরত চিকিৎসক তাকে চাঁচলে রেফার করেন বলে পরিবারের লোকজনের দাবি। চাঁচল মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানে তাকে মৃত বলে ঘোষণা করা হয়। পরিবারের লোকজনের কথায়, চাঁচল মহকুমা হাসপাতালের চিকিৎসকরা জানান, কিছুক্ষণ আগে আনলে শিশুটিকে বাঁচানো যেত।

এরপরই পরিবারের লোকজন, গ্রামবাসী ক্ষোভে ফেটে পড়েন। চিকিৎসার গাফিলতির অভিযোগ তুলে ভালুকা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বিক্ষোভ দেখাতে শুরু করেন। দীর্ঘক্ষণ ঘেরাও চলে হাসপাতালে। তাঁদের অভিযোগ স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসকের গাফিলতির কারণে শিশুটি মারা যায়। গ্রামবাসী ভালুকা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক আইফারানা ইয়াসমিনের উপযুক্ত শাস্তির দাবিও তোলেন। পরিস্থিতি সামাল দিতে ছুটে যায় পুলিশবাহিনী। যদিও অভিযুক্ত ওই চিকিৎসক আইফারানা ইয়াসমিন জানান, শিশুটিকে যখন হাসপাতালে নিয়ে আসা হয় তার আগেই শিশুটি মারা গিয়েছিল।

## পুঞ্চে জঙ্গি হামলার তদন্তে এনআইএ, হামলাকারীদের খোঁজে তল্লাশি অভিযান জারি




জম্মু, ২১ এপ্রিল (হি.স.): জম্মু ও কাশ্মীরের পুঞ্চে জঙ্গি হামলায় ৫ সেনা জওয়ানের মৃত্যুর তদন্তে এনআইএ-র দল শুক্রবার ঘটনাস্থলে পৌঁছেছে। তাদের সঙ্গে ছিলেন ফরেন্সিক বিশেষজ্ঞরা। বৃহস্পতিবার অপরাহ্নে রাজৌরি সেক্টরের ভিমবেরগলি এলাকায় অজ্ঞাত পরিচয় সন্ত্রাসবাদীরা সেনাবাহিনীর গাড়ি লক্ষ্য করে গুলিবর্ষণ করলে তাতে আগুন ধরে যায়। জঙ্গিরা গ্রেনেড ছোঁড়ে বলে মনে করা হচ্ছে। এই হামলায় নিহত হন রাষ্ট্রীয় রাইফেলসের পাঁচ জওয়ান। সেনাপ্রধান জেনারেল মনোজ পান্ডে বলেছেন, ভারতীয় সেনাবাহিনী অকুতোভয় পাঁচ সৈনিকের চরম আত্মবলিদানকে কুর্ণিশ জানান।

জইশ-ই-মহম্মদ সমর্থিত একটি সংগঠন হামলার দায় স্বীকার করেছে। এই হামলার তদন্তে শুক্রবার ঘটনাস্থলে পৌঁছেছেন জাতীয় তদন্তকারী দলের আধিকারিকরা। পাশাপাশি জঙ্গিদের খোঁজে তল্লাশি অভিযান জারি রয়েছে।

## তেহট্টের তৃণমূল বিধায়কের বাড়িতে সিবিআই

নদিয়া, ২১ এপ্রিল (হি. স.) : নিয়োগ দুর্নীতির তদন্তে তৃণমূল বিধায়ক তাপস সাহার বাড়িতে হানা দিল সিবিআই। শুক্রবার বিকেলে নদিয়ার তেহট্টে তাপসের বাড়িতে পৌঁছেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা।

শুক্রবার বিকেল ৩টে ৩৫ মিনিট নাগাদ তাপসের বাড়িতে যায় সিবিআই দল। মোট ৫টি গাড়িতে করে আসেন তদন্তকারীরা। সঙ্গে ছিলেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। তদন্তকারীদের হাতে বেশ কিছু নথি ছিল। সিবিআইয়ের অভিযানের সময় বাড়ি লাগোয়া কার্যালয়ে ছিলেন তাপস। তৃণমূল বিধায়কের বাড়িতে ঢুকেই সদর দরজা তালাবন্ধ করে দেন তদন্তকারীরা। তালাবন্ধ করে দেওয়া হয় বিধায়কের কার্যালয়ও। তাপসকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। নিয়োগ দুর্নীতি মামলায় গত ১৮ এপ্রিল তাপসের বিরুদ্ধে সিবিআই তদন্তের নির্দেশ দেয় কলকাতা হাই কোর্ট। এই নির্দেশের ৩ দিনের মধ্যেই তাঁর বাড়িতে হানা দিল সিবিআই।

কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের নিয়ে তাপসের বাড়িতে যান ১২ জন তদন্তকারী। তাপসের বাড়ির সমস্ত দরজা বন্ধ করে দেওয়া হয়। বাড়ি লাগোয়া কার্যালয়েও যায় সিবিআই দল।

# কর্ণাটকে কংগ্রেসকে সুযোগ দেওয়া মানে উন্নয়নকে পিছিয়ে দেওয়া : জে পি নাড্ডা



বিদর, ২১ এপ্রিল (হি.স.): কংগ্রেসের বিরুদ্ধে ফের আক্রমণ শানালেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা। শুক্রবার কর্ণাটকের বিদরে শ্রী রামকৃষ্ণ মিশন আশ্রমের একটি অনুষ্ঠানে নাড্ডা বলেছেন, আমি যখন কংগ্রেসের কথা বলি, তখন বুঝতে পারি তাঁরা একটাই কাজ করেছে যা দেশের ঐক্যকে ভেঙে দিচ্ছে। কংগ্রেস সমাজ ও দেশকে বিভিন্ন অংশে বিভক্ত করেছে।

নাড্ডা আরও বলেছেন, কর্ণাটকে কংগ্রেসকে সুযোগ দেওয়ার অর্থ কর্ণাটকে ডাবল ইঞ্জিন সরকার থেকে বিরত রাখা এবং কর্ণাটকের উন্নয়নকে পিছিয়ে দেওয়া। নাড্ডা আরও বলেছেন, কর্ণাটকের জনগণের কল্যাণ নিশ্চিত করাই আমাদের মূলমন্ত্র এবং কংগ্রেসের মূলমন্ত্র হল কর্ণাটকের জনগণ ও দেশকে লুট করা। এটা সত্য যে কংগ্রেস মানে দুর্নীতি, আর কংগ্রেস মানে কমিশন এবং অপরাধীকরণ। নাড্ডার কথায়, স্বাধীনতার পর থেকে কংগ্রেস দেশ ভাগ করা ছাড়া আর কিছুই করেনি। কংগ্রেস ভাষার ভিত্তিতে, অঞ্চলের ভিত্তিতে, বিশ্বাসের ভিত্তিতে, ধর্মের ভিত্তিতে বিভাজন করেছে, আর কী নয়! সবকিছু বিভক্ত করার প্রচেষ্টায়, তারা নিজেরাই """"বিভক্ত"""" হয়ে শেষ হয়েছে, তাদের আর কিছুই নেই।

# গ্যাস সিলিন্ডার ফেটে গার্ডেনরিচে বাড়িতে আগুন, দুই শিশু-সহ আহত ২২ জন



কলকাতা, ২১ এপ্রিল (হি.স.): কলকাতার গার্ডেনরিচ এলাকার ১৩৫ নম্বর ওয়ার্ডের বিচালী রোডে গত সন্ধ্যায় গ্যাস সিলিন্ডার ফেটে দুই শিশু-সহ ২২ জন আহত হয়েছেন। তাঁদের মধ্যে দু''জনের অবস্থা গুরুতর। পাঁচ তলা বাড়ির একতলায় একটি অনুষ্ঠান চলাকালীন এই বিপত্তি ঘটে। অগ্নিদগ্ধ দু''জনকে সিএমআরআই ও ২০ জনকে এসএসকেএম হাসপাতালে নিয়ে যায় পুলিশ। এদের মধ্যে ১৬ জন ট্রমা কেয়ারে ও ৪ জন বার্ন ইউনিটে ভর্তি। মহম্মদ আজীম ও মহম্মদ শেকু নামে দু''জনের অবস্থা আশঙ্কাজনক। দমকলের তিনটি গাড়ি এক ঘন্টার চেষ্টায় আগুন নেভায়। খবর পেয়ে এসএসকেএম হাসপাতালে আহতদের দেখতে যান মন্ত্রী ফিরহাদ হাকিম। খুশির ঈদের মুখে এই ঘটনায় এলাকার মানুষ বিষণ্ন। বৃহস্পতিবার সন্ধ্যায় (৫টা ৪৫ মিনিট নাগাদ) বিচালি ঘাট রোডের একটি বাড়ির এক তলায় আগুন লেগে যায়। তার জেরেই এই কাণ্ড। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ এবং দমকল। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ঘটনার সময় বাড়ির লোকজন রান্না করছিলেন। সিলিন্ডার ফেটে ও আগুনে ২২ জন আহত হয়েছেন। সেখান থেকে ফরেনসিক নমুনা সংগ্রহ করেছে পুলিশ। গ্যাস সিলিন্ডারের অংশও মিলেছে।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## কোন সময় ফল খাওয়া উচিত কখন ফল খাওয়া মারাত্মক ক্ষতিকর



খাবার অন্তত এক ঘণ্টা পর ফল খাওয়া উচিত। কারণ খাওয়ার পরেই ফল খেলে খাবারের আগে ফল হজম হয়ে যায়। ফলের পুষ্টিগুণ শরীরে দ্রুত পৌঁছে যায় এবং খাবারের অনেক পুষ্টিগুণ শরীরে শোষিত হয় না।

অন্যদিকে, রাতে ঘুমানোর আগে ফল খাওয়ার সবচাইতে খারাপ সময়। কারণ ঘুমানোর আগে রক্তে শর্করার মাত্রা বেড়ে ঘুম আসবে না। এমনকি রাতের খাবারটাও ঘুমানোর কমপক্ষে দুই ঘণ্টা আগে খাওয়া উচিত। অন্যথায় বদহজম দেখা দিতে পারে।

এছাড়াও অন্যান্য খাবার খাওয়ার পরপরই ফল খাওয়ার মাঝখানে কমপক্ষে এক ঘণ্টার ব্যবধান রাখা উচিত। কারণ এক্ষেত্রেও বদহজম হতে পারে এবং ফলের পুরোপুরি পুষ্টিগুণ শরীরে শোষিত হবে না। ডায়াবেটিসে আক্রান্ত রোগিদের ক্ষেত্রে এই ব্যবধান হওয়া উচিত অন্যান্য খাবার খাওয়ার আগে কমপক্ষে দুই ঘণ্টা।

আর অন্যান্য খাবারের সঙ্গে ফল খেলে হজম পদ্ধতি ধীর করে দেয়। অর্থাত ফল দীর্ঘসময় পাকস্থলিতে থেকে যায়। যা ফলটির ''ফার্মেন্টেশন''র দিকে নিয়ে যেতে পারে। আঁশ বেশি থাকায় ফল এমনিতেই হজম হতে সময় লাগে। অন্য খাবারের সঙ্গে মিশিয়ে খেলে তা আরও ধীরে হজম হয়।

ফলের সর্বোচ্চ পুষ্টি গ্রহণের জন্য নির্দিষ্ট সময়ে ফল খাওয়া উচিত। বিশেষজ্ঞদের মতে, দিনে একবাটি তাজা ফল আপনাকে সুস্থ রাখবে। তবে তা খেতে হবে সূর্যাস্তের আগেই। এছাড়াও সূর্যাস্তের পর আমাদের বিপাক ধীর হয়ে যায় এবং কার্বস হজম করা কঠিন হয়ে পড়ে।

খাবারের সঙ্গেও ফল যোগ করা উচিত নয় বা খাবারের পরপরই খাওয়া উচিত নয়। খাবার এবং ফল খাওয়ার মাঝে অন্তত দুই-তিন ঘণ্টা অপেক্ষা করতে হবে। বেশিরভাগ ফলই কার্বোহাইড্রেট সমৃদ্ধ। দ্রুত শক্তির একটি দুর্দান্ত উতস হচ্ছে ফল, তবে এটি রক্তে শর্করার মাত্রাও বাড়িয়ে তোলে। রক্তে শর্করার মাত্রা বৃদ্ধির কারণে এটি ঘুমকে ব্যাহত করতে পারে।

## চুলের দুর্গন্ধ কিভাবে সুগন্ধে রূপান্তরিত করবেন

মানুষের ব্যক্তিত্বের বিশেষ অংশ চুল। শুষ্ক, দুর্গন্ধযুক্ত চুল আমরা কেউই পছন্দ করি না। চুলে দুর্গন্ধ হলে তা অনেক সময় বিরক্তির কারণও হয়। এই সমস্যা থেকে মুক্তির উপায় কি? আপনারো যদি একই প্রশ্ন থাকে তবে এ প্রতিবেদনটি আপনাকে সাহায্য করবে। চুলের জন্য সুগন্ধযুক্ত বিশেষ সিরাম ও শ্যাম্পু তৈরি করা যায়। এগুলো খুব সহজেই আপনি চাইলে বাসায় তৈরি করতে পারেন। এই চুলের সুগন্ধি বানানো খুব সহজ ও সাশ্রয়ীর পাশাপাশি পুষ্টিকর এবং বিষমুক্তও।

একটি কাচের বাটিতে, ১ টেবিল চামচ ভেষজ তেল নিন। এর সঙ্গে ১০-১২ ফেঁটা প্রয়োজনীয় সুগন্ধি তেল যোগ করুন। পছন্দমতো ল্যাভেন্ডার বা জুঁই ফুলের সুগন্ধি দিতে পারেন। এর পর এর সঙ্গে আধা কাপ পরিশোধিত গোলাপ জল মেশান। ভালোভাবে নাড়ুন এবং একটি স্প্রে বোতলে ঢেলে রাখুন। বাইরে বেরোনোর আগে বা যখনই আপনার মনে হবে 'আপনার চুলে সুগন্ধ ও চমক প্রয়োজন, এটি স্প্রে করুন।

ভেষজ তেল চুলকে ময়েশ্চারাইজ এবং পুষ্ট করে, পাশাপাশি চুলের আগা ফাটা প্রতিরোধ করে। শুধু তাই নয়, এতে থাকা সুগন্ধি তেল চুলের দুর্গন্ধ দূর করে ও চুল পুনর্জীবিত করতে সহায়তা করে। ঘুমাতে যাওয়ার আগে সুগন্ধি ছড়িয়ে নিলে এটি ভাল ঘুমের আমেজ তৈরিতেও সহায়তা করে। অন্যদিকে গোলাপ জল মাথার ত্বকের শুষ্কতার সঙ্গে খুশকি এবং চুলকানি কমায়।



## গুড় খাওয়ার ফলে যে উপকার গুলি পাবেন জেনেনিন



সারা দিনের নানা কাজকর্মের শেষে অনেক সময় শরীরে আর শক্তি থাকে না। অসম্ভব ক্লান্ত আর অবসন্ন লাগে সারাদিন। এমন অবস্থায় হাতের কাছে একটি পানীয় হতে পারে আপনার সকল ক্লান্তির চিকিতসা। হালকা গরম পানিতে গুড় মিশিয়ে খেলেই দূর হবে সব ক্লান্তি।

গুড়ে কার্বোহাইড্রেট আছে, তাই এটি শরীরে তাতক্ষণিক এনার্জি জোগাতে সক্ষম হয়। শুধু এনার্জির জোগান দেওয়া নয়, গুড় শরীরের পক্ষে নানা দিক দিয়েই ভালো। আয়ুর্বেদ শাস্ত্রেও গুড়ের নানা উপযোগিতার কথা বলা আছে। ওষুধের উপর নির্ভরশীল না হয়ে প্রাকৃতিক ভাবে সুস্থ থাকতে হলে গুড়ই যথেষ্ট। তবে রিফাইন করা চিনির চেয়ে আখ বা খেজুরের রস দিয়ে তৈরি গুড় স্বাস্থ্যের পক্ষে অনেক ভালো। এনার্জির জোগান দেওয়া ছাড়া গুড় জল আর কি কি করে উপকার করে শরীরের, সেটা একবার দেখে নেওয়া যাক।

মেটাবলিজম ও রোগপ্রতিরোধ ক্ষমতা বাড়ায় :

ম্যাগনেসিয়াম, ভিটামিন বি ১, বি ৬ ও ভিটামিন সি দ্বারা পরিপূর্ণ হল গুড়। এছাড়াও এতে আছে জিঙ্ক, সেলেনিয়াম ইত্যাদির মতো খনিজ। তাই সকালে বা রাত্রে শুতে যাওয়ার আগে গুড় জল পান তা মেটাবলিজম বাড়িয়ে দেয় আর রোগপ্রতিরোধ ক্ষমতাও দৃঢ় করে।

ওজন কমায় : বেশিরভাগ সময়ই আমরা ভুল ধারণার বশবর্তী হয়ে বলি যে মিষ্টি খেলেই ওজন বাড়ে। কিন্তু মিষ্টি খেলেও যে ওজন কমে, এটা কী ভাবে সম্ভব? গুড়ের ক্ষেত্রে এটা সম্ভব। গুড়ে পটাসিয়াম আছে বলে এটি শরীরে ইলেকট্রোলাইট সমতা বজায় রাখে। তাই জল ধরে রাখার ক্ষমতা অনেকটাই কমে যায় আর বাড়তি মেদও কমে। পেশি গঠনেও সাহায্য করে গুড়। শরীর সুস্থ রাখে : গুড় প্রাকৃতিকভাবে লিভার পরিস্রুত করে এবং রক্তও পরিষ্কার করে। নিয়মিত গুড় খেলে ত্বকের উজ্জলতা বাড়বে এবং শরীর টক্সিনমুক্ত হবে।

## জানেন কি লেবুর রসে নয়, উপকার বেশি খোসায় !

যে কোন খাবারের স্বাদ বাড়াতে লেবুর কোন জুড়ি নেই। এর সাথে লেবুর আছে সুঘ্রাণ। যা খাবারে তৃপ্তি দেয়। অনেকে আবার সুস্থতার জন্য সকালে লেবু জল পান করে থাকে। তবে আমরা লেবুর রস রেখে খোসাটা ফেলে দেই। কারণ আমরা জানিই না যে এই খোসাতে আছে কত অজানা ও চমতকার সব উপকারিতা। লেবুর রসের চেয়ে ৫-১০ গুণ বেশি ভিটামিন আছে লেবুর খোসায়। লেবু আমাদের স্বাস্থ্য, ত্বক এবং চুলের জন্যেও খুবই উপকারি। খোসাতে আছে ক্যালসিয়াম ও পটাসিয়ামের মত খনিজ উপাদান, ফাইবার ও ভিটামিনে সমৃদ্ধ।

চলুন জেনে নেই লেবুর খোসার জাদুকরী উপকারিতা সম্পর্কে।

১. ত্বকের সানবার্ন প্রতিরোধ করতে লেবুর খোসা সরাসরি ত্বকে প্রয়োগ করলে বেশ উপকার পাওয়া যায়। এতে ত্বকের পোড়াভাব সহজেই দূর হয়। পাশাপাশি ত্বকের সৌন্দর্য বাড়াতে এতে আছে অ্যান্টিঅক্সিডেন্ট উপাদান।

২. লেবুর খোসা হজম শক্তি এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় খুব সহজেই।

৩. দেহের অতিরিক্ত মেদ কমাতেও লেবুর খোসা অনেক উপকারী।

৪. এতে প্রচুর পরিমাণের ভিটামিন সি থাকায় দাঁতের জন্য বেশ কার্যকর ভূমিকা রাখে। লেবুর খোসা দাঁতের বিভিন্ন অসুখ থেকে রক্ষা করে। হাড়ের বিভিন্ন অসুখ যেমন, পলি আর্থারাইটিস, অস্টিওপরোসিস এবং বিভিন্ন প্রকার আর্থারাইটিস প্রতিরোধ করে।

৫. প্রত্যহ লেবুর খোসা খেলে শরীরে সাইট্রিক অ্যাসিডের মাত্রা বৃদ্ধি পায়। যার ফলে কিডনিতে পাথর হওয়ার ঝুঁকি কমায়।

৬. লেবুর খোসা শরীর থেকে স্ট্রেস কমাতে সহায়তা করে।

৭. লেবুর খোসাতে আছে সয়ালভেসস্ট্রল কিউ ৪০ ও লিমোনেন্স, যা ক্যান্সারের কোষ ধ্বংস করে, বাকটেরিয়াল ও ছত্রাক সংক্রমণের প্রকোপ কমায়।

৮. আমদের শরীরে কোলেস্টেরলের মাত্রা বজায় রাখে লেবুর খোসা, যা রক্তচাপ নিয়ন্ত্রণে রাখে এবং বিভিন্ন হৃদরোগ যেমন স্ট্রোক এবং হার্ট অ্যাটাকপ্রতিরোধ করতে সহায়তা করে।



## সোনামণির বাহারি মশারি

ডেঙ্গু, চিকুনগুনিয়াসহ নানা রোগে এখন আক্রান্ত হচ্ছে সব বয়সী মানুষ। শিশুরা তো আরও ঝুঁকিতে। মশারি ব্যবহার করলে মশার এই অত্যাচার থেকে নিজে যেমন বাঁচতে পারবেন, তেমনি বাঁচাতে পারবেন আপনার সন্তানকেও। তাই ব্যাঘাতহীন ঘুমের জন্য মশারি ব্যবহার উত্তম এবং নিরাপদও। বাজারে শিশুদের জন্য আছে বাহারি মশারি। এসব মশারি যেমন শিশুকে নিরাপদ রাখবে, তেমনি রঙিন মশারি ঘরে যোগ করবে বাড়তি সৌন্দর্য।

মশা থেকে বাঁচতে

নিজ ঘরে মশা থেকে বাঁচার সবচেয়ে সস্তা, দীর্ঘস্থায়ী, কার্যকর এবং নিরাপদ উপায়টির নাম মশারি। কয়েল বা ওষুধে মশা না—ও মরতে পারে, তবে চারদিক গুঁজে নিয়ে এবং ভেতরে মশা নেই, সেটা নিশ্চিত করে মশারির ভেতর ঢুকে বসে থাকলে মশা যে কামড়াতে পারবে না, সে ব্যাপারে কোনো সন্দেহ নেই। নিউমার্কেটের মশারি ও পর্দার দোকান মায়ের দোয়া স্টোরের বিক্রয়কর্মী আশিক হোসেন জানান, সারা বছর ছোট মশারি কমবেশি চলে।

ছোটদের মশারি

ঢাকার গুলশান ১ নম্বরের এনডিসিসি মার্কেটে মশারি কিনতে এসেছেন গৃহিণী ফারজানা খন্দকার। তিনি বলেন, 'আমার আট মাসের সন্তানের জন্য বাহারি মশারি কিনতে এসেছি। দিন দিন মশাবাহিত রোগ বাড়ছে। আমার সন্তান যেহেতু সারাক্ষণ শুয়েই থাকে, তাই দেখতে সুন্দর, এমন মশারি কিনতেই মার্কেটে আসা।' ছোট শিশুদের জন্য আলাদা মশারি বেশ জরুরি। কারণ, শিশুরা একটু আগে ঘুমিয়ে পড়ে। আর তখন বড় মশারি টানিয়ে রাখা বেশ ঝামেলার। আর না টানালে মশার উৎপাতে আপনার সোনামণি আরামে ঘুমাতে পারবে না। তা ছাড়া ডেঙ্গু জ্বরের প্রকোপ বাড়ায় শিশুদের দিনের বেলায় ঘুম পাড়ালেও মশারি টানানো জরুরি। এ ক্ষেত্রে শিশুদের জন্য ছোট মশারি ব্যবহারই সুবিধাজনক। আর এখন বাজারে শিশুদের জন্য বাহারি সব মশারিও পাওয়া যায়। এর মধ্যে কোনোটি চেইন দিয়ে তৈরি ঘরের মতো। একে স্প্রিং মশারি বলে। কোনোটি আবার লোহার দণ্ডের সঙ্গে নেট প্যাঁচানো। কোনোটি আবার ছাতার মতো খোলা যায়। কিছু আবার আছে বিছানাসহকারে তৈরি বেড সেটিং মশারি।

আপনি চাইলে মশারি রেডিমেড কিনতে পারেন আবার বানিয়েও নিতে পারেন। তবে রেডিমেডের চেয়ে বানানো মশারিই বেশি টেকসই। অবশ্য এ জন্য খরচাপাতিও একটু বেশি গুনতে হবে। সাধারণত মশারির নেট কাপড় এবং সাইজের ওপর নির্ভর করে এর দরদামের পার্থক্য।

## ঘুমের ওষুধ খেয়েও চোখে ঘুম নেই? ওষুধ ছাড়াই ঘুম আসবে যেভাবে জানুন



সমস্যার নাম ঘুমের অসুখ। আক্রান্তের হিসেব শুনলে আঁতকে ওঠার কথা! শিশু থেকে বয়স্ক, বিশ্বে শতকরা প্রায় ৪৫ শতাংশ মানুষ ঘুমের অসুখে আক্রান্ত। সারাদিন পরিশ্রমের পরেও রাতে ঘুম না আসার সমস্যা নতুন নয়। এপাশ ওপাশ করতে করতেই রাত শেষ হয় অনেকের। এমন সমস্যা কি আপনারও? ঘুমের ওষুধ খেতে হচ্ছে প্রায়ই? কিন্তু জানেন কি, ঘুমাতে যাওয়ার আগে যদি মানেন সহজ কিছু নিয়ম, তাতেই ঘুম হবে গাঢ়।

১. পা ভিজে রেখে ঘুমতে যাবেন না। চিকিতসকদের মতে, শরীরের তাপমাত্রার একাংশ নিয়ন্ত্রণ করে পা। তাই পা ভেজা থাকলে শরীরের তাপমাত্রায় ভারসাম্য থাকে না। কাজেই ভাল করে পা মুছে, শুকনা পায়ে উঠুন বিছানায়।

২. প্রতিদিন নির্দিষ্ট সময়ে ঘুমাতে যাওয়ার চেষ্টা করুন। ফোন থেকে দূরে থাকুন। ঘুমের সবচেয়ে ব্যাঘাত ঘটায় বৈদ্যুতিক সরঞ্জাম। তাই ঘুমাতে যাওয়ার ঠিক আগ মুহূর্তে গ্রুপ চ্যাট, হোয়াটসঅ্যাপ, ফেসবুক ব্যবহার থেকে বিরত থাকুন।

৩. রাতে ঘুমাতে যাওয়ার আগে ল্যাপটপ বা মোবাইলে ওয়েব সিরিজ-ছবি না দেখে, বরং কিছুক্ষণ বই পড়ুন। বই পড়লে মাথা শান্ত হয়। ফলে নিমেষেই ঘুম আসে। খবরের কাগজও পড়তে পারেন।

৪. ঘুমাতে যাওয়ার দু-ঘণ্টা আগে সারুন রাতের খাওয়া। চার ঘণ্টা আগেই নিয়ে নিন সেদিনের শেষ কফি বা চা। এই দুই নিয়মে অভ্যস্ত হতে পারলে ঘুম আসবে সহজেই।

৫. তোষক ও বিছানাও কিন্তু ঘুমে ব্যাঘাত ঘটানোর অন্যতম কারণ। খেয়াল রাখুন, সেসবের গুণগত মান যেন উন্নত হয়। আরামদায়ক তোষকে শরীরে রক্ত সঞ্চালন ভালভাবে হয়। স্নায়ু ও পেশী আরাম পায়। ঘুম আসে নিমেষে।

৬. ঘুমনোর আগে স্নান করুন। ঠান্ডা লাগার অভ্যাস না থাকলে এটি করে দেখুন। কাজে আসবে দারুণ। ঘুমের মানও ভালো হবে। শরীর থাকবে ঝরঝরে।

## ব্রকলি খাওয়ার উপকারিতাগুলি জেনেনিন



শীতকালীন সবজি ব্রকলি। অনেকটা ফুলকপির মতো দেখতে সবুজ রঙের এই সবজির চাহিদা এখন সর্বত্র। চায়নিজ খাবারের সঙ্গে দেশি খাবারেও ব্যবহৃত হচ্ছে ব্রকলি। কাঁচা বা রান্না করে খাওয়া যায় ব্রকলি।

ওজন কমাতে : ব্রকলিতে ক্যালোরির পরিমাণ কম, তাই অনেক খেলেও ওজন নিয়ন্ত্রণে থাকে। ওজন কমানোর জন্য ক্ষুধা লাগলে ব্রকলি খাওয়া যেতে পারে।

সুস্বাদু : সালাদে এবং দেশি বা বিদেশি স্টাইলে রান্না করলে ব্রকলি খেতে অনেক সুস্বাদু মনে হয়।

ক্যান্সার প্রতিরোধ : নিয়মিত ব্রকলি খেলে ক্যান্সার হওয়ার আশঙ্কা একেবারেই কমে যায়।

পুষ্টিগুণ : ক্যালোরির পরিমাণ কম হলেও ব্রোকলিতে যে ভিটামিন ও খনিজ রয়েছে, তা শরীরের জন্য অনেক গুরুত্বপূর্ণ।

হাড় সুস্থ রাখতে : ব্রকলিতে ক্যালসিয়াম বেশি থাকায় হাড় শক্তিশালী ও মজবুত হয়।

অ্যান্টি-অক্সিডেন্ট : ব্রকলিতে ভিটামিন কে, আয়রন আর পটাশিয়ামের পাশাপাশি প্রচুর পরিমাণ ফ্ল্যাভিনয়েড, লিউটেন, ক্যারোটিনয়েড, বিটা-ক্যারোটিনসহ উচ্চমানের নানা অ্যান্টি-অক্সিডেন্ট থাকে। এ সময় সুস্থতার জন্য তাই খাদ্যতালিকায় ব্রকলি রাখুন।

বিপাকক্রিয়া : ব্রকলি এমন একটি সবজি, যা পেটে কোনো সমস্যা তৈরি করে না এবং সহজেই হজম হয়।

ত্বক সুন্দর রাখতে : ব্রকলিতে থাকা ভিটামিন ''সি'' ত্বক সুন্দর ও মসৃণ রাখে। এ ছাড়া ব্রকলি খেলে বয়সের ছাপ চেহারায় পড়ে না। রোগ প্রতিরোধ ক্ষমতা : ব্রকলিতে প্রচুর পরিমাণে ভিটামিন ''এ'' থাকায় তা রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। এ ছাড়া ঠাণ্ডা কাশিও প্রতিরোধ করে ব্রকলি।

## অতিরিক্ত ধাতুস্রাব অগ্রাহ্য করবেন না

মেয়েদের পিরিয়ডের সময় অতিরিক্ত রক্তপাত স্বাভাবিক মনে হলেও বিষয়টি স্বাভাবিক নয়। যে কোন মেয়েরই যাদের পিরিয়ড শুরু হয়েছে তাদের এ সমস্যা হতে পারে। সঠিক চিকিতসার অভাবে এদের অনেকেই ক্রনিক অ্যানিমিয়া-সহ নানা সমস্যায় ভোগেন। তবে রোগ নির্ণয় পদ্ধতির উন্নতি হওয়ায় এবং সচেতনতা বাড়ায় আগের থেকে অনেক বেশি রোগ ধরা পড়ছে।

গবেষণায় দেখা গিয়েছে, কিশোরী এবং ৪০ বছরের বেশি বয়সিদের অতিরিক্ত ঋতুস্রাবের ঝুঁকি বাড়ে। কারণ, কিশোরী বয়সে পিরিয়ড শুরুর সময় এবং ৪০ বছর বয়সের পর মেনোপজের আগে শরীরে সাময়িক ভাবে ইস্ট্রোজেন ও প্রোজেস্টেরন হরমোনের তারতম্য হয়। এর ফলেই অতিরিক্ত ঋতুস্রাবের সমস্যা বাড়ে। আবার অতিরিক্ত ওজনের কারণেও হেভি ব্লিডিং হতে পারে।

অতিরিক্ত ঋতুস্রাবের কারণ: ১. জরায়ুতে ফাইব্রয়েড বা টিউমার। ২. ওভারিতে কোনও সমস্যা থাকলে ঠিক মতো ডিম্বাণু নিঃসরণ হয় না। তাতে প্রোজেস্টেরন হরমোন উতপাদন কমে গিয়ে এই সমস্যা দেখা দেয়। ৩. জরায়ু লাইনিং এ বিনাইন (অর্থাত ক্যানসার নয় এমন) পলিপ হলে। ৪. জরায়ুর এন্ডোমেট্রিয়ামের সমস্যা। ৫.জন্ম নিয়ন্ত্রণের জন্য ইন্ট্রা ইউটেরাইন ডিভাইস ব্যবহার করলে তার পার্শ প্রতিক্রিয়ায়।

৬. সারভিক্সে সংক্রমণ। ৭. গর্ভপাত।৮. ইউটেরাস ও সারভিক্সের ক্যানসার হলেও অতিরিক্ত ঋতুস্রাব হয়। ৯. হরমোন ওষুধ, রক্ত পাতলা করার ওষুধের পার্শ প্রতিক্রিয়ায় অতিরিক্ত ঋতুস্রাবের ঝুঁকি থাকে।

১০. লিভার ও কিডনির অসুখ থাকলেও এই সমস্যা হতে পারে।

যে সব পরীক্ষা জরুরি: অতিরিক্ত ঋতুস্রাব হলে যেসব পরীক্ষাগুলো করা জরুরী: রক্তের হিমোগ্লোবিন এবং থাইরয়েড হরমোনের ভারসাম্য বজায় আছে কিনা জানতে রক্ত পরীক্ষা করানো দরকার। সারভিক্সে সংক্রমণ বা ক্যানসার আছে কিনা জানতে প্যাপ স্মিয়ার পরীক্ষা করা হয়।

জরায়ু থেকে টিস্যু সংগ্রহ করে এন্ডোমেট্রিয়াল বায়োপ্সি করা দরকার। ইউটেরাস, ওভারি ও পেলভিসের আল্ট্রাসাউন্ড। ইউটেরাসের লাইনিং-এর সমস্যা জানতে সোনোহিস্টেরোগ্রাফি করতে হয়। ইউটেরাস খুঁটিয়ে দেখতে হিস্টেরোস্কোপি করতে হতে পারে। অ্যানিমিয়ার ঝুঁকি: অনেক সময় হেভি ব্লিডিং হলেও অনেকে ব্যাপারটা বিশেষ আমল দেন না। পরে ঠিক হয়ে যাবে ভেবে ফেলে রাখেন। প্রতি মাসে অতিরিক্ত রক্তপাত হতে হতে রক্তাল্পতা বা অ্যানিমিয়ার ঝুঁকি বাড়ে। অন্য দিকে অ্যানিমিয়া হলেও অতিরিক্ত ঋতুস্রাব হয়। ব্যাপারটা চক্রাকারে চলতে থাকে। আবার যে কারণে হেভি ব্লিডিং হচ্ছে, তার চিকিতসা না করানোয় অসুখটা ক্রমশ জটিল হতে শুরু করে। অসুখের প্রাথমিক পর্যায়ে ওষুধ দিয়ে চিকিতসা করে কাজ হলে অনেক দিন ফেলে রাখলে রোগের জটিলতা বেড়ে যায়। বিশেষ করে মেনোপজের পর বেশি ঋতুস্রাব অনেক সময় ক্যানসারের উপসর্গ হতে পারে। তাই অসুখের শুরুতেই সঠিক চিকিতসা করা জরুরী।

# কালিয়াগঞ্জ-কাণ্ড নিয়ে ঝড় তুলতে কোমড় বাঁধছে বিজেপি

কলকাতা, ২১ এপ্রিল (হি. স.): কালিয়াগঞ্জ-কাণ্ড নিয়ে ঝড় তুলতে কোমড় বাঁধছে বিজেপি। শুক্রবার সেখানে অশান্তির মধ্যেই বিজেপি-র তিন বিধায়ক-সহ স্থানীয় কিছু নেতা ঘটনা স্থলে যান। শনিবার সেখানে যাবেন বিজেপি-র রাজ্য সভাপতি ডঃ সুকান্ত মজুমদার।

জোয়েল মুর্মু, চিন্ময় দেববর্মণ এবং সত্যেন্দ্রনাথ রায় তিন বিধায়ক-সহ বিজেপির কিছু নেতাকর্মী এ দিন ঘটনাস্থলে যান। দুপুরেই সুকান্তবাবু টুইটারে লেখেন, “বালুরঘাটের আদিবাসী মহিলাদের পাশবিক হেনস্থার পর এবার এক রাজবংশী নাবালিকাকে গণধর্ষণ!

রাজ্যের মহিলা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আপনি এখনও বলবেন বাংলার শান্তি - শৃঙ্খলার কথা!” অপর টুইটারে তিনি লেখেন, “যেখানে আপনার রাজত্বে বাংলা নারী নির্যাতনের স্বর্গ রাজ্যে পরিণত হচ্ছে, সেখানে আপনি উত্তরপ্রদেশ নিয়ে প্রশ্ন তোলেন।

ছিঃ মুখ্যমন্ত্রী!”

এর পর ফের টুইট করতে গিয়ে ঘটনাস্থলের অশান্তির ভিডিও-সহ সুকান্তবাবু লেখেন, “উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে আরেক কিশোরীকে ধর্ষণ ও হত্যা করা হয়েছে। মেয়েটি রাজবংশী (এসসি) সম্প্রদায়ের। পুলিশ দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পরিবর্তে পরিবারের সদস্যদের মারধর ও চাপ দিচ্ছে। লজ্জা!” নারী নির্যাতন নিয়ে সাংবাদিক সম্মেলন করেন বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল।

প্রসঙ্গত, কিশোরীকে ধর্ষণ করে খুনের অভিযোগ ও দোষীদের শাস্তির দাবিতে শুক্রবার ধুন্ধুমার পরিস্থিতি তৈরি হয় উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে। পুলিশের সঙ্গে বচসা-হাতাহাতি উত্তেজিত জনতার। সব মিলিয়ে অগ্নিগর্ভ এলাকা। পরিস্থিতি নিয়ন্ত্রণে ঘটনাস্থলে বিশাল পুলিশ বাহিনী। স্থানীয় সূত্রে খবর, কালিয়াগঞ্জ থানার সাহেবঘাটা গ্রামের বাসিন্দা ওই কিশোরীর সঙ্গে এলাকারই এক যুবকের প্রণয়ের সম্পর্ক গড়ে ওঠে। বৃহস্পতিবার বিকেলে বাড়ি থেকে বেরনোর পর কিশোরীর কোনও খোঁজ মেলে না। পরিবারের লোকজন বিভিন্ন জায়গায় খোঁজখবর নিলেও কোনও লাভ হয়নি। স্থানীয় পঞ্চায়েত প্রধানের কাছ থেকে বাড়ির লোকজন জানতে পারেন, ওই কিশোরী একটি ছেলের সঙ্গে রয়েছে। অবশেষে শুক্রবার সকালে বাড়ির অদূরে একটি পুকুরে ওই কিশোরীর মৃতদেহ ভাসতে দেখা যায়।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা যাচ্ছে, শুক্রবার সকালে বাড়ির অদূরে একটি পুকুরের ধারে কিশোরীর দেহ পড়ে থাকতে দেখেন স্থানীয় বাসিন্দারা। বাড়ি থেকে কাজের জন্য বেরিয়েছিল। তারপর আর ফেরেনি। স্থানীয় বাসিন্দারাই পুকুরের ধারে ওই ছাত্রীকে পড়ে থাকতে দেখেন। প্রত্যক্ষদর্শীদের দাবি, ছাত্রীর শরীর বিবস্ত্র ছিল। ওই ছাত্রীকে ধর্ষণ করে খুন করা হয়েছে বলে অভিযোগ পরিবারের। ঘটনাকে ঘিরেই উত্তপ্ত হয়ে ওঠে এলাকা। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী টুইট করেন, “বাংলার আরও এক নাবালিকাকে ধর্ষণ করে খুন করা হল। দুঃখের বিষয় ভাইপোর নিরাপত্তা নিয়ে ব্যস্ত পুলিশ। দুর্ভাগ্যের বিষয় এর মূল্য চোকাতে হচ্ছে রাজ্যের মহিলাদের। রাজ্য সরকারের নিষ্ক্রিয়তার জন্য দুর্বৃত্তরা সাহস পাচ্ছে।”

এদিন সকাল থেকে মৃতদেহ আটকে রেখে রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকেন স্থানীয় বাসিন্দারা। রাস্তায় টায়ার জ্বালিয়ে চলে বিক্ষোভ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ হিমশিম খায় পুলিশ। নামাতে হয় র‍্যাফ। শেষ পাওয়া খবর অনুযায়ী, পরিস্থিতি এখনও বেসামাল। পুলিশকে লক্ষ্য করে ইট ছুড়ছেন স্থানীয় বাসিন্দারা। প্রতিরোধ গড়তে ব্যাপক লাঠিচার্জ করছে পুলিশ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কালিয়াগঞ্জ, রায়গঞ্জ, ইটাহার থেকে বাহিনী আনা হয়েছে। ঘটনাস্থলে রয়েছেন উচ্চ পদস্থ আধিকারিকরা। বেশ কয়েকজনকে আটক করা হয়েছে।

## বঞ্চিতদের ক্ষমতায়ন, দেশকে শক্তিশালীকরণই কেন্দ্রীয় সরকারের প্রধান লক্ষ্য প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২১ এপ্রিল (হি.স.): বঞ্চিতদের ক্ষমতায়ন, দেশকে শক্তিশালীকরণই কেন্দ্রীয় সরকারের প্রধান লক্ষ্য। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুক্রবার সিভিল সার্ভিসেস দিবসের অনুষ্ঠানে প্রশাসনিক আধিকারিকদের উদ্দেশে ভাষণ দেন। সরকারি কাজে দক্ষতার স্বীকৃতিতে প্রধানমন্ত্রী উৎকর্ষ পুরস্কার প্রদান করবেন প্রধানমন্ত্রী মোদী। সাধারণ নাগরিকদের জীবনযাপনের মান উন্নততর করতে ব্যতিক্রমি এবং অভিনব কাজের স্বীকৃতিতে কেন্দ্রীয় ও রাজ্য সরকারি আধিকারিক এবং সংগঠন এই পুরস্কার পেয়ে থাকেন।

এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেছেন, সরকার এখন সময় এবং সম্পদের সর্বোত্তম ব্যবহার করছে। বর্তমানে সরকারের প্রধান লক্ষ্য ""''দেশ-প্রথম"'' এবং ""''নাগরিক-প্রথম"''। সরকারের প্রধান লক্ষ্য এখন বঞ্চিতদের ক্ষমতায়ন, দেশকে ক্ষমতায়ন করা।

মোদী আরও বলেছেন, আমলাতন্ত্র ব্যর্থ হলে দেশের ক্ষতি হবে! আমলাতন্ত্র হোঁচট খেলে তারুণ্যের স্বপ্ন চুরমার হয়ে যাবে! এই বিষয়গুলি খেয়াল রাখতে হবে। সর্দার প্যাটেলের স্বপ্ন বাস্তবায়নের পথে আপনাদের এগিয়ে যেতে হবে, যিনি আমলাতন্ত্রকে ""''ভারতের ইস্পাত ফ্রেম"'' বলে মনে করতেন।

## সুদানের পরিস্থিতি নিয়ে উচ্চপর্যায়ের বৈঠক করলেন প্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ২১ এপ্রিল (হি.স.): সুদানের পরিস্থিতি নিয়ে শুক্রবার বিকেলে এক উচ্চপর্য্যায়ের বৈঠক করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভার্চুয়ালি এই বৈঠকে মিলিত হন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, বায়ুসেনা প্রধান ভি আর চৌধুরী, বিদেশ সচিব বিনয় মোহন কোয়াত্রা-সহ শীর্ষ পদাধিকারীরা। এই বৈঠকে সুদানে আটকে পড়া ভারতীয়দের সুরক্ষার বিষয়ে মনোনিবেশ করা হয়েছে।

প্রধানমন্ত্রীর দফতর জানিয়েছে, সুদানের নিরাপত্তা পরিস্থিতি পর্য্যালোচনা করতে শুক্রবার একটি উচ্চ-পর্য্যায়ের বৈঠকের সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী মোদী। এই বৈঠকে সুদানের সাম্প্রতিকতম পরিস্থিতি মূল্যায়ন করেছেন প্রধানমন্ত্রী এবং বর্তমানে সে দেশে অবস্থানরত ৩ হাজার জনেরও বেশি ভারতীয় নাগরিকের সুরক্ষার উপর বিশেষ মনোনিবেশ করা হয়েছে। এছাড়াও এক ভারতীয় নাগরিকের মৃত্যুতে দুঃখপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী। সমস্ত আধিকারিকদের সতর্ক থাকার পাশাপাশি সামগ্রিক পরিস্থিতি পর্য্যালোচনা করতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী।

## রাষ্ট্রসঙ্ঘের মহাসচিবের সঙ্গে সাক্ষাৎ জয়শঙ্করের, জি-২০ ও সুদানের পরিস্থিতি নিয়ে হয়েছে কথা



নিউইয়র্ক ও নয়াদিল্লি, ২১ এপ্রিল (হি.স.): বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর সুদানের উদ্বেগজনক পরিস্থিতি নিয়ে বৃহস্পতিবার রাষ্ট্রসংঘের মহাসচিবের সঙ্গে আলোচনা করেছেন। তিনি বলেছেন, বাস্তবসম্মত এবং কার্য্যকর অস্ত্রবিরতির লক্ষ্যে পৌঁছতে কূটনৈতিক কি উপায় গ্রহণ করা যায়, মূলত তা নিয়েই অ্যান্তনিও গুতেরেসের সঙ্গে তাঁর কথা হয়েছে। ইউক্রেন সংঘাত এবং ভারতের জি-২০ সভাপতিত্ব-সহ অনেক বিষয়েই তাঁদের মধ্যে কথা হয়।

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন, আমাদের মধ্যে খুব ভাল আলোচনা হয়েছে, সুদান পরিস্থিতি নিয়েই বেশি কথা হয়েছে আমাদের। এছাড়াও জি-২০ এবং ইউক্রেন সংঘাত নিয়েও আলোচনা করেছি। সুদানে, রাষ্ট্রসঙ্ঘ একটি যুদ্ধবিরতি প্রতিষ্ঠার চেষ্টা করছে এবং এটি সত্যিই গুরুত্বপূর্ণ কারণ এই মুহুর্তে, যুদ্ধবিরতি না হলে এবং করিডোর না থাকলে, মানুষের পক্ষে সত্যিই বেরিয়ে আসা নিরাপদ নয়। একইসঙ্গে জয়শঙ্কর বলেছেন, আমি গায়ানা, পানামা, কলম্বিয়া এবং ডোমিনিকান রিপাবলিক যাচ্ছি।

প্রসঙ্গত, গায়ানা, পানামা, কলম্বিয়া এবং ডোমিনিকান রিপাবলিকে ৯ দিনের সফরে রওনা হচ্ছেন ডক্টর এস জয়শঙ্কর।

বিদেশমন্ত্রী হিসাবে ল্যাটিন আমেরিকান এবং ক্যারিবিয় দেশগুলিতে এটাই তাঁর প্রথম সফর। বৃহস্পতিবার অপরাহ্নে নিউইয়র্ক পৌঁছে রাষ্ট্রসংঘের সদর দফতরে আন্তনিয়ো গুতেরেসের সঙ্গে দেখা করেন তিনি।

## ডলি রায়ের প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক প্রকাশ

কলকাতা, ২১ এপ্রিল (হি. স.) : ডলি রায়ের প্রয়াণে শোক প্রকাশ করলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

শুক্রবার মুখ্যমন্ত্রী টুইটারে লেখেন, “ডলি রায়ের আকস্মিক মৃত্যুতে আমি গভীরভাবে শোকাহত। ডলি রায়। এই কঠিন সময়ে আমি মানসিকভাবে সৌগত রায় এবং শোকাহত পরিবারের সাথে রয়েছি। প্রার্থনা করছি ওঁদের জন্য। মহান কৃতিত্বের একজন মহিলার উষ্ণ উপস্থিতি ছিল আমাদের মধ্যে। তার খুব অভাব বোধ করব।“

এর আগে, পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি দফতর থেকে এদিন প্রচারিত মুখ্যমন্ত্রীর শোকবার্তায় লেখা হয়েছে, বিশিষ্ট সামাজিক ব্যক্তিত্ব (ও সাংসদ শ্রী সৌগত রায়ের স্ত্রী) ডলি রায়ের আকস্মিক প্রয়াণে আমি গভীর শোক প্রকাশ করছি। তিনি আজ সকালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

শ্রীমতী ডলি রায়, আমাদের সবার ডলি বৌদি, নিজের পেশায় একজন সফল নারী ছিলেন। আপন কৃতিত্বে তিনি তাঁর কর্মক্ষেত্রে শীর্ষে আরোহণ করেছিলেন। সেই সঙ্গে তাঁর সামাজিক শিষ্টাচার ও যোগাযোগ ছিল বিখ্যাত, সমাজের নানা স্তরে বন্ধুত্ব ও যোগাযোগ ছিল প্রবাদপ্রতিম। সৌগতদা আর ডলি বৌদির উপস্থিতিতে উজ্জ্বল হত বহু সভা।

আমি সৌগতদা সহ ডলিদির পরিবার-পরিজন ও অনুরাগীদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছি।”

## কোভিড-সংক্রমণ রোজই চিন্তা বাড়াচ্ছে! ভারতে মৃত্যু আরও ১৯ জনের, সক্রিয় রোগী ৬৬-হাজার



নয়াদিল্লি, ২১ এপ্রিল (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ সামান্য কমলেও, ১১-হাজারের ঊর্ধ্বেই রয়েছে, ফের বৃদ্ধি পেল, তবে কমেছে মৃত্যুর সংখ্যা। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ১১, ৬৯২ জন, এই সময়ে মৃত্যু হয়েছে কোভিড-আক্রান্ত ১৯ জন রোগীর।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বেড়ে ৬৬, ১৭০-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.১৫ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। ১৯ জনের মৃত্যুর পর মৃতের সংখ্যা বেড়ে ৫, ৩১,২৫৮-এ পৌঁছে গিয়েছে।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪২,৭২,২৫৬ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৬৭ শতাংশ।

বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ০০,৬৪৭ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৬,৩১, ৯৭৯ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২০ এপ্রিল সারা দিনে ভারতে ০২,২৯, ৭৩৯ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

## আলিপুরদুয়ারে আগুনে ভস্মীভূত দোকানসহ ঘর

আলিপুরদুয়ার, ২১ এপ্রিল (হি. স.) : আলিপুরদুয়ারের বীরপাড়ায় ভয়াবহ অগ্নিকাণ্ডে একটি দোকানসহ একটি বাড়ি পুড়ে গেছে। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার গভীর রাতে জেলার ধর্মশালা রোড সংলগ্ন। অগ্নিসংযোগের পর বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায়।

জানা গেছে, ঘটনার প্রায় এক ঘণ্টা পর দমকলের একটি ইঞ্জিন বীরপাড়ায় পৌঁছায়। দামকল দেরিতে আসায় স্থানীয় লোকজনকে ক্ষোভে ফেটে পড়েন। স্থানীয় লোকজন জানান, আগুনে একটি কাপড়ের দোকানসহ একটি বাড়ি সম্পূর্ণ পুড়ে গেছে। অগ্নিসংযোগে লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। তবে এই অগ্নিকাণ্ডে কোনো হতাহতের খবর নেই। স্থানীয় লোকজন জানায়, বীরপাড়ে ফায়ার স্টেশন ভবনের কাজ শেষ হলেও উদ্বোধন হয়নি। ফলে বীরপাড়া ও আশপাশের এলাকায় আগুন লাগলে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হয় দমকল বাহিনীকে।

## আগামী এক বছর জনগণকে বিনামূল্যে গ্যাস সরবরাহ করবে তুরস্ক, ঘোষণা এরদোগানের



আঙ্কারা, ২১ এপ্রিল (হি. স.) : আগামী এক বছর মাসিক ২৫ কিউবিক মিটার পর্যন্ত গৃহস্থালী কাজে ব্যবহারের জন্য বিনামূল্যে প্রাকৃতিক গ্যাস সরবরাহ করবে তুরস্ক সরকার। বৃহস্পতিবার তুরস্কের উত্তরাঞ্চলীয় প্রদেশ জোনগুলদাকের একটি উপকূলীয় প্রাকৃতিক গ্যাস বন্দর উদ্বোধনের সময় ঘোষণা করেন তুস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান।

উদ্বোধনের সময় এরদোগান বলেন, আগামী মাস থেকে গৃহস্থালীর ব্যবহারের জন্য সীমাহীন প্রাকৃতিক গ্যাস বিনামূল্যে দেয়া হবে।

তিনি বলেন, তুরস্কের কৃষ্ণ সাগরের গ্যাসক্ষেত্রে প্রাথমিকভাবে প্রতিদিন ১০ মিলিয়ন ঘনমিটার গ্যাস উৎপাদিত হবে। আগামী সময়ে প্রতিদিন গ্যাসের উৎপাদন ৪ কোটি ঘনমিটারে উন্নীত করা হবে।

প্রসঙ্গত, ২০২০ সালে দেশটির জোঙ্গুলডাকের উপকূলে সাকারিয়া ফিল্ডে প্রাকৃতিক গ্যাস ক্ষেত্রটি আবিষ্কৃত হয়। এবং গত বছর এ পাশে ক্যাকুমা-১ নামে নতুন আরেকটি গ্যাসক্ষেত্রের সন্ধান পায় দেশটি। যেখানে ৭১০ বিলিয়ন ঘনমিটারের গ্যাস মজুদ রয়েছে বলে জানায় দেশটি।

প্রসঙ্গত, আগামী ১৪ মে দেশটিতে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে। আগের চেয়ে এবারের নির্বাচনে অনেক বেশি চ্যালেঞ্জে পড়তে হতে পারে এরদোয়ানকে।নির্বাচনের জনতার মন পেতে যে তাঁর এই ঘোষণা তা আর বলার অপেক্ষা রাখে না।

## টিউলিপ গার্ডেন, ৩.৬৫ লক্ষ পর্যটক

শ্রীনগর, ২১ এপ্রিল (হি.স.): শ্রীনগরে পর্যটকদের অন্যতম প্রধান আকর্ষণ টিউলিপ গার্ডেন। সেই টিউলিপ গার্ডেন শুক্রবার থেকে বন্ধ হয়ে গেল। শুক্রবার থেকে জনসাধারণের জন্য শ্রীনগরের টিউলিপ গার্ডেন বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ, সেই মতো এদিন থেকেই টিউলিপ গার্ডেন বন্ধ করে দেওয়া হয়েছে জনসাধারণের জন্য।

কর্তৃপক্ষ জানিয়েছে, টিউলিপ ফুল প্রায় শেষ হতে চলেছে, তাই টিউলিপ গার্ডেন জনসাধারণ মানুষের জন্য বন্ধ থাকছে। এ বছর গত ১৯ মার্চ উদ্যানটি খুলে দেওয়া হয়েছিল, এবার রেকর্ড সংখ্যা পর্যটক ও সাধারণ মানুষ টিউলিপ গার্ডেন দর্শন করেছেন, সংখ্যাটি প্রায় ৩.৬৫ লক্ষ।

## রুদ্রতাপ থেকে স্বস্তির পূর্বাভাস, ২৪ ঘন্টার মধ্যেই কলকাতা-সহ দক্ষিণবঙ্গে বদলাবে আবহাওয়া



কলকাতা, ২১ এপ্রিল (হি.স.): রোদের দাপট ও তীব্র তাপপ্রবাহে বিগত কয়েকদিন ধরে দহনজ্বালায় জ্বলেছে কলকাতা-সহ গোটা দক্ষিণবঙ্গ। এই অসহনীয় গরমের অবশেষে স্বস্তির বাণী শুনিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। আগামী ২৪ ঘন্টার মধ্যেই আবহাওয়ার আমূল পরিবর্তন হতে পারে কলকাতা-সহ গোটা দক্ষিণবঙ্গে, রুদ্রতাপ থেকেও মিলবে স্বস্তি। শনিবার থেকে দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় বৃষ্টি হতে পারে। রবিবার এবং সোমবার বৃষ্টিতে ভিজতে পারে কলকাতাও।

আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, এবার ধীরে ধীরে বদলাবে আবহাওয়া। নতুন করে তাপপ্রবাহের কোনও সম্ভাবনা নেই। বরং কমবে তাপমাত্রা। আবহাওয়ার এই পরিবর্তনে সঙ্গ দেবে বৃষ্টি। দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুরে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি হতে পারে। শনিবার দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়ায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। রবিবার এবং সোমবার কলকাতা-সহ দক্ষিণবঙ্গের সব জেলায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির পূর্বাভাস জারি করা হয়েছে। বৃষ্টির সঙ্গে ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিমি বেগে বইতে পারে ঝোড়ো হাওয়া। তবে, শুক্রবার সকালের দিকেও কলকাতা-সহ দক্ষিণবঙ্গে গরম বজায় ছিল। চড়া রোদও উঠেছিল সকালের দিকে। এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রি বেশি। আগামী ২৪ ঘন্টার মধ্যে আবহাওয়া বদলে গেলে, তাপমাত্রা বাড়ার আর তেমন কোনও সম্ভাবনা নেই। উল্টে কমবে তাপমাত্রা।

প্রচন্ড গরমে পুড়তে থাকা দক্ষিণবঙ্গে সপ্তাহান্তে বৃষ্টির পূর্বাভাসের মধ্যেই শুক্রবার ভোরে কলকাতা ও দুই ২৪ পরগণার কিছু অংশে ছিটেফোঁটা বৃষ্টি হয়েছে, এই বৃষ্টির সৌজন্যে মানুষের মনে খানিকটা আশার সঞ্চার করেছে। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, বাংলাদেশ থেকে উত্তর পশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত অক্ষরেখার প্রভাবে বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ার কারণেই এই আকস্মিক বৃষ্টি। তবে রোদের তেজে মিলল না গরম থেকে স্বস্তি।

ভোরে বৃষ্টি হলেও, শুক্রবার সকালের দিকে কলকাতা-সহ দক্ষিণবঙ্গে গরম বজায় ছিল। চড়া রোদও উঠেছিল সকালের দিকে। এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রি বেশি। আগামী ২৪ ঘন্টার মধ্যে আবহাওয়া বদলে গেলে, তাপমাত্রা বাড়ার আর তেমন কোনও সম্ভাবনা নেই। উল্টে কমবে তাপমাত্রা।

## কাশীর চৌকাঘাটে মিষ্টির দোকানে ভয়াবহ আগুন

বারাণসী, ২১ এপ্রিল (হি. স.) : কাশীর চৌকাঘাটে মিষ্টির দোকানে ভয়াবহ আগুন। শুক্রবার সকালে চৌকাঘাট তিরাহে অবস্থিত গোবিন্দম মিষ্টান ভান্ডারে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে দমকলের পাঁচটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে অনেক চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনে। তবে ততক্ষণে আগুনে দোকান ও গোডাউন পুড়ে ছাই হয়ে যায়।

আগুনে লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে প্রাথমিক তথ্যানুযায়ী। চৌকাঘাট সাংস্কৃতিক কমপ্লেক্সের সামনে, অহিরণ বস্তির বাসিন্দা গোবিন্দ যাদব তার পাঁচ ভাইকে নিয়ে চৌকাঘাট তিরহে একটি দোতলা ভবনে গোবিন্দম মিষ্টান ভান্ডার নামে একটি দোকান চালান। দোকানের জনপ্রিয়তার কারণে সব সময়ই মিষ্টি কিনতে মানুষের ভিড় লেগেই থাকে। বৃহস্পতিবার রাতে যথারীতি গোবিন্দ ও তার ভাইয়েরা দোকান বন্ধ করে বাড়ি যায়। ভোর ৪টার দিকে দোকান থেকে ভয়াবহ আগুনের লেলিহান শিখা দেখতে পেয়ে দোকানে কর্মরত কারিগররা আওয়াজ করে কোনোরকমে প্রাণ বাঁচিয়ে গোডাউন থেকে বেরিয়ে আসেন। ততক্ষণে সেখানে ভিড় জমে যায়।

## ইউপিতে জুমার বিদায় নামাজকে সামনে রেখে কড়া নিরাপত্তা ব্যবস্থা

লখনউ, ২১ এপ্রিল (হি. স.) : উত্তরপ্রদেশে আজ, রমজান মাসের শেষ শুক্রবার, বিদায়ের প্রার্থনাকে কেন্দ্র করে প্রশাসন ও পুলিশ ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা করেছে। সংবেদনশীল ও অতি সংবেদনশীল এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। পুলিশ সদর দফতরের তথ্য অনুযায়ী, রাজ্যের ২৯৪৩৯টি মসজিদ ও ৩৮৬৫টি ইদগাহে মুসলিম সম্প্রদায়ের মানুষ জুমার নামাজ আদায় করবেন। রাজ্যে ২৯৩৩টি স্পর্শকাতর স্থান এবং হট স্পট এলাকা চিহ্নিত করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে ৮৪৯টি জোন ও ২৪৬০টি সেক্টরে পুলিশ মোতায়েন করা হয়েছে। এই বছর ৩ কোম্পানি এসডিআরএফ, ৫ কোম্পানি সেন্ট্রাল প্যারা মিলিটারি ফোর্স, ২৪৯কোম্পানি পিএসি, ১৭৯৫ কুইক রেসপন্স টিম, ৭০০০ট্রেইনি সাব ইন্সপেক্টর, ১১২ ইউপির ৪৮০ জন পিআরভি মোতায়েন করা হয়েছে। এছাড়া সাদা পোশাকে পুরুষ ও মহিলা পুলিশ সদস্যদেরও ডিউটিতে রাখা হয়েছে। পুলিশ সদস্যদের বডিওর্ন ক্যামেরা দিয়ে সজ্জিত করা হয়েছে। মসজিদ ও ইদগাহের বাইরে সন্দেহভাজন ব্যক্তিদের বিশেষ দূরবীনের মাধ্যমে নজরদারি করা হচ্ছে।

# রাশিয়ার শহরে গুলি ছুড়লো রুশ যুদ্ধবিমান

মস্কো, ২১ এপ্রিল (হি. স.) : ইউক্রেনের সীমান্তবর্তী রাশিয়ার শহর বেলগোরোডে বৃহস্পতিবার একটি রুশ যুদ্ধবিমান ভুলবশত গুলি ছুড়েছে। এতে সেখানে একটি বিস্ফোরণ ঘটেছে। কিছু ভবনও ক্ষতিগ্রস্থ হয়েছে। আঞ্চলিক গভর্নর এ ঘটনায় দুই মহিলার আহত হয়েছেন বলে জানিয়েছেন।

রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় বলেছে, 'একটি সুখোই এসইউ-৩৪ যুদ্ধবিমান বেলগোরোড শহরের ওপর দিয়ে উড়ে যাওয়ার সময় দুর্ঘটনাক্রমে বিমানের গোলাবারুদ নিঃসরণ হয়েছে।' তবে এ ঘটনায় কী ধরনের অস্ত্র জড়িত ছিল তা উল্লেখ করা হয়নি। মন্ত্রণালয় বলেছে, এ ঘটনায় ওই এলাকার কিছু ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে। ইতোমধ্যে তদন্ত শুরু হয়েছে।এদিকে, বেলগোরোড অঞ্চলের গভর্নর ভ্যাচেস্লাভ গ্ল্যাডকভ জরুরি অবস্থা ঘোষণা করে টেলিগ্রামে বলেছেন, ওই এলাকার একটি প্রধান রাস্তায় একটি ৬৫ ফুট গর্ত তৈরি হয়েছে। এছাড়া চারটি গাড়ি ও চারটি অ্যাপার্টমেন্ট বিল্ডিং ক্ষতিগ্রস্ত হয়েছে।

## ভারতের আম

● প্রথম পাতার পর

আম্রপলিও উঠছে। বামুটিয়ার ফল চাষী হরেন্দ্র দাস জানালেন এবার আমের ফলন অনেক বেশি হয়েছে। তবে অনাবৃষ্টিতে ফসল নষ্ট হয়েছে। আমের যেভাবে মুকুল এসেছে তা বৃষ্টি না হওয়ার কারণে ঝরে পড়ে যাচ্ছে। এর মধ্যে যদি কালবৈশাখী হয় তাহলে গাছের বাকী আমও ঝরে পড়ে যাবে। পাকার আগেই আম যদি ঝরে পড়ে যায় তাহলে স্বাভাবিকভাবেই আমের উৎপাদন কমবে। এবার তাই হয়েছে বলে তিনি বলেন। ফলে আমের দাম না কমার সম্ভাবনাই বেশি বলে তার ধারণা। নাগিছড়ার কৃষি বিজ্ঞানী ঝর্ণা মজুমদার এই ভাবেই অনেকটা ব্যাখ্যা দিলেন।

তিনি বললেন সময় মতো বৃষ্টি না হলে ফসলের ক্ষতি হয়। পোকামাকড়ের আক্রমণ বাড়ে। ফসল নষ্ট হয়। তাতে করে উৎপাদন কম হয়। এই সময় রাসায়নিক সার ব্যবহার করা যায় না। কারণ মাটি গরম থাকে। তাই আমের উৎপাদন এই রাজ্যে হলেও আমাদের নির্ভর করতে হয় বহির রাজ্যের উপর। এমনটাই বললেন তিনি। সব মিলিয়ে বলতে হয় আম খেতে হলে আমাদের আরো কিছুদিন অপেক্ষা করতে হবে।

## রেলমন্ত্রীর

● প্রথম পাতার পর

তাঁরা দাবি করেছিলেন, কেন্দ্রীয় সরকার বারবার দাবি জানানো সত্ত্বেও ত্রিপুরাকে বঞ্চিত করা হচ্ছে। কিন্তু বর্তমান সরকারের আমলে আন্দোলনের প্রয়োজন হয়নি।

তাঁর দাবি, পেচারথাল, ধর্মনগর ও কৈলাশহরের মধ্যে রেল সংযোগ স্থাপনে প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এবং বর্তমান মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা আন্তরিকতার সাথে কেন্দ্রীয় রেলমন্ত্রীকে চিঠি লিখেছিলেন। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব রেলের আধিকারিকদের অবিলম্বে ওই কাজ ত্বরান্বিত করার নির্দেশ দিয়েছেন। রেলপথ নির্মাণে সমীক্ষা সমাপ্ত হওয়ার পথে এবং এই প্রকল্পের জন্য ১৮৫৫ কোটি টাকা রেলওয়ে বোর্ডের কাছে পাঠানো হয়েছে, জানানতিনি।

## গৃহবধূ

● প্রথম পাতার পর

এক দুবার নয়। এই পর্যন্ত স্বামী সন্তান ফেলে রেখে ছয় বার বাড়ি ছেড়ে পালিয়েছেন। পাঁচবার পর্যন্ত স্বামী স্ত্রীকে গড়ে ফিরিয়ে আনেন। তবে এইবার স্বামী, স্ত্রীর কোন সন্ধান খুঁজে পায়নি এখন পর্যন্ত। তাই শেষ পর্যন্ত বৃহস্পতিবার সংবাদ মাধ্যমের দারস্ত হন স্বামী বাদল দাস।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। অ্যাম্বুলেন্স : একতা সংস্থা : ৯৭৭৪৯৯৮৯৯৬ ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/ সংহতি ক্লাব : ৮৭৯৪১ ৬ ৮২৮১, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৯৩৯৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩১-৯৬৭৮, টিআরটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন: ২৩২৬১০০। চাইল্ড লাইন : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), আইজিএম: ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কসমোপলিটন ক্লাব : ৯৮৫৬০ ৩৩৭৭৬, শববাহী যান : নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, ব্লু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮৩৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগন্তুক ক্লাব : ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাধারঘাট : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জবন : ২৩৫-৩১০১, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ পুলিশ : পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কন্ট্রোল : ২৩২-৫৭৮৪, বিদ্যুৎ : বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭৩০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। বিমানবন্দর এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১২৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, রেল সার্ভিস : রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।

# মহিলা সহ ধৃত সাত

● প্রথম পাতার পর

দুই যুবকের নাম রাহুল রায় ও দিলিপ চৌহান। তিনি আরও জানান মোট ১২ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয়েছে। যার বাজার মূল্য আনুমানিক দুই লক্ষ টাকা।

নেশা বিরোধী অভিযানে নেমে পশ্চিম থানার পুলিশ নতুননগর কো-অপারেটিভ এলাকায় বাসিন্দা নীল কৃষ্ণ দেবনাথের কাছ থেকে বিপুল পরিমাণ ব্রাউন সুগার উদ্ধার করে। নীল কৃষ্ণ দেবনাথকে জিজ্ঞাসাবাদ করার পর রাজনগর এলাকা থেকে আরও দুই যুবককে আটক করতে সক্ষম হয় পশ্চিম থানার পুলিশ। এদিন মোট দুইটি প্যাকেটে ১৫ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয়। একই সাথে ব্রাউন সুগারের ৫০০টি খালি কৌটা উদ্ধার হয়। ধৃতদের কাছ থেকে নগদ ১২ হাজার ১০ টাকা উদ্ধার হয়। ধৃতরা হল নীল কৃষ্ণ দেবনাথ, রুলামিন মিয়া ও শাহজাহান মিয়া। পশ্চিম আগরতলা থানার ওসি সমরেশ দাস জানান গোপন সংবাদের ভিত্তিতে প্রথমে অভিযান চালানো হয় নতুননগর কো-অপারেটিভ এলাকায়। সেখান থেকে নীল কৃষ্ণ দেবনাথকে আটক করা হয়। তার কাছ থেকে ৮ গ্রাম ব্রাউন সুগার, ৫০ টি ব্রাউন সুগার ভর্তি কৌটা, নগদ ১১ হাজার টাকা ও দুইটি মোবাইল উদ্ধার হয়। নীল কৃষ্ণ দেবনাথকে জিজ্ঞাসাবাদ চালানোর পর রাজনগর এলাকায় অভিযান চালিয়ে ৭ গ্রাম ব্রাউন সুগার, নগর এক হাজার ১০ টাকা, ব্রাউন সুগারের ৫০০ টি খালি কৌটা ও একটি মোবাইল ফোন সহ আরও দুই জনকে আটক করা হয়।

নিষিদ্ধ ব্রাউন সুগার এবং ক্যাশ টাকা সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করল ধর্মনগর থানার পুলিশ। নেশা বাণিজ্যের করিডোর হিসাবে ত্রিপুরার রাজ্যকে ব্যবহার করে চলেছে নেশা কারবারিরা। পুলিশ যত সক্রিয় হচ্ছে ততই অত্যাধুনিক পদ্ধতি অবলম্বন করে নেশা কারবারীরা তাদের ব্যবসা অব্যাহত রেখেছে। গোপন সূত্রের ভিত্তিতে ধর্মনগর থানার পুলিশ দীঘল বাগের নেতাজি পাড়াতে এক বাড়িতে অভিযান চালায় এবং রাধা মানিক হলাম নামে এক ব্যক্তিকে গ্রেফতার করে। তার কাছ থেকে ৩২ গ্রাম ব্রাউন সুগার এবং ত্রিশ হাজার ৯০০ টাকা নগদ পাওয়া যায়। বৃহস্পতিবার গভীর রাতে এই অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন ওসি শিবরঞ্জন দে, সাব ইন্সপেক্টর রাজু ভৌমিক এবং সাব-ইন্সপেক্টর শুভঙ্কর। জানা যায় রাধা মানিক হালাম তার বাড়ি বাগবাসা বিধানসভা কেন্দ্রের জৈথাঙ এডিসি ভিলেজে। তার কাছ থেকে ধর্মনগর শহরের একটা যুবক সম্প্রদায় নেশাদ্রব্য ক্রয় করে নেশা আচ্ছন্ন হয় বলে অভিযোগ উঠে এসেছে।

অন্যদিকে, গোপন খবরের উপর ভিত্তি করে অভিযান চালিয়ে মহকুমা পুলিশ আধিকারিক ও তেলিয়ামুড়া থানার পুলিশ বাজেয়াপ্ত করলো বিপুল পরিমাণে ড্রাগস। ঘটনা শুক্রবার তেলিয়ামুড়া থানাধীন করকরি এলাকায়।

খবরে প্রকাশ,, গোপন খবরের উপর ভিত্তি করে অভিযান চালিয়ে তেলিয়ামুড়া থানাধীন করকরি এলাকার জীবন রুদ্রপালের পুত্র প্রাণেশ রুদ্রপাল নামের এক ব্যক্তির বাড়ি থেকে পুলিশ অভিযান চালিয়ে ১০.১০ গ্রাম ড্রাগস সহ নগদ ৩,৮৩০ টাকা বাজেয়াপ্ত করে পুলিশ। সঙ্গে আটক করা হয় দুইটি মোবাইল ফোন।

তবে ড্রাগস বিক্রেতা প্রাণেশ রুদ্রপালকে পাকড়াও করতে পারেনি পুলিশ। পুলিশ জানিয়েছে উদ্ধারকৃত ড্রাগসের বাজার মূল্য প্রায় ৩০ হাজার টাকা। এদিনের এই অভিযানের নেতৃত্বে ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক প্রসূন কান্তি ত্রিপুরা। অন্যদিকে তেলিয়ামুড়া জহওর কলোনী কালীবাড়ি এলাকা থেকে এক ড্রাগস বিক্রেতা ও এক ড্রাগস সেবনকারীকে উত্তম মধ্যম দিয়ে স্থানীয় জনগণ পুলিশের হাতে তুলে দিলো শুক্রবার দুপুরে। জানা গেছে,, জহওর কলোনী এলাকার সুমন দেবনাথ নামের এক যুবক দীর্ঘদিন ধরেই এলাকায় ড্রাগস বিক্রি করে আসছিল, এলাকাবাসীদের পক্ষ থেকে তাকে কয়েক তাকে হুঁশিয়ারি দেওয়া হয়েছিল। অবশেষে শুক্রবার এক ড্রাগস সেবনকারী তথা তুইসিন্দ্রাই এলাকার গোপাল সরকার নামের এক যুবক অর্থাৎ জনগণ ড্রাগস বিক্রেতা ও সেবনকারীকে হাতেনাতে পাকড়াও করে রামধোলাই দিয়ে তেলিয়ামুড়া থানার পুলিশের হাতে তুলে দেয়। পুলিশ তাদের থানায় নিয়ে আসে, পুলিশ জানিয়েছেন আইনানুযায়ী ব্যাবস্থা গ্রহণ করা হবে।

এদিকে, পুলিশের জলে গ্রেপ্তার রাজ্যের নেশা জগতের অন্যতম কিং শক্তিজিৎ সরকার। উল্লেখ্য ২০২০ সালের সেপ্টেম্বর মাসে আমতলী বাইপাস সংলগ্ন একটি গোডাউন থেকে প্রায় পঞ্চাশ হাজার বোতল নিষিদ্ধ কফ সিরাপ উদ্ধার করেছিল এডিনগর থানার পুলিশ। এই নিষিদ্ধ কফ সিরাপ গুলোর মালিক হিসেবে পুলিশের কাছে শক্তিজিৎ সরকারের নাম উঠে আসে। এডিনগর থানার পুলিশ সত্যজিৎ সরকার সহ আরো কয়েকজনের নামে একটি এনডিপিএস মামলা নথিভুক্ত করে। পুলিশ মামলার তদন্ত শুরু করে। কিন্তু ঘটনার পর থেকেই অভিযুক্ত শক্তিজিৎ সরকার সহ অন্যান্যরা দীর্ঘদিন যাবত গা ঢাকা দিয়ে থাকায় পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি। পরে মামলাটি চলে যায় ক্রাইম ব্রাঞ্চ এর হাতে। বৃহস্পতিবার সন্ধ্যায় আচমকাই সত্যজিৎ সরকারের বাড়িতে হানা দেয় ক্রাইম ব্রাঞ্চের সদস্যরা। বাড়িতে পুলিশের উপস্থিতি টের পেয়ে ছাদ থেকে লাফ দিয়ে পালাতে গিয়ে প্রচন্ড আঘাতপ্রাপ্ত হয় শক্তিজিৎ সরকার। তৎক্ষণাৎ পুলিশ তাকে আটক করতে সক্ষম হয়। বর্তমানে শক্তিজিৎ সরকার হাঁপানিয়া হাসপাতালে চিকিৎসাধীন।

## কালবৈশাখীর ঝড়ে

● প্রথম পাতার পর

৩:১৮ মিনিট থেকে ঝোড়ো হাওয়া সহ শিলা বৃষ্টি শুরু হয়। ফল্ট দেখা দেয় গামাইবাড়ি থেকে যে ৩৩কে ভি লাইনে কল্যাণপুরে বিদ্যুৎ আসে তাতে। এদিকে বিকল্প যে লাইন দিয়ে কল্যাণপুরে আপদকালীন সময়ে বিদ্যুৎ আনা হয় ফল্ট দেখা দেয় সেই ৩৩ কে ভির ধলাবিল সাব স্টেশনের লাইনেও। ডি জি এম সাহেব জানান বহু জায়গায় পরিবাহী লাইনে সুপারি ইত্যাদি গাছ ভেঙ্গে পড়েছে। বর্তমানে কল্যাণপুর বিদ্যুৎ নিগমের সকলেই লাইন সারাই এর কাজে ভিন্ন ভিন্ন জায়গায় ব্যস্ত। এরই ফলে অন্ধকারে নিমজ্জিত হয়ে যায় কল্যাণপুর, আমপুরা, কমলনগর, পশ্চিম ঘিলাতলী, হাসপাতাল ইত্যাদি ডিস্ট্রিবিউশন ফিডার ও।

একাধিক জায়গায় গাছ পরে বলে নিগম সূত্রেও জানানো হয়। কল্যাণপুর বিদ্যুৎ নিগমের দপ্তর থেকে জানানো হয় কাল একবার লাইন সারাই এর পর শুক্রবার দুপুর আড়াইটে নাগাদ আবার দুটো মেইন লাইনে ফল্ট দেখা দেয়। খোয়াই এর ধলাবিল স্থিত ৩৩ কেভি সাব স্টেশন থেকে বিকল্প যে পথে কল্যাণপুরে বিদ্যুৎ আনা হয় সেই মেইন ফিডার গতকাল থেকেই খারাপ হয়ে আছে। কল্যাণপুরের সিনিয়র ম্যানেজার এর ফোন অফ থাকায় তার সাথে যোগাযোগ করা যায় নি। ডি জি এম জানান ফোন অফ নয়। ফোনে চার্জ নেই। বিদ্যুৎ এর অভাবে কেওই ফোন পর্যন্ত চার্জ দিতে পারছেন না।

প্রায় স্তব্ধ হয়ে পড়েছে ইন্টারনেট পরিষেবাও। ফোনের সিগন্যাল ও এর ফলে প্রভাবিত হয়েছে। ঠিক ভাবে কেও কারো কথা শুনতে পারছেন না। শিলা বৃষ্টির ফলে ফসলেরও ক্ষতি হয়েছে। তবে সরকারী ভাবে ক্ষয় ক্ষতি এখনও নিরুপন করা হয়নি।

তেলিয়ামুড়া পুরপরিষদের অন্তর্ভুক্ত ১২ নং ওয়ার্ড এর অধীন গৌরাঙ্গটিলা দুর্গা মন্দিরস্থিত ১০০ বছরের পুরানো বটবৃক্ষ ঝড়ের তান্ডবের উপরে পড়েছে। তাতে ব্যাপক ক্ষতি হয়েছে। বৃহস্পতিবার রাতের কালবৈশাখী ঝরে উপরে দিল ১০০ বছরের পুরানো বট বৃক্ষ, ক্ষতিগ্রস্ত দুর্গামন্দির। ঘটনার বিবরণে জানাযায়, বৃহস্পতিবার রাত আনুমানিক ১০ টা নাগাদ আচমকা ঝোড়ো হাওয়ায় তেলিয়ামুড়া পুরপরিষদের অন্তর্ভুক্ত ১২ নং ওয়ার্ড এর অধীন গৌরাঙ্গটিলা দুর্গা মন্দিরস্থিত ১০০ বছরের পুরানো বটবৃক্ষ উপরে পড়ার ফলে দুর্গা মন্দির অঙ্গওয়াড়ী কেন্দ্রটি পুরো অংশ ভেঙ্গে যায়।

এছাড়াও শুক্রবার সকাল নাগাদ গাছের ঠাল ভেঙ্গে পাশের এক বাড়ির ঘর ক্ষতিগ্রস্ত হয়।। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যান রুপক সরকার সহ অন্যান্যরা। দ্রুত গাছ সরানোর উদ্যোগ গ্রহন করা হয়। সাহায্যের হাত বাড়িয়ে দেয় বন দপ্তরের কর্মীরাও। উভয়ের সহযোগিতায় গাছ সরানো হয় বলে জানান তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যান রুপক সরকার। তিনি ক্ষয়ক্ষতির পরিমাণ দেখে সহযোগিতা করার ব্যবস্থা করবেন বলেও জানান।

# দুর্গাপুর মহকুমা হাসপাতালে চিকিৎসা করালেন পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার

দুর্গাপুর, ২১ এপ্রিল (হি. স.) দরজায় কড়া নাড়ছে পঞ্চায়েত ও পুরসভা ভোট। রাজ্যবাসীর মন জয় করতে জনসম্পর্কে নেমেছে শাসক বিরোধী সব দলই। সম্প্রতি জেলায় জনসংযোগ যাত্রায় নামছে তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। দীর্ঘদিন ধরে সরকারি হাসপাতালের পরিষেবা নিয়ে বিস্তর অভিযোগ ছিল। এবার সেই অভিযোগ খতিয়ে দেখতে ও অভিজ্ঞতা সঞ্চয় করতে আর পাঁচটা রোগীর মতই লাইন দিয়ে সরকারি হাসপাতালে চিকিৎসা করালেন রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার। শুক্রবার দুর্গাপুর মহকুমা হাসপাতালের বহির্বিভাগে নিজের সর্দি, কাশির চিকিৎসা করালেন তিনি। খোঁজ খবর নিলেন রোগী ও চিকিৎসা পরিষেবার।

প্রসঙ্গত, প্রশাসনিক বৈঠকে দলের বিধায়ক ও জনপ্রতিনিধিদের জনসম্পর্ক তৈরীর নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। সামনেই রাজ্যের ত্রিস্তরীয় পঞ্চায়েত ভোট। ইতিমধ্যে চলছে সুরক্ষা কবচ প্রকল্প, নিশি যাপন কর্মসূচী। এবার সরকারি হাসপাতালের পরিষেবা খতিয়ে দেখতে সরাসরি নামলেন রাজ্যের খোদ পঞ্চায়েতমন্ত্রী প্রদীপ মজুমদার। এর আগে তিনি কৃষকদের সমস্যা শুনতে মাথায় গামছা বেঁধে লাঙ্গল হাতে মাঠে নেমেছিলেন। গতবছর খারিফ মরশুমে মাঠে জোরকদমে চলছে আমন ধান রোপনের কাজ। ওইসময় গামছা পরে, কৃষকদের সঙ্গে লাঙ্গল হাতে মাঠে চাষ দিতে নেমে পড়েছিলেন প্রদীপাবু। তাঁর বিধানসভা এলাকা দুর্গাপুর সংলগ্ন কাঁকসার রূপগঞ্জ গ্রামে কৃষকদের মতো রীতিমতো মাথায় গামছা বেঁধে, একেবারে কৃষক বেশে নেমে হাল ধরে চাষ দিয়েছিলেন তিনি। যদিও প্রদীপ বাবু সাধারণ কৃষক পরিবারের ছেলে এবং মাটির মানুষ। তাই মন্ত্রী হলেও তিনি রাজ্যের সাধারণ মানুষের সঙ্গেই আছেন এবং সাধারন মানুষের প্রতি তাঁর দায়বদ্ধতা সেটা এদিন জমিতে চাষ দিয়ে আবারও প্রমান করেন।

শুক্রবার দুর্গাপুর পূর্ব কেন্দ্রের বিধায়ক তথা রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার দুর্গাপুর মহকুমা হাসপাতালে গিয়ে আর পাঁচজন রোগীর মতই লাইনে দাঁড়িয়ে বহিরবিভাগে চিকিৎসা করালেন। গত কয়েকদিন ধরে দলীয় কর্মসূচীর জন্য রোদে ঘুরে অসুস্থ হয়ে গেছেন প্রদীপবাবু। তাই এদিন মহকুমা হাসপাতালে চিকিৎসা করাতে এসেছিলেন তিনি। তবে সরকারি হাসপাতালে কেন? প্রশ্ন করা হলে মন্ত্রী প্রদীপ মজুমদার বলেন,' বিভিন্ন সময় সরকারি হাসপাতালের পরিষেবা নিয়ে অভিযোগ আসে। অনেকে যাচাই না করে খরচ করে বাইরের রাজ্যে চিকিৎসা করাতে যান। তারপর সর্বসান্ত হয়ে আবারও সরকারি হাসপাতালে দেখাতে ফিরে আসেন। তাই, এসব না করে আগে সরকারি হাসপাতালে দেখান। সরকারি হাসপাতালের পরিষেবা ভালো। মুখ্যমন্ত্রীর প্রচেষ্টায় এখন প্রতিটি সরকারি হাসপাতালে উন্নত চিকিৎসা পরিকাঠামো আছে। তারপর ভালো না হলে ৫ লক্ষ টাকার স্বাস্থ্যসাথী কার্ডে বেসরকারী হাসপাতালে দেখাবেন।' তিনি আরও বলেন,' সরকারি হাসপাতালের পরিষেবার অভিজ্ঞতা সঞ্চয় করতে সাধারন মানুষের সঙ্গে লাইন দিয়ে চিকিৎসা করালাম। ভালো পরিষেবা। অসুস্থ হলে সরকারি হাসপাতালে চিকিৎসা করান।'

## সত্যপাল মালিককে তলব করল সিবিআই

নয়াদিল্লি, ২১ এপ্রিল (হি. স.) : জম্মু ও কাশ্মীরের প্রাক্তন রাজ্যপাল সত্যপাল মালিককে তলব করল সিবিআই। রিলায়েন্স জেনারেল ইন্স্যুরেন্সের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগের এক মামলায় সাক্ষী দিতে হবে তাঁকে।

অনিল আম্বানির মালিকাধীন রিলায়েন্স জেনারেল ইনস্যুরেন্সের তরফে তাঁকে ৩০০ কোটি টাকা ঘুষ দেওয়ার প্রস্তাব দেওয়া হয়েছিল গত বছর অভিযোগ তুলে শোরগোল ফেলে দিয়েছিলেন মেঘালয়ের তৎকালীন রাজ্যপাল সত্যপাল মালিক। তাঁর দাবি ছিল, 'জম্মু-কাশ্মীরের রাজ্যপাল থাকার সময়েই তাঁকে ওই বিপুল পরিমাণ টাকা ঘুষ দেওয়ার প্রস্তাব দিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঘনিষ্ঠ এক সঙ্ঘ নেতা।' ওই অভিযোগের ভিত্তিতে ফের জম্মু-কাশ্মীরের রাজ্যপালকে তলব করল সিবিআই। শুক্রবার কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার পক্ষ থেকে আগামী ২৮ এপ্রিল জিজ্ঞাসাবাদের জন্য সত্যপাল মালিককে ডেকে পাঠানো হয়েছে।

সমনের প্রতিক্রিয়া জানিয়ে মালিক বলেছেন, তদন্তকারী সংস্থা আগামী সপ্তাহে তার আকবর রোড গেস্টহাউসে তার উপস্থিতি চেয়েছে। তিনি বলেন, "তারা কিছু স্পষ্টীকরণ চায় যার জন্য তারা আমার উপস্থিতি চায়। আমি রাজস্থান যাচ্ছি তাই আমি তাদের ২৭ থেকে ২৯ এপ্রিলের তারিখ দিয়েছি যখন আমি উপলব্ধ থাকব"।

## পঞ্জাবে গুরুদ্বারের পার্কিং লটে মিলল তাজা বোমা, তদন্তে পুলিশ

চণ্ডীগড়, ২১ এপ্রিল (হি. স.) : পঞ্জাবের একটি গুরুদ্বারে মিলল তাজা বোমা। ঘটনাস্থলে এসে পৌঁছেছে পুলিশ এবং বোমা নিষ্ক্রিয় করার বাহিনী। জানা গিয়েছে গুরুদ্বারের গাড়ি পার্কিংয়ের জায়গায় বোমাটি পাওয়া যায়। তদন্ত শুরু করেছে পুলিশ।

খালিস্তানি নেতা অমৃতপাল সিংকে ধরার জন্য যখন তোলপাড় শুরু করেছে পঞ্জাব পুলিশ, ঠিক সে সময় পঞ্জাবের একটি গুরুদ্বারে মিলল তাজা বোমা। আর তাই নিয়ে ব্যাপক হইচই শুরু হয়েছে। পঞ্জাবের তরণ তারণের শ্রী দরবার সাহিব গুরুদ্বারের পার্কিং লটে মিলেছে তাজা বোমা। ঘটনাস্থলে এসে পৌঁছেছে পুলিশ এবং বোমা নিষ্ক্রিয় করার বাহিনী।কে বা কারা এই তাজা বোমা রেখে গিয়েছে, তা অবশ্য এখনও পর্যন্ত জানা যায়নি। তদন্ত শুরু করেছে পুলিশ। সেক্ষেত্রে আশঙ্কা করা হচ্ছে, কোনভাবে পঞ্জাবে নতুন করে অশান্তি বাঁধানোর চেষ্টা চলছে। এবং এক্ষেত্রে অবশ্যই উঠে আসছে খালিস্তানি নেতা অমৃতপাল সিংয়ের প্রসঙ্গ। পুলিশ অমৃত পাল সিংয়ের কোন খোঁজ পাচ্ছে না। বরং তাঁর সঙ্গী সাথীরা একের পর এক গ্রেফতার হচ্ছে পুলিশের হাতে। এই পরিস্থিতিতে গুরুদ্বারে বোমা উদ্ধারের ঘটনায় তদন্ত শুরু করল পঞ্জাব পুলিশ। এখনও পর্যন্ত এই ঘটনার অবশ্য কেউ ধরা পড়েনি।

# পৃথক রাজ্যের দাবি থেকে পিছু হটছে না মোর্চা : রোশন গিরি

বীরপাড়া, ২১ এপ্রিল (হি. স.) : পৃথক রাজ্যের দাবি থেকে পিছু হটছে না গোর্খা জনমুক্তি মোর্চা। শুক্রবার বীরপাড়ার ভানুনগরে দলের বৈঠকে যোগ দিতে এসে একথা জানান মোর্চার সাধারণ সম্পাদক রোশন গিরি।

গোর্খাল্যান্ড প্রসঙ্গে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে রোশন জানান, পৃথক রাজ্যের দাবি থেকে পিছিয়ে আসার কোনও প্রশ্নই নেই। গোর্খাল্যান্ডের দাবি জিইয়ে রেখেই জিটিএ চুক্তিতে স্বাক্ষর করা হয়েছিল। তবে এদিন মূলত পঞ্চায়েত নির্বাচনে ডুয়ার্স এলাকায় আমাদের রণনীতি নির্ধারণ করতেই বৈঠকে বসেছিলেন তাঁরা।

দলীয় সূত্রের খবর, ভানুনগরে এদিনের বৈঠকে আসন্ন পঞ্চায়েত নির্বাচনে মোর্চার ভূমিকা, প্রার্থী মনোনয়ন, পৃথক রাজ্যের দাবি সহ বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা হয়। কোনও না কোনও রাজনৈতিক দলের সঙ্গে জোট বেঁধেই পঞ্চায়েত নির্বাচনে আসরে নামার প্রস্তুতি নিচ্ছে মোর্চা, জানান রোশন। তবে কোন দলের সঙ্গে গাঁটছড়া বাঁধবে মোর্চা, তা স্পষ্টভাবে জানাননি তিনি। -হিন্দুস্থান সমাচার / কাকলি

## ভারতের আকাশেও দেখা গেল চাঁদ, শনিবারই খুশির ইদ

নয়াদিল্লি, ২১ এপ্রিল (হি. স.) : প্রতীক্ষার অবসান। ভারতে দেখা গেল ইদের চাঁদ। রাত পোহালেই ইদ। শুক্রবার রাতের আকাশে চাঁদ দেখা যাবে কিনা তা নিয়ে দোলাচলে ছিলেন মুসলিম সম্প্রদায়ের মানুষেরা। অবশেষে ভারতের আকাশে চাঁদের দেখা মিলতেই খুশির মুহূর্ত তাদের। স্বভাবতই শনিবার দেশজুড়ে পালিত হবে খুশির উৎসব ইদ। ইতিমধ্যেই ইদের আনন্দের জোয়ারে গা ভাসাতে শুরু করেছেন দেশের তামাম মুসলিম ধর্মীবলম্বীরা।

ইসলামীয় ক্যালেন্ডার অনুযায়ী, নবম মাস হল পবিত্র রমজান। এই মাসেই রোজা পালন করেন ধর্মপ্রাণ মুসলিমরা। প্রায় এক মাস ধরে চলে রোজা। শেষে ইদ উদযাপনের মধ্য দিয়েই সমাপ্তি ঘটে রমজান মাসের। শুক্রবার আরব দেশগুলিতে শুরু হয়ে যায় ইদের উৎসব। তার পর থেকেই শুক্রবার এই উপমহাদেশে ইদের চাঁদ দেখা যাবে বলে জল্পনা বাড়ছিল। শেষ পর্যন্ত সেই জল্পনা সত্যি করে এদিন দেখা মিলল ইদের চাঁদের।

# তপসিয়ায় বিধ্বংসী আগুন নিয়ন্ত্রণে আনল দমকলের ১০টি ইঞ্জিন, হতাহতের খবর নেই

কলকাতা, ২১ এপ্রিল (হি. স.) : তপসিয়ায় বিধ্বংসী অগ্নিকাণ্ড। শুক্রবার সন্ধ্যায় তপসিয়ায় একটি কারখানায় ভয়াবহ আগুন লাগে। কারখানাটি দাহ্য পদার্থে ঠাসা থাকায় কয়েক মিনিটের মধ্যে দ্রুত গতিতে আগুন ছড়িয়ে পড়ে। আগুন নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে পৌঁছেছে দমকলের ১০টি ইঞ্জিন। দমকলের ১০টি ইঞ্জিনের দীর্ঘক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। তবে এই অগ্নিকাণ্ডে হতাহতের কোনও খবর নেই।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, তপসিয়ার সাপগাছি অটোস্ট্যান্ডের কাছে একটি পিভিসি কারখানায় বিধ্বংসী আগুন লাগে। ওই কারখানায় সিইএসসি বক্স থেকেই আগুন লাগে বলে দমকল সূত্রে খবর। তবে দমকলের ১০টি ইঞ্জিনের প্রায় ঘণ্টা দেড়েকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এসেছে। হতাহতের কোনও খবর নেই।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন সন্ধ্যা ৭টা নাগাদ তিলজলা থানা এলাকায় পিভিসি কারখানার ভিতর থেকে কালো ধোঁয়া বেরোতে শুরু করে। তারপর কয়েক মিনিটের মধ্যেই আগুন আশপাশেও ছড়িয়ে পড়ে। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছয় দমকলের ৪টি ইঞ্জিন। কিন্তু, আগুনের লেলিহান শিখা দ্রুত আশপাশে ছড়িয়ে পড়ায় পরে আরও ৬টি ইঞ্জিন আসে। তারপর দমকলের মোট ১০টি ইঞ্জিনের দীর্ঘক্ষণের চেষ্টায় কারখানার আগুন নেভানো সম্ভব হয়। শর্ট সার্কিট থেকেই কারখানাটিতে আগুন লেগেছিল বলে দমকল বাহিনীর প্রাথমিক অনুমান। এলাকাটি ঘিঞ্জি হওয়ায় আগুন নেভাতে সমস্যা হয় বলে দমকল আধিকারিক জানান। এই অগ্নিকাণ্ডে হতাহতের কোনও খবর নেই। ঠিক কত টাকার ক্ষতি হয়েছে তা এখনও স্পষ্ট নয়। তবে ওই কারখানা কর্তৃপক্ষ সহ আশপাশের কারখানা, দোকানেরও কিছুটা ক্ষতি হয়েছে বলে মনে করা হচ্ছে।


# সবরমতী এক্সপ্রেসে অগ্নিসংযোগের ঘটনায় জামিন পেল যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ৮ আসামি

নয়াদিল্লি, ২১ এপ্রিল (হি. স.) : অবশেষে মিলল জামিন। ২০০২ সালে গোধরায় সবরমতী এক্সপ্রেসে অগ্নিসংযোগের ঘটনায় যাবজ্জীবন কারাদণ্ডের সাজাপ্রাপ্ত আট আসামিকে জামিন দিল সুপ্রিম কোর্ট। আজ শুক্রবার সর্বোচ্চ আদালতের বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ জামিন মঞ্জুর করতে গিয়ে জানিয়েছে, সাজাপ্রাপ্তরা ১৭ বছরের বেশি জেল খেটেছেন। ফলে তাদের জামিন মঞ্জুর করা হচ্ছে। যদিও বাকি চার আসামির জামিনের আর্জি খারিজ করে দিয়েছে দেশের সর্বোচ্চ আদালত। ২০০২ সালের ২৭ ফেব্রুয়ারি গোধরা স্টেশনে সবরমতী এক্সপ্রেসে আগুন ধরিয়ে দেওয়া হয়। আগুনে পুড়ে মারা যান অযোধ্যায় কর সেবা সেরে ফেরা ৫৮ পূণ্যার্থী। নিম্ন আদালত অগ্নিসংযোগের ঘটনায় জড়িত ৯৪ জনের বিরুদ্ধে মামলা দায়ের হয়। ২০১১ সালে নিম্ন আদালত ৩১ অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে এবং ৬৩ জনকে বেকসুর খালাস দেয়। ৩১ জনের মধ্যে ১১ জনকে মৃত্যুদণ্ড ও বাকি ২০ জনকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করেন বিচারক। ওই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে গুজরাত হাইকোর্টের দ্বারস্থ হয় সাজাপ্রাপ্তরা। গুজরাত হাইকোর্ট নিম্ন আদালতের রায় বহাল রাখে। তবে ১১ আসামির মৃত্যুদণ্ড রদ করে তাদের যাবজ্জীবন কারাদণ্ডের সাজা শোনায়।

২০১৮ সালে গুজরাত হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে দেশের শীর্ষ আদালতের দ্বারস্থ হন সাজাপ্রাপ্তরা। জামিনেরও আবেদন জানান। গুজরাত সরকারের পক্ষ থেকে জামিনের তীব্র বিরোধিতা করা হয়। শুক্রবার আট যাবজ্জীবন কারাদণ্ড প্রাপ্তের জামিন মঞ্জুর করল শীর্ষ আদালত।

# মেয়র প্রার্থী সুষমা খারকওয়ালের নির্বাচনী অফিসের উদ্বোধন

লখনউ, ২১ এপ্রিল (হি. স.) : উত্তরপ্রদেশের উপ-মুখ্যমন্ত্রী ব্রজেশ পাঠক শুক্রবার বলেছেন যে ভারতীয় জনতা পার্টির (বিজেপি) মেয়র প্রার্থী সুষমা খারকওয়াল বিপুল সংখ্যাগরিষ্ঠতার সাথে নির্বাচনে জয়ী হবেন। এর পাশাপাশি বিজেপির সিনিয়র প্রার্থীও বিপুল ভোটে জয়ী হবেন।শুক্রবার হালওয়াসিয়া মার্কেটে বিজেপির মেয়র প্রার্থী সুষমা খারকওয়ালের অফিসের উদ্বোধনে উপমুখ্যমন্ত্রী এসব কথা বলেন। ব্রজেশ পাঠক বলেন, লখনউয়ের কর্মীরা এখানে প্রচুর সংখ্যক উপস্থিতি নিবন্ধন করে তাদের সমর্থন প্রকাশ করেছেন।অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ক্যাবিনেট মন্ত্রী সুরেশ খান্না বলেন, বিজেপি মেয়র প্রার্থীর প্রতি কর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ রয়েছে। সুষমা খারকওয়ালের পক্ষে যে পরিবেশ তৈরি হচ্ছে তা ক্রমাগত জয়ের দিকে এগোচ্ছে। তিনি বলেন, সুষমা খারকওয়ালের হাতে সময় কম। তাদের পক্ষে সব ওয়ার্ডে পৌঁছানো সম্ভব নয়। এমতাবস্থায় সকল কর্মীদের উচিত নিজেদেরকে সুষমা খারকওয়াল মনে করে দলের জন্য কাজ করা।এই উপলক্ষ্যে বিজেপির মেয়র প্রার্থী সুষমা খারকওয়া বলেন, বিজেপি কর্মী সর্বদা মাঠে থাকে।



# অনূর্ধ-১৫ রাজ্য ক্রিকেটে চ্যাম্পিয়ন সদর-এ, রানার্স শান্তিরবাজার

## সদর-এ:- ১৯৩/৪(৪৫) শান্তিরবাজার-৮৪/১০(৩১.১)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।। রাজ্য সেরা হওয়ার স্বপ্ন ধূলিসাৎ শান্তিরবাজার মহকুমার। রানার্স আপ খেতাব পেয়েই সন্তুষ্ট থাকতে হলো। রাজ্য সেরা শুভ্র পালের সদর-এ মহকুমা। শুক্রবার কার্যত একতরফা ফাইনালে সদর-এ ১০৯ রানের বড় ব্যবধানে পরাজিত করে শান্তিরবাজার মহকুমাকে। ড: বি আর আম্বেদকর মাঠে অনুষ্ঠিত ম্যাচে সদর এ-র গড়া ১৯৩ রানের জবাবে শান্তিরবাজার মহকুমা মাত্র ৮৪ রান করতে সক্ষম হয়। বিজয়ী দলের অয়ন রায় প্রথমে ব্যাট হাতে ৫৪ রান করার পর বল হাতে ২ উইকেট তুলে নেয়। সঙ্গত কারনেই ম্যাচের সেরা ক্রিকেটার হিসাবে বেছে নেওয়া হয় অয়নকে। এদিকে রাজ্য সেরা হতে না পারলেও দেবব্রত চৌধুরির ছেলেরা আসরে দুর্দান্ত লড়াই করে সকলের মন জয় করে নিয়েছে। প্রাক্তন ক্রিকেটাররা মনে করেন, সঠিক এবং উন্নত প্রশিক্ষণ পেলে আগামীদিনে ওই মহকুমা থেকে বহু প্রতিভাবান ক্রিকেটার বেরিয়ে আসবেই। অত্যাধিক ধীরগতিতে শুরু করার খেসারত দিলো শুভ্র পালের ছেলেরা। শেষ পর্যন্ত বড় স্কোর গড়তে ব্যর্থ হলো সদর-এ। শেষ দিকে ব্যাটসম্যান-রা যদি দ্রুত রান না তুলতো তাহলে দলীয় স্কোর ১৫০ রানের গন্ডি পার করতে পারতো কী না, তা নিয়ে সন্দেহ দেখা দিতো। শেষ পর্যন্ত সদর-এ নির্ধারিত ৪৫ ওভারে ৪ উইকেট হারিয়ে ১৯৩ রান করে। দলের পক্ষে অয়ন রায় ৪৭ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫৪ রানে এবং অতনু রায় ১২ বল খেলে ২ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২১ রানে অপরাজিত থেকে যায়। পঞ্চম উইকেটে দুজন ২৫ বল খেলে ৫০ রান যোগ করে। এছাড়া দলের পক্ষে ওপেনার আকাশ সরকার ৮৬ বল খেলে ৭ টি বাউন্ডারির সাহায্যে ৫২, রাহুল বর্মন ৬৮ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৮ এবং দলনায়ক অর্কজিৎ সাহা ৫৪ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৪ রান করে। দল অতিরিক্ত খাতে পায় ২৪ রান। শান্তিরবাজারের পক্ষে আনন্দ সাধন নোয়াতিয়া (১/২৪), আমন দেবনাথ (১/২৯) এবং আয়ুষ দেবনাথ (১/৫৪) উইকেট পেয়েছে। জবাবে খেলতে নেমে শান্তিরবাজার মহকুমা সদর এ-র বোলারদের দাপটে ২২ গজে মাথা তুলে তেমনভাবে দাঁড়াতেই পারেনি। দল মাত্র ৮৪ রান করতে সক্ষম হয়। এরমধ্যে অতিরিক্ত খাতে দল পায় সর্বোচ্চ ২৭ রান। এছাড়া দলের পক্ষে নীহার রিয়াং ২৫ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২০, শিবা নোয়াতিয়া ৫৫ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৬ এবং সায়ন নম: ২৬ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১২ রান করে। দলের আর কোনও ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেনি। সদর 'এ'-র পক্ষে অয়ন রায় (২/৬), রাহুল দেবনাথ (২/১২) এবং অতনু রায় (২/২৪) সফল বোলার। খেলা শেষে মাটেই বিজয়োল্লাসে মেতে উঠে সদর 'এ'-র ক্রিকেটার সহ টিম ম্যানেজমেন্ট। দলীয় ক্রিকেটারদের পারফরম্যান্সে খুশি কোচ শুভ্র পাল। তিনি জয়ের পুরো কৃতিত্ব দলীয় ক্রিকেটারদের দিয়েছেন। হারলেও তেমন হতাশ নন শান্তিরবাজার দলের কোচ দেবব্রত চৌধুরি। তিনি মনে করেন, দল ফাইনালে উঠেছে এটাই অনেক বড়। এবারের অভিজ্ঞতা থেকে ছেলেদের আগামীদিনে আরও ভালো খেলতে সাহায্য করবে।

# সেমিফাইনালে আজ স্ফুলিঙ্গ-জেসিসি, কসমোপলিটন-ফ্রেন্ডস

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।। সেমিফাইনালের লাইনআপ চূড়ান্ত। আগামীকাল সকাল ৯টায় দুই মাঠে দুটি সেমিফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হচ্ছে। ত্রিপুরা ক্রিকেটে এসোসিয়েশন আয়োজিত সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট এখন অন্তিম পর্যায়ে। আগামীকাল সকাল ৯টায় এমবিবি স্টেডিয়ামে স্ফুলিঙ্গ খেলবে (জেসিসি) জয়নগর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে। একই সময়ে নরসিংগড়ে পুলিশ ট্রেনিং একাডেমি গ্রাউন্ডে কসমোপলিটন খেলবে ইউনাইটেড ফ্রেন্ডস-এর বিরুদ্ধে। উল্লেখ্য, বৃহস্পতিবারে কোয়ার্টার ফাইনাল ম্যাচে স্ফুলিঙ্গ ১১১ রানের ব্যবধানে ওল্ড প্লে সেন্টারকে হারিয়ে এবং জয়নগর ক্রিকেট ক্লাব ছয় উইকেটের ব্যবধানে ব্লাডমাউথকে পরাজিত করে সেমিফাইনালে উন্নীত হয়েছে। এদিকে, কসমোপলিটন ক্লাব ৫৫ রানের ব্যবধানে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে হারিয়ে এবং ইউনাইটেড ফ্রেন্ডস ১৭৫ রানের বড় ব্যবধানে চলমান সংঘকে হারিয়ে সেমিফাইনালে প্রবেশ করেছে। ক্রিকেট অনিশ্চয়তার খেলা হলেও কাকতালীয়ভাবে এটাই ঘটেছে যে, গ্রুপ-এ থেকে দুটি শীর্ষ বাছাই স্ফুলিঙ্গ ও কসমোপলিটন ক্লাব অপরদিকে গ্রুপ-বি থেকে দুটি শীর্ষ বাছাই ইউনাইটেড ফ্রেন্ডস ও জয়নগর ক্রিকেট ক্লাব সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে। জেসিসি-স্ফুলিঙ্গ ম্যাচে স্ফুলিঙ্গকে ফেভারিট ধরা হলেও জেসিসি কিন্তু ছেড়ে দেবার পাত্র নয়। কেননা, ফেব্রুয়ারিতে বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশন ক্রিকেটে দুবার-ই সাক্ষাৎকার ঘটেছিল। প্রথমবার স্ফুলিঙ্গ ৭ উইকেট জয় পেলেও ফিরতি লিগে জেসিসি এক উইকেটে জয় ছিনিয়ে পাল্টা জবাব দিয়েছিল। এদিকে, কসমোপলিটন ও ইউনাইটেড ফ্রেন্ডসের মধ্যে শেষ সাক্ষাৎকার ঘটেছিল ২৫ মার্চে, তপন মেমোরিয়াল নকআউট ক্রিকেটের সেমিফাইনাল ম্যাচে। তাতে কসমোপলিটন ২ উইকেটের ব্যবধানে ইউনাইটেড ফ্রেন্ডসকে হারিয়ে ফাইনালে উন্নীত হয়েছিল। আগামীকাল ঘরোয়া টি-টোয়েন্টির সেমিফাইনালে কোনদল কেমন খেলে তা এখন দেখার বিষয়।

# রাজ্য সিনিয়র মহিলা ক্রিকেট ৩ মাঠে ৩ ম্যাচে উদ্বোধন আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।। রাজ্য সিনিয়র মহিলা ক্রিকেট টুর্নামেন্ট শুরু আগামীকাল থেকে। উদ্বোধনী দিনে হবে ৩টি ম্যাচ। গরমের কারণে সিনিয়র মহিলা ক্রিকেটের সময়সূচিতে পরিবর্তন আনা হয়েছে। গ্রুপ লিগের খেলা আগামীকাল থেকে শুরু হলেও সেমিফাইনাল ও ফাইনাল ম্যাচ রাখা হয়েছে যথাক্রমে ২৯ ও ৩০ এপ্রিল। খেলা শুরু হবে সকাল সাড়ে আটটা থেকে। প্রথম বেলায় ৯:৪৫-এ ১৫ মিনিটের বিরতির পর দশটা থেকে পুনরায় দ্বিতীয় সেশনের খেলা শুরু হবে। আগামীকাল টুর্নামেন্টের প্রথম দিন ডঃ বি আর আম্বেদকর স্কুল গ্রাউন্ডে সদর-এ খেলবে ধর্মনগর মহকুমা দলের বিরুদ্ধে। নরসিংগড়ে পঞ্চায়েত গ্রাউন্ডে বিলোনিয়া খেলবে লংতরাইভ্যালি দলের বিরুদ্ধে। নীপকো মাঠে মোহনপুর খেলবে খোয়াই-এর বিরুদ্ধে। ২৩ এপ্রিল চারটি ম্যাচ রাখা হয়েছে। পিটিএ গ্রাউন্ডে সদর-এ খেলবে বিলোনিয়ার বিরুদ্ধে। পঞ্চায়েত মাঠে ধর্মনগর খেলবে লংতরাইভ্যালির বিরুদ্ধে। নীপকো মাঠে মোহনপুর খেলবে সদর বি-র বিরুদ্ধে। ডঃ বি আর আম্বেদকর স্কুল গ্রাউন্ডে বিশালগড় ও সাব্রুম পরস্পরের মুখোমুখি হবে। একইভাবে ২৪, ২৬ ও ২৭ এপ্রিল গ্রুপ লীগের খেলা শেষে ২৯ এপ্রিল এমবিবি স্টেডিয়ামে ও পিটিএ গ্রাউন্ডে হবে দুটি সেমিফাইনাল ম্যাচ। ফাইনাল ম্যাচ রাখা হয়েছে ৩০ এপ্রিল এমবিবি স্টেডিয়ামে। উল্লেখ্য, টুর্নামেন্টের গ্রুপ এ-তে রয়েছে সদর-এ, ধর্মনগর, বিলোনিয়া ও লংতরাইভ্যালি; গ্রুপ বি-তে রয়েছে শান্তিরবাজার, কমলপুর ও কৈলাসহর; গ্রুপ সি-তে রয়েছে মোহনপুর, খোয়াই ও সদর-বি; গ্রুপ ডি-তে রয়েছে বিশালগড়, সাব্রুম, তেলিয়ামুড়া ও উদয়পুর। প্রতিটি গ্রুপ থেকে শীর্ষ বাছাই দল সেমিফাইনালে খেলবে।

# অনূর্ধ-১৬ ও অনূর্ধ-১৯ পেস বোলার অন্বেষণে চার দিনের ট্রায়াল ক্যাম্প

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।। এবারও পেস বোলার অন্বেষণের কাজ শুরু করতে যাচ্ছে টিসিএ। ২০২৩-২৪ বিসিসিআই ক্রিকেট সেশন ইতোমধ্যে শুরু হতে যাচ্ছে। স্বাভাবিক কারণে জাতীয় আসরের জন্য রাজ্য দল গঠনের লক্ষ্যে প্রাথমিক উদ্যোগ হিসেবে পেস বোলার অন্বেষণের বিষয়টি অত্যন্ত জরুরী বিষয়। পেস বোলার খোঁজার বিষয়টা সামনে রেখে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশন আগামী ২৬-২৭ এপ্রিল এবং ২৯-৩০ এপ্রিল চার দিনের জন্য সারা রাজ্যব্যাপী ওপেন ট্রায়াল ক্যাম্পের আয়োজন করেছে। বিশেষ করে অনূর্ধ-১৯ ও অনূর্ধ-১৬ ইচ্ছুক পেস বোলাররা ওই চার দিন নির্দিষ্ট তারিখ অনুযায়ী দায়িত্ব প্রাপ্ত স্পটার-এর কাছে রিপোর্ট করতে বলা হয়েছে।

পশ্চিম জোনাল মহকুমা: সদর, মোহনপুর, খোয়াই, তেলিয়ামুড়া, জিরানিয়া, সোনামুড়া, বিশালগড়ের ক্রিকেটাররা এমবিবি স্টেডিয়ামে ২৬ এপ্রিল সকাল ১০টায় প্রদীপ কাসলিওয়াল ও দেবব্রত চৌধুরীর কাছে রিপোর্ট করতে বলা হয়েছে। একইভাবে, দক্ষিণ জোনাল মহকুমা: বিলোনিয়া, উদয়পুর, সাব্রুম, অমরপুর ও শান্তিরবাজারের ক্রিকেটাররা শান্তিরবাজারে বাইখোড়া ইংলিশ মিডিয়াম স্কুল গ্রাউন্ডে ২৬ এপ্রিল সকাল ১০টায় বিনীত জৈন ও সুবল চৌধুরীর কাছে রিপোর্ট করতে বলা হয়েছে। সেন্ট্রাল জোনাল মহকুমা: আমবাসা, লংতরাইভ্যালি, গন্ডাছড়া, কমলপুরের ক্রিকেটাররা আমবাসায় দশমীঘাট গ্রাউন্ডে ২৯ এপ্রিল সকাল ১০টায় বিনীত জৈন ও বিশ্বজিৎ দে-র কাছে রিপোর্ট করতে হবে। উত্তর জোনাল মহকুমা: ধর্মনগর, কৈলাশহর, কাঞ্চনপুরের ক্রিকেটাররা ২৯ এপ্রিল, সকাল ১০টায় ধর্মনগর কলেজ স্টেডিয়ামে প্রদীপ কাসলিওয়াল ও কিশোর মুহুরীর কাছে রিপোর্ট করতে বলা হয়েছে। পাশাপাশি সবকটি মহকুমা সংস্থাকে বিষয়টি সঠিক প্রচারে আনার জন্যও টিসিএ-র সচিব তাপস ঘোষ এক বিজ্ঞপ্তিতে বিষয়টি উল্লেখ করেছেন।

# সিনিয়র মহিলা টি-টোয়েন্টি তেলিয়ামুড়ার নেতৃত্বে প্রিয়াঙ্কা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।। উদ্বোধনের দুইদিন পর ২৪ এপ্রিল মাঠে নামবে তেলিয়ামুড়া মহকুমার সিনিয়র মহিলা ক্রিকেট দল। প্রতিপক্ষ শক্তিশালী উদয়পুর মহকুমা। নরসিংগড় পঞ্চাযেত মাঠে ওইদিন সকাল সাড়ে আটটায় শুরু হবে ম্যাচটি। রাজ্য সিনিয়র মহিলাদের টি-২০ ক্রিকেটে। আসরে অংশগ্রহণের লক্ষ্যে ১৫ সদস্য বিশিষ্ট তেলিয়ামুড়া মহকুমার ক্রিকেটারদের নাম ঘোষনা করেন সচিব নন্দন রায়। মহকুমাকে নেতৃত্ব দেবেন প্রিয়াঙ্কা দাস। ঘোষিত দল: প্রিয়াঙ্কা দাস (অধিনায়িকা), পৌশালী দত্ত, দিশা দেব, মাইলুক্মা জমাতিয়া, পিঙ্কি পাল, সোমা পাল, নন্দিতা দাস, মন্দিরা দেবনাথ, সেবিকা দাস, দিয়া দাস, বিউটি পাল, তানিয়া দেব, মৌমিতা দেব, তামান্না দেবনাথ এবং অশ্মিতা দাস। কোচ: পার্থ ভট্টাচার্য।


সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন
নতুন ধারায়

রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023


# ধর্মীয় ভাবাবেগে গড়িয়া পুজা পালিত হল রাজ্যে



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** গড়িয়া বাবা কৃষ্টি, সংস্কৃতি এবং ঐতিহ্যের প্রতীক। সমাজের প্রত্যেকের মঙ্গল কামনা এবং সমৃদ্ধির জন্য প্রতি বছর এই গড়িয়া পূজার আয়োজন করা হয়। এই বছরও তার ব্যতিক্রম হয়নি। রাজ্যের বিভিন্ন প্রান্তের সাথে শহরের বেশ কিছু স্থানে গড়িয়া পূজার আয়োজন করা হচ্ছে। শুক্রবার রাজধানীর আগরতলা শহরের বিভিন্ন ক্লাব ও সংস্থার উদ্যোগে গড়িয়া পূজার আয়োজন করা হয়। কসমোপলিটন ও নাইন নাইন বুলেট ক্লাব হচ্ছে গড়িয়া পূজা। একই সঙ্গে অভয়নগর ব্রীজ সংলগ্ন নেতাজী ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিত হয় গড়িয়া পুজা। জনজাতিদের চিরাচরিত উৎসব এখন জাতি উপাজতির মিলন উৎসবে পরিণত হয়েছে। গড়িয়া পুজাকে কেন্দ্র করে বসে মেলা। সকাল থেকেই বহু মানুষ ভক্তি ভরে পুজা দেন। জাতি জনজাতি অংশের মানুষ গড়িয়া পুজায় সামিল হন। জন জাতি অংশের মানুষের প্রাচীন উৎসব হচ্ছে গড়িয়া পুজা। এই পুজায় আত্মীয় স্বজনকে আমন্ত্রণ জানানো হয়। সকলের সুস্থতা কামনা করে গড়িয়া পূজার আয়োজন বলে জানান বিশুরাই দেববর্মা।

গড়িয়া পূজা উপলক্ষে নাইন বুলেট ক্লাবের উদ্যোগে শুক্রবার কচিকাঁচাদের নিয়ে অঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। অঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় তিনটি বিভাগে। নাইন বুলেট ক্লাবে আয়োজিত এইদিনের অঙ্কন প্রতিযোগিতায় মোট ৮০ জন খুদে প্রতিযোগী প্রতিযোগিনী অংশ গ্রহণ করে। এইদিনের অঙ্কন প্রতিযোগিতায় উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের কাউন্সিলার তথা নাইন বুলেট ক্লাবের সভানেত্রি ভাস্বতী দেববর্মা। তিনি জানান দীর্ঘ বছর ধরে নেইন বুলেট ক্লাব গড়িয়া পুজার আয়োজন করে আসছে। গড়িয়া পুজা উপলক্ষ্যে প্রতি বছর নানান কর্মসূচি পালন করা হয়। তাই এই বছরও গড়িয়া পুজা উপলক্ষ্যে এইদিন অঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

রাজ্যের বিভিন্ন প্রান্তের সাথে শহরের বেশ কিছু স্থানে গড়িয়া পূজার আয়োজন করা হচ্ছে। শুক্রবার রাজধানীর অভয়নগর ব্রীজ সংলগ্ন নেতাজী ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিত হচ্ছে গড়িয়া পুজা। এই বছর তাদের পুজো ৩১ তম বর্ষে পদার্পণ করেছে। জনজাতিদের চিরাচরিত উৎসব এখন জাতি উপাজতির মিলন উৎসবে পরিণত হয়েছে। গড়িয়া পুজাকে কেন্দ্র করে বসে মেলা। শুক্রবার সকালে এই পূজার উদ্বোধন করেন মেয়র দীপক মজুমদার। ছিলেন বিশিষ্ট সমাজসেবী পাপিয়া দত্ত, কর্পোরেটার প্রদীপ চন্দ, গড়িয়া পুজা কমিটির সভাপতি অপু চক্রবর্তী সহ অন্যান্যরা। হিন্দু জনজাতিদের একটি প্রাচীনতম পুজা হচ্ছে গড়িয়া পুজা। ১৯ টি জনজাতি অংশের মানুষ এই ধরনের পুজা করেন। রাজ্য ও পরিবার পরিজনদের সার্বিক মঙ্গলার্থে এই পূজার আয়োজন করা হয়। এই পুজো এখন সার্বজনীন। আগে একটা অঞ্চলের মধ্যে এই পুজা সিমিত ছিল। এখন শহর থেকে গ্রাম সর্বত্র গড়িয়া পুজা সারম্ভরে করা হচ্ছে বলে জানান মেয়র দীপক মজুমদার।

# কল্যাণপুর বাজারে দেদার বিক্রি হচ্ছে মেয়াদোত্তীর্ণ সামগ্রী

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ২১ এপ্রিল।।** দীর্ঘ বেশ কিছুদিন ধরেই কল্যাণপুর বাজারে মেয়াদ উত্তীর্ণ রুটি, কেক, বিস্কুট সহ বিভিন্ন প্রকারের খাদ্য সামগ্রির রমরমা বাণিজ্য চলছে। অভিযোগ বেশ কিছু খাদ্য সামগ্রীর গায়ে ঠিকভাবে তারিখ মুদ্রিত থাকে না, আবার এমনও অভিযোগ থাকে খাদ্য সামগ্রীগুলো বিভিন্ন অংশের ক্রেতা সামগ্রীরা ক্রয় করে নিয়ে গেলে দেখা যায় এগুলো খাবারের অনুপযুক্ত। সাম্প্রতিক অতীতেও এই সমস্ত বিষয়গুলো প্রশাসনের দৃষ্টিতে নিয়ে যাওয়া হয়েছিল, কিন্তু কোন এক অজ্ঞাত কারণে সুনির্দিষ্ট অভিযোগ বা প্রয়োজনীয় তথ্যাদি থাকলেও প্রশাসন একাংশ দুর্নীতিপরায়ণ ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করছে না।

আজ অর্থাৎ ২০ শে এপ্রিল কল্যাণপুরের প্রসিদ্ধ এক বেকারির দোকান থেকে স্থানীয় একজন সচেতন ক্রেতা রুটি কেক সহ কিছু খাদ্য সামগ্রী কিনতে গেলে দেখতে পান খাদ্য সামগ্রির গায়ে তৈরীর তারিখ লেখা নেই, এর পাশাপাশি ঐ ক্রেতার নজরে আসে আজকে ২০ তারিখ হলেও এমন কিছু কিছু খাদ্য সামগ্রী বাজারে রয়েছে যেগুলির তৈরির তারিখ দেওয়া আছে ২১ তারিখ। গোটা বিষয়ের গুরুত্ব অনুধাবন করে সংশ্লিষ্ট নাম প্রকাশে অনিচ্ছুক ক্রেতা কল্যাণপুর প্রেসক্লাবের দ্বারস্থ হলে, প্রেসক্লাবের সদস্য সাংবাদিকরা সম্মিলিতভাবে কল্যাণপুর বাজারের একাধিক দোকানে পর্যবেক্ষণ করতে গেলে দেখা যায় কল্যাণপুর বাজারের বেশ কিছু বেকারির খাদ্য সামগ্রীর ব্যবসা চলে, কিন্তু স্থানীয় মন্দিরা বেকারি নামের এক বেকারির যে সমস্ত খাদ্য সামগ্রী রুটি, কেইক, বিস্কিট ইত্যাদি বাজারে রয়েছে সেগুলোর মধ্যে তারিখ দেওয়া নেই।

গোটা বিষয় নিয়ে একাধিক দোকানদারের সাথে কথা বললে তাদের বক্তব্য হচ্ছে তারাও বারবার মন্দির বেকারি কর্তৃপক্ষকে সঠিকভাবে তারিখ দেওয়ার জন্য অনুরোধ করেন, কিন্তু তারপরেও মন্দিরা বেকারি সঠিকভাবে তারিখ দিয়ে বেকারির সামগ্রী সরবরাহ করছে না। অর্থাৎ এই বিষয়টা পরিষ্কার বাজারের একাংশ ব্যবসায়ী এই দুর্নীতি সম্পর্কে ওয়াকিবহাল। গোটা বিষয় নিয়ে কল্যানপুর বাজারের দায়িত্ব প্রাপ্ত ব্যবসায়ী কমিটির সম্পাদক চন্দন মজুমদারের প্রতিক্রিয়া নিতে গেলে উনি স্পষ্ট ভাষায় বলেন এই বিষয়গুলা একাধিকবার প্রশাসনের কাছে নিয়ে যাওয়া হয়েছিল এবং বিশেষ করে মন্দিরা বেকারি সম্পর্কিত বেশ কিছু অভিযোগ একাধিকবার প্রশাসনের কাছে নিয়ে যাওয়া হয়েছিল কিন্তু অজ্ঞাত কারণে প্রশাসন ব্যবস্থা গ্রহণ করছে না বলে শ্রী মজুমদার দাবি করেন। ঘটনার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট মন্দিরা বেকারির কর্ণধার এর সাথে কথা বলার চেষ্টা করা হলে উনি অভিযোগ অস্বীকার করতে পারেননি এবং উনি বলেন ভুলবশত উনার বিভিন্ন খাদ্য সামগ্রী গুলোর মধ্যে তারিখ দেওয়া হয়নি। তাহলে প্রশ্ন উঠতেই পারে আসলে কি ভুলবশত, নাকি ইচ্ছাকৃতভাবেই মেয়াদোত্তীর্ণ সামগ্রীগুলো কল্যাণপুর বাজারের মাধ্যমে সাধারণ মানুষের কাছে বিক্রি করে দিচ্ছে মন্দিরা বেকারি ? গোটা বিষয় নিয়ে ইতিমধ্যে ব্যাপক চাঞ্চল্য তৈরি হয়েছে। সচেতন মহল চাইছেন খাদ্য দপ্তর বা প্রশাসন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুক, যাতে করে খাদ্য সামগ্রির ক্ষেত্রে অন্ততপক্ষে যথার্থতা বজায় থাকে এবং সাধারণ মানুষের নিরাপত্তা সুনিশ্চিত হয়।

## ফাঁসিতে আত্মঘাতী জনজাতি গৃহবধূ

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২১ এপ্রিল।।** গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা এক জনজাতি গৃহবধূর। কি কারনে এই আত্মহত্যা তদন্তে পুলিশ। ঘটনা তেলিয়ামুড়া থানাধীন খাসিয়া মঙ্গল গোবিন্দ সর্দার পাড়ায় বৃহস্পতিবার।

সংবাদে প্রকাশ, বৃহস্পতিবার পারিবারিক কলহের জের ধরে তেলিয়ামুড়া থানার অন্তর্গত খাসিয়া মঙ্গল এলাকার গোবিন্দ সর্দার পাড়ার জনৈক সাজু দেববর্মা"র স্ত্রী স্বর্ণা দেববর্মা(৩৫) গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হয়। পরবর্তীতে পরিবারের লোকজন সহ অন্যরা বিষয়টা প্রত্যক্ষ করে তড়িঘড়ি তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে নিয়ে আসলেও শেষ রক্ষা হয়নি। হাসপাতালে নিয়ে আসার পর কর্তব্যরত চিকিৎসক জানান,, হাসপাতালে নিয়ে আসার আগেই ওই মহিলার মৃত্যু হয়েছে। এই ঘটনার প্রাথমিক তদন্তে নেমে পুলিশের ধারণা, হয়তো"বা পারিবারিক কলহের জেরে এই ঘটনা। তারপরেও ময়না তদন্তের পর গোটা বিষয় পরিষ্কার হবে বলে পুলিশের দাবি।

## মায়ের চিকিৎসার জন্য মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে সাহায্যের আর্জি নাবালক ছেলের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** মায়ের জন্য সাহায্যের আর্জি জানালো নাবালক ছেলে !মুখ্যমন্ত্রী সহ রাজ্য বাসীর কাছে মায়ের জন্য সাহায্যের আর্জি জানালো নাবালক ছেলে।উদয়পুর মহারানী হঠাৎ বাজার এলাকার আব্দুল হান্নানের স্ত্রী জাহানারা বেগম গত চার বছর ধরে কিডনিরজনিত সমস্যায় ভুগছেন। জানা গেছে আব্দুল হান্নান পেশায় একজন রাজমিস্ত্রি। কাজ করে যা টাকা রোজগার করেন তা স্ত্রী সন্তান নিয়ে সংসার প্রতিপালনে লেগে যায়। জাহানারা বেগম অসুস্থ হয়ে পড়ায় যা টাকা ছিল সব টাকায় চিকিৎসা বাবদ শেষ হয়ে যায়। বর্তমানে আব্দুল হান্নান অর্থহীন হয়ে পড়ায় স্ত্রীর চিকিৎসা করাতে পারছেন না। কিডনিরজনিত রোগে আক্রান্ত স্ত্রীকে চিকিৎসা করাতে না পেরে রীতিমতো মানসিকভাবে ভেঙ্গে পড়েছেন আব্দুল হান্নান। তাদের এক মেয়ে ও এক ছেলে রয়েছে মেয়ে বিবাহ সূত্রের স্বামীর বাড়িতে বসবাস করছে। আর ছোট্ট এক নাবালক ছেলে নিরুপায় হয়ে মাকে সুস্থ করে তুলতে সাহায্যর আর্জি জানালো রাজ্যের মুখ্যমন্ত্রী সহ রাজ্যবাসীর কাছে। এখন দেখার বিষয় হল ছোট্ট নাবালক শিশুটির সাহায্যের আরজিতে রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী কতটুকু সহানুভূতি হন।

## ইমার্জেন্সি মেডিসিন বিভাগের উদ্যোগে বেসিক লাইফ সাপোর্ট নিয়ে কর্মশালা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** আগরতলা সরকারি মেডিকেল কলেজে আজ থেকে বেসিক লাইফ সাপোর্ট ও অ্যাডভান্সড কার্ডিয়াক লাইফ সাপোর্টের উপর তিনদিনব্যাপী এক কর্মশালা শুরু হয়েছে। আগরতলা সরকারি মেডিকেল কলেজের ইমার্জেন্সি মেডিসিন বিভাগ এই কর্মশালার আয়োজন করেছে। জিবিপি হাসপাতালের সার্জারি বিভাগের সেমিনার হলে আয়োজিত এই কর্মশালার সূচনা করেন ইমার্জেন্সি মেডিসিন বিভাগের বরিষ্ঠ চিকিৎসক ডা. অনীশ মজমদার। কর্মশালাটি পরিচালনা করছেন কেরালা থেকে আগত আমেরিকান হার্ট অ্যাসোসিয়েশনের লীড ট্রেনার ভার্গিস ভেদরাপল্লি, ইমার্জেন্সি মেডিসিন বিভাগের বিশেষজ চিকিৎসক ডা. শীর্ষেন্দ ধর ও ডা. সুজাতা সেন। কর্মশালায় ২০ জন স্বাস্থ্যকর্মী ও ১ জন সাংবাদিক অংশ নিয়েছেন। কর্মশালার সূচনা করে ডা. অনীশ মজমদার জানান, রাস্তায় হঠাৎ করে কেউ অসুস্থ হয়ে পড়লে ঘটনাস্থলেই তার চিকিৎসা ও কার্ডিও পালমোনারি রিসাসিটেশন শুরু করার লক্ষ্যে সচেতনতা গড়ে তুলতে এ ধরণের কর্মশালার আয়োজন করা হয়েছে। ডা. শীর্ষেন্দ ধর জানান, প্রথমে স্বাস্থ্য কর্মীদের নিয়ে কর্মশালার আয়োজন করা হয়েছে। পরবর্তী সময়ে স্কুল, কলেজের ছাত্রছাত্রী, সাংবাদিক ও বিভিন্ন সামাজিক সংস্থার সদস্যদের জন্যও এ ধরণের কর্মশালার আয়োজন করা হবে।

## পাচারকালে কুমারঘাটে উদ্ধার ১২টি গবাদী পশু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** ঈদের আগে গরুর বড় চালান ধরলো কুমারঘাট পুলিশ !ত্রিপুরার সোনামুড়া থেকে বাংলাদেশে গরু পাচার করতে গিয়ে কুমারঘাট থানার হাতে আটক হলো ১২ টি গরু সহ গাড়ি চালক। সঙ্গে একটি ট্রিপার গাড়ি আটক করা হয়। গাড়ি চালকের বাড়ি উত্তর জেলার ধর্মনগরে।গাড়ি চালকের নাম নাজমুল হক।পুলিশ এই ঘটনার তদন্তে একটি মমমলা লিপিবদ্ধ করেছে।শুক্রবার কুমারঘাট থানার পুলিশ ওই গাড়ি চালককে ঊনকোটি জেলা আদালতে প্রেরণ করে।

## তেলিয়ামুড়ায় পথচারীদের ঠান্ডা পানীয় বিতরণ করলেন বিধায়িকা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২১ এপ্রিল।।** গ্রীস্মের প্রচন্ড দাবদাহে জনজীবন বিপর্যস্ত। প্রকৃতি সাধারণ মানুষজনেদের উপর রুষ্ট। এই দাবদাহ থেকে ক্ষণিকের স্বস্তি দিতে এবার এগিয়ে এলো ভারতীয় জনতা পার্টি তথা বিজেপি তেলিয়ামুড়া মন্ডল, যুবমোর্চা, মহিলামোর্চা।শুক্রবার তেলিয়ামুড়া হাটবারের দিনে বিজেপি মণ্ডল কমিটির পক্ষ থেকে পথ চলতি জনগণ,গাড়ির চালক,পুলিশ সহ সমস্ত অংশের জনগণকে ঠান্ডা পানীয় তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়, সহকারী পৌরপিতা মধুসূদন রায়, মণ্ডলের সহ সভাপতি ও সম্পাদক যথাক্রমে নীতিন কুমার সাহা,নন্দন রায় সহ প্রমুখরা। এদিন কল্যাণী সাহা রায় বলেন,, গ্রীস্মের এই দাবদাহে মানুষ কে কিছুটা স্বস্তি দিতে এই উদ্যোগ যা আগামীদিনেও জারি থাকবে।

## কর্মচারী ফেডারেশনের সাধারণ সম্পাদকের পদত্যাগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** অল ত্রিপুরা এমপ্লয়ীজ ফেডারেশন পোস্ট অফিস চৌমুহনীর সাধারণ সম্পাদক পদ থেকে পদত্যাগ করলেন শ্যামল সাহা। চলতি বছরের ২৬ মার্চ তিনি পদত্যাগ করেন। শুক্রবার আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে একথা জানান তিনি।

শ্যামল সাহা অভিযোগ করেন, ২০ নভেম্বর ২০২২ সালে রবিন্দ্র ভবনে ত্রিপুরা সরকারি কর্মচারী ফেডারেশন, অল ত্রিপুরা এমপ্লয়ীজ ফেডারেশন ও ত্রিপুরা এমপ্লয়িজ অ্যাকশন কমিটির যৌথ ভাবে সম্মেলন হয়। অভিযোগ সেই সম্মেলনে সংগঠনের দুর্দিনের নেতৃত্ব ও সদস্যদের সঙ্গে আলোচনা ছাড়াই অসাংবিধানিক ভাবে নতুন কমিটি ঘোষণা করা হয়। অভিযোগ কিছু কংগ্রেস নেতৃত্বের অঙ্গুলি হেলনে সভাপতি সুশান্ত সেন চৌধুরী পুরনো কমিটি ভেঙ্গে নতুন কমিটি ঘোষণা দিয়েছেন। ত্রিপুরা সরকারি কর্মচারী ফেডারেশনের নতুন সভাপতি করা হয়েছে অবসরপ্রাপ্ত কর্মচারী শান্তিরঞ্জন দেবনাথকে।সম্মেলনে এর প্রতিবাদ জানিয়ে অনেকেই বের হয়ে যান বলে জানান শ্যামল বাবু।

## তেলিয়ামুড়ার বিধায়িকাকে সংবর্ধনা দিল বিদ্যাসাগর শিশুনিকেতন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** ২৮ তেলিয়ামুড়া বিধানসভা কেন্দ্র থেকে দ্বিতীয় বার জয়ী হয়ে বিধায়িকা এবং ত্রিপুরা সরকারের মূখ্য সচেতক হিসাবে নিযুক্ত হওয়ায় পর বিধায়িকা কল্যানী সাহা রায় কে সংবর্ধনা প্রদান করা হচ্ছে বিভিন্ন মাধ্যম থেকে।বিজেপি দলের বিভিন্ন শাখা, সংঘটন থেকে শুরু করে বুথ অফিস গুলো থেকেও সংবর্ধিত করা হচ্ছে। শুক্রবার তেলিয়ামুড়া বিধানসভার ৪৭ নাম্বার বুথের তরফ থেকে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে বিধায়িকা তথা ত্রিপুরা সরকারের মূখ্য সচেতক কল্যানী সাহা রায় কে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। তেলিয়ামুড়া গৌরাঙ্গটিলাস্থিত বিদ্যাসাগর শিশু নিকেতনে অনুষ্ঠিত হয় এই সংবর্ধনা অনুষ্ঠান। এ অনুষ্ঠানে বিধায়িকা ছাড়াও উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পৌর পরিষদের ভাইস চেয়ারম্যান মধুসূদন রায়, তেলিয়ামুড়া পৌর পরিষদের প্রাক্তন চেয়ারম্যান নীতিন কুমার সাহা, বুথের কাউন্সিলর সহ অন্যান্যরা।

## গ্রামীণ সংস্কৃতির ঐতিহ্যের ধারা বহন করে আসছে কুমারীকুণ্ড মেলা ঃ কৃষিমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** মেলা ও উৎসব গ্রামীণ সংস্কৃতির ঐতিহ্য। এই ঐতিহ্যের ধারা বহন করে আসছে কুমারীকুণ্ড মেলা। গতকাল মোহনপুরের গঙ্গাগতিপুরে তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় এবং ছাত্রবৃন্দ জনতা সংঘের উদ্যোগে দু'দিনব্যাপী কুমারীকুণ্ড মেলার উদ্বোধন করে কৃষিমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। মেলার উদ্বোধন করে কৃষিমন্ত্রী বলেন, কুমারীকুণ্ড মেলা আমাদের চিরন্তন সংস্কৃতিকে ধরে রেখেছে। সভ্যতা আধুনিক হলেও পুরাতন ক'ষ্টি, সংস্ক'তিকে ভুলে গেলে চলবে না। তিনি বলেন, হারিয়ে যাওয়া সংস্কৃতিকে ধরে রাখার জন্য রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তর নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

অনুষ্ঠানে ক'ষিমন্ত্রী আরও বলেন, এ ধরণের মেলা ও উৎসব পর্যটন শিল্পের বিকাশেও সহায়ক ভূমিকা নেয়। রাজ্যের ধর্মীয় পর্যটন কেন্দ্রগুলিকে আরও আকর্ষণীয় করে তোলার জন্য সরকার উদ্যোগ নিয়েছে। আমাদের লক্ষ্য এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলা। আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলা। এজন্য দরকার সকলের সহযোগিতা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহকারি অধিকর্তা অমৃত দেববর্মা, সিধাই থানার ওসি জয়ন্ত মালাকার, সমাজসেবী শ্যামল দেবনাথ প্রমুখ। উপস্থিত ছিলেন মোহনপুর প'ায়েত সমিতির চেয়ারম্যান রীনা দেববর্মা, ভাইস চেয়ারম্যান রাকেশ দেব, মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, ভাইস চেয়ারপার্সন শংকর দেব প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন ছাত্রবৃন্দ জনতা সংঘের সভাপতি বিকাশ দাস। কুমারীকুণ্ড মেলা উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে সাংস্ক'তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

## আম্বেদকরের জীবন ও দর্শন এখনও প্রাসঙ্গিক ঃ তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** ড. বি আর আম্বেদকর ছিলেন একজন সমাজ সংস্কারক। আম্বেদকরের জীবন ও দর্শন এখনও প্রাসঙ্গিক। গতকাল নলছড় ব্লকে দশমীঘাট কমিউনিটি হলে সিপাহীজলা জেলাভিত্তিক ড. বি আর আম্বেদকরের ১৩৩তম জন্মজয়ন্তী উদযাপন অনুষ্ঠানের সূচনা করে তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। অনুষ্ঠানে তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী বলেন, বর্তমান প্রজন্মকে আম্বেদকরের ভাবাদর্শে অনুপ্রাণিত হয়ে সমাজের উন্নয়নে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক কিশোর বর্মণ ও আগরতলা রামঠাকুর কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষা চিত্রা পাল। স্বাগত বক্তব্য রাখেন জেলা কল্যাণ আধিকারিক উত্তম আচার্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নলছড় প'ায়েত সমিতির চেয়ারম্যান জহরলাল ঘোষ, সমাজসেবী দেবব্রত ভ-াচার্য প্রমুখ।

## প্রধানমন্ত্রীর সঙ্গে ফোনে কথা ঈশ্বরাপ্পার, প্রবীণ বিজেপি নেতা বললেন উৎসাহ পেয়েছি

বেঙ্গালুরু, ২১ এপ্রিল (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে ফোনে কথা বললেন কর্ণাটকের বিজেপি নেতা ও প্রাক্তন মন্ত্রী কে এস ঈশ্বরাপ্পা। প্রধানমন্ত্রীর সঙ্গে ফোনে কথা বলার পর যথেষ্ট উৎসাহ পেয়েছেন বলে জানিয়েছেন এই নেতা। শুক্রবার একটি ভিডিওতে দেখা যায়, কর্ণাটকের বিজেপি নেতা ও প্রাক্তন মন্ত্রী কে এস ঈশ্বরাপ্পা প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলছেন। বেশ কিছু সময় তাঁদের মধ্যে কথা হয়।

পরে কর্ণাটকের বিজেপি নেতা ও প্রাক্তন মন্ত্রী কে এস ঈশ্বরাপ্পা বলেছেন, আমি ভাবতেই পারিনি প্রধানমন্ত্রী আমাকে ফোন করবেন। শিবমোগা সিটি আসনে জেতার ব্যাপারে আমি উৎসাহ পেলাম। এই আসনে জেতার জন্য আমি সমস্ত প্রচেষ্টা করব। বিজেপিকে কর্ণাটকে পুনরায় জেতানোর জন্য আপ্রাণ চেষ্টা করব। প্রধানমন্ত্রীকে আমি বলেছি, এমন কোনও বিশেষ কিছু আমি করিনি।

## তামিলনাড়ুর কৃষ্ণগিরিতে লাইনচ্যুত মালগাড়ি, রেল পরিষেবা বিঘ্নিত

চেন্নাই, ২১ এপ্রিল (হি.স.): তামিলনাড়ুর কৃষ্ণগিরি জেলায় লাইনচ্যুত হয়ে গেল একটি মালগাড়ি। মালগাড়ি লাইনচ্যুত হওয়ায় প্রভাবিত হয়েছে রেল পরিষেবা। শুক্রবার রেল দুর্ঘটনাটি ঘটেছে বেঙ্গালুরু ডিভিশনের রায়কোট্টাইতে। মালগাড়ি লাইনচ্যুত হওয়ায় দক্ষিণ রেলওয়ে অবিলম্বে চারটি ট্রেন বাতিল করেছে।

কিছু ট্রেন ধর্মপুরী-হোসুর রুটের পরিবর্তে জোলারপেট্টাই-তিরুপ্পাতুর হয়ে ঘুরিয়ে দেওয়া হয়েছে, এমনটাই জানিয়েছেন রেলের এক আধিকারিক। রেল সূত্রের খবর, শুক্রবার তামিলনাড়ুর কৃষ্ণগিরি জেলায় বেঙ্গালুরু ডিভিশনের রায়কোট্টাইতে লাইনচ্যুত হয়ে যায় একটি মালগাড়ি, এর ফলে প্রভাবিত হয়েছে রেল পরিষেবা।

## অভয়নগর বাজার ও আশেপাশের এলাকার সমস্যা দেখলেন পুর মেয়র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** অভয়নগর বাজার ও বাজার সংলগ্ন পুকুর পরিদর্শন করলেন মেয়র দীপক মজুমদার। শুক্রবার মেয়র সহ মেয়র ইন কাউন্সিলের সদস্য হীরালাল দেবনাথ , প্রদীপ চন্দ, বিশিষ্ট সমাজসেবী পাপিয়া দত্ত মিলে বাজারের ব্যবস্থপনা খতিয়ে দেখেন। একই সঙ্গে বাজার সংলগ্ন পুকুরটির বর্তমান অবস্থা সম্পর্কে অবগত হন। এই বাজারের বেশ কিছু সমস্যা রয়েছে। তবে নতুন পুর নিগম গঠিত হওয়ার পর সিদ্ধান্ত নেওয়া হয় শহরের ১০ টি বাজারের উন্নয়ন ঘটানোর। আগে যে ভাবে বাজার গুলি নির্মাণ করা হয়েছে তা সঠিক হয়নি। ক্রেতা স্বচ্ছন্দ্যকে উপেক্ষা করা হয়েছে। বিক্রেতারাও সমস্যায় পড়ছেন। তাই বাজার গুলিকে নতুন করে সাজিয়ে তোলা হচ্ছে বলে পরিদর্শন শেষে জানান মেয়র দীপক মজুমদার। তিনি আরো জানান অভয়নগর বাজারের একটা অংশ বেদখল হয়ে গেছে। তার জন্য সার্ভের কাজ শুরু হয়েছে। সহসাই এই কাজ শেষ হবে। বেড়িয়ে আসবে সঠিক জায়গা।

## সখীচরণ স্কুলে এনএসএসের শিবিরের সমাপ্তি




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২১ এপ্রিল।।** ছাত্র- ছাত্রী- যুবদের মধ্যে ড্রাগসের ভয়াবহতা বেশি। তাই এসব বন্ধ করতে ছাত্র-ছাত্রীদের এগিয়ে এসে পুলিসকে সহযোগিতা করতে হবে। শুক্রবার রাজধানীর সখীচরণ বিদ্যানিকেতনে জাতীয় সেবা প্রকল্পের এক অনুষ্ঠানে একথা বললেন সদরের ভারপ্রাপ্ত মহকুমা পুলিস আধিকারিক আশিস দাশগুপ্ত। জাতীয় সেবা প্রকল্পের সাত দিন ব্যাপী শিবির শুরু হয়েছিল। রক্তদান সহ বিভিন্ন সামাজিক কর্মসূচী নেওয়া হয়েছিল শিবিরে।শুক্রবার এর সমাপ্তি অনুষ্ঠান হয় মাস্টার পাড়া স্থিত গীতাভবনে।উপস্থিত ছিলেন সদরের ভারপ্রাপ্ত মহকুমা পুলিস আধিকারিক আশীষ দাশগুপ্ত, প্রধান শিক্ষক শুভাশিস বিশ্বাস , এন এস এস প্রোগ্রাম অফিসার সহ অন্যরা। এদিন অনুষ্ঠানে দত্তক নেওয়া গ্রামের ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষা সামগ্রী বিলি করা হয়। এদিন এস ডি পি ও-র আহ্বান, ত্রিপুরাকে ড্রাগ মুক্ত করার বার্তা যাতে তারা পড়ুয়ারা সর্বত্র নিয়ে যায়।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।